The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 891 | 10 October 2025 | শুক্রবার ২৫ আশ্বিন ১৪৩২



Ties with India to be on mutual respect : Tarique tells BBC Bangla

→ Page 19

Zohran Mamdani's Odds of Winning NYC Mayoral Race Hit New High

→ Page 18





Andrew Cuomo is trying a little bit of everything to save his bid

→ Page 18

Chief adviser to visit Rome on Oct 12 to join WFP meeting

→ Page 19



# লীগ থেকে সরে গেল ভারত

মাসুদ করিম, মুম্বাই থেকে





আওয়ামী লীগই ভারতের প্রথম পছন্দ। শেখ হাসিনাই তাদের পরম বন্ধু। কিন্তু একমাত্র পছন্দ নয়। দক্ষিণ এশিয়ার বাংলাদেশের বৃহৎ প্রতিবেশি দেশটি নতুন এক বাস্তবতার মুখোমুখি হয়েছে। ভারত দ্বিতীয় পছন্দ হিসাবে বিএনপিকেও আস্থায় নিয়েছে। এমন কি জামায়াতও যদি ক্ষমতায় যায় কিংবা প্রধান বিরোধী দলের আসনে বসে সেই বাস্তবতা মেনে নেবার জন্যেও মানসিক প্রস্তুতি নিচ্ছে দেশটি। 'হর্সেস মাউথ' থেকে এমন উচ্চারণে সবাই একটু নড়েচড়ে বসেছে। ভারতের পররাষ্ট্র সচিব বিক্রম মিশ্রি স্পষ্ট করে বলেছেন, নির্বাচনের পর যে ই শপথ নেবে তার সঙ্গেই কাজ করবে ভারত। তিনি আরও যোগ করেন, সম্পর্কটা হবে ভবিষ্যৎ মুখী। তবে মিশ্রি এও বলেন যে, বাংলাদেশে অবাধ, সুষ্ঠু, অর্ন্তভুক্তিমূলক এবং অংশগ্রহণমূলক নির্বাচন ভারত চায়। বাংলাদেশে নির্বাচনের বৈধতার জন্যে শুধু নয়; বর্হিবিশ্বে এমন কি এই অঞ্চলের বাইরেও বৈধতা পেতে হবে।

ভারত দীর্ঘদিন ধরেই শেখ হাসিনার শাসনকালকে দ্বিপক্ষীয় সম্পর্কের 'সোনালী অধ্যায়' হিসাবে অভিহিত করেছে। সাউথ ব্লকে এখন ভিন্ন সুর। হাজার হোক প্রতিবেশি দেশ। সম্পর্কতো থাকতে হবে। বেগম খালেদা জিয়ার সময়েও সম্পর্ক ভালই ছিলো। অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস অর্ন্তবর্তি সরকারের প্রধান হবার আগে বিভিন্ন সময়ে ভারত সফর করেন। ওই সময়ে ভারতের পার্লামেন্টে তিনি ভাষণও দিয়েছেন। তার প্রতিষ্ঠিত ক্ষুদ্রঋণ ভারতে বেশ আগ্রহের সৃষ্টি করেছিলো। তারপরও এখন সম্পর্কটা কেন খারাপ হয়ে গেছে এই নিয়ে গবেষণা করছে ভারতের বিভিন্ন সংস্থা ও ব্যক্তি। বাংলাদেশে সবাই একটা কারণেই একবাক্যে উচ্চারণ করে আর সেটা হলো, ভারত এরপর ৪২ পৃষ্ঠায়



## ডিসেম্বরে তুষারে ঢুবতে পারে বাফেলো
# প্রবাসী বাংলাদেশিরা উদ্বিগ্ন

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটি এই শীত মৌসুমে আগের চেয়ে বেশি তুষারপাতের মুখোমুখি হতে পাওে এ বছর। আকিউওয়েদারের প্রধান আবহাওয়াবিদ পল পাস্তেলোকের উদ্ধৃতি দিয়ে গত ৪ অক্টোবর এরপর ২৭ পৃষ্ঠায়

# কমিউনিটির রেস্টুরেন্ট ব্যবসায় অস্থিরতা
## খলিল, সানাই ও মামা'স বিক্রি




আজকাল রিপোর্ট

নিউইয়র্কে বাঙালি অধ্যুষিত জ্যাকসন হাইটস, ব্রঙ্কস, জ্যামাইকায় রেস্টুরেন্ট মালিকরা তাদের ব্যবসা নিয়ে অস্থিরতার মধ্যে এরপর ৪১ পৃষ্ঠায়

# ফাহাদ জেবিবিএ'র কেউ নন

আজকাল রিপোর্ট

ফাহাদ সোলায়মান জ্যাকসন হাইটস বিজনেস এসোসিশেনের নির্বাচিত প্রতিনিধি ও সাধারণ সম্পাদক নন। নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচনে তিনি নিজেকে ব্যবসায়ী নেতা হিসেবে যেভাবে দাবি করছেন তা নীতি বহির্ভূত। মামদানির প্রতি প্রবাসী বাংলাদেশিদের এরপর ৪২ পৃষ্ঠায়

# মামদানির জন্য বাংলাদেশী ব্যবসায়ীরা

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটির আসন্ন নির্বাচনে মেয়র পদপ্রার্থী জোহরান মামদানিকে সমর্থন জানিয়েছে জ্যাকসন হাইটসের বাংলাদেশী ব্যবসায়ী, কমিউনিটি এক্টিভিস্ট ও সাধারণ মানুষ। এ বিষয়ে গত ৮ অক্টোবর মামদানিকে সমর্থন জানিয়ে তার জন্য ভোট চেয়ে এক অনুষ্ঠানের এরপর ৪২ পৃষ্ঠায়



আরবি শিখুন, বাচ্চাদের শেখান
Contact Us
আপনার জন্য থাকবে একজন একান্ত নিবেদিত শিক্ষক, যিনি কেবল আপনাকেই শেখাবেন। বাংলা বা ইংরেজিতে শিখতে পারবেন। সন্তুষ্টি গ্যারান্টি ও সাশ্রয়ী মাসিক ফি।
যোগাযোগ: (646) 400-0786
TWO FREE SESSIONS!

Real Estate
New York, Dubai & Dhaka
Mijan Rahman
Chairman & CEO
Mijan Real Estate Limited
Mijan Multi Services Inc.
Mijan Home Care Inc.
Mijan Travel Inc.
M&F Trading Inc.
ঢাকার বসুন্ধরা, পূর্বাচল, উত্তরা, ধানমন্ডি, বনানী, গুলশানে বাড়ি, প্লট ও ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন।
+1 917-631-5050 RealtorMijan@gmail.com

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদান $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave,Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312066

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite# 1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
Moin Choudhury
Attorney at Law
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
Uber lyft NYC TAXI
RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight
Health System
Anthem.
Hamaspik
MANAGED CARE
MetroPlusHealth
S W H
Senior Whole Health.
FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT
MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416



আজাদুর রহমান চন্দন-এর কলাম ভোট ও বিপ্লব-চিন্তায় কুহেলিকা কাটুক
১০ পৃষ্ঠায়



আলম রায়হান-এর কলাম সুসংবাদের জন্য অধীর অপেক্ষা
০৫ পৃষ্ঠায়



সানিয়া গান্ধী-এর কলাম ফিলিস্তিন নিয়ে ভারতকে চুপ থাকলে চলবে না
১২ পৃষ্ঠায়





# মেয়র প্রার্থী এন্ড্রু কোমোকে জ্যাকসন হাইটসবাসীর সমর্থন

আজকাল রিপোর্ট

আসন্ন নিউইয়র্ক সিটি নির্বাচনে মেয়র পদপ্রার্থী সাবেক গভর্নর এন্ড্রু কুমোকে উষ্ণ অভ্যর্থনা দিয়েছে জ্যাকসন হাইটসের দক্ষিণ এশীয় কমিউনিটি। নির্বাচনের ১ মাস আগে নিয়মিত প্রচারণার অংশ হিসেবে ৩ অক্টোবর জ্যাকসন হাইটসে ভোট চাইতে আসেন কুমো। এ সময় তিনি বাংলাদেশী ও দক্ষীণ এশিয়ান বিজনেস ডিস্ট্রিক্ট মিনি বাংলাদেশ জ্যাকসনহাইটস প্রদক্ষিণ করেন এবং ভোটারদের সঙ্গে কুশল বিনিময় করেন। ঘুরে ঘুরে যখন তিনি ব্যবসায়ীদের সাথে সাক্ষাৎ করেন, ব্যবসায়ী, গ্রাহক ও পথচারীরা তাঁকে এরপর ২৮ পৃষ্ঠায়

# 'কাফিস'র ডোনার অ্যাপ্রিসিয়েশন ডিনার পার্টি অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

পবিত্র কোরআনের আলোকে জীবন গড়ায় উত্তর আমেরিকায় বিশেষ ভূমিকা রাখছে মুসলিম উম্মাহ অব নর্থ আমেরিকা-মুনা। এর অংশ হিসেবে ইসলামিক নেতৃত্ব গড়ে তুলতে মুনা বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে। এজন্য প্রতিষ্ঠা করা হয়েছে 'কুরআন একাডেমী ফর ইয়ং স্কলার্স' (কাফিস)। সম্প্রতি কাফিসের দাতাদের সম্মানে 'ডোনার অ্যাপ্রিসিয়েশন ডিনার' পার্টির আয়োজন করা হয়। গত ৪ অক্টোবর শনিবার সন্ধ্যায় একাডেমী ভবনে আয়োজিত এ ডিনার পার্টিতে কাফিস প্রতিষ্ঠার প্রেক্ষাপট, পরিকল্পনা আর ভবিষ্যত কর্মসূচী স্লাইড শো'র মাধ্যমে তুলে ধরেন মুনা'র সাবেক ন্যাশনাল প্রেসিডেন্ট ও কাফিস'র জ্যামাইকা শাখার ট্রাস্টিবোর্ডের চেয়ারম্যান হারুন-অর রশীদ। একাডেমীটি প্রতিষ্ঠায় সবার অব্যাহত সহযোগিতা কামনা করে বক্তব্য রাখেন মুনা'র ন্যাশনাল এরপর ২৪ পৃষ্ঠায়

# বাংলাদেশ সোসাইটিকে নোয়াখালী সোসাইটির ২ লক্ষাধিক ডলার হস্তান্তর

আজকাল রিপোর্ট



বৃহত্তর নোয়াখালি সোসাইটির পক্ষ থেকে বাংলাদেশ সোসাইটিকে অর্থ ফেরত দেওয়া হয়েছে। বাংলাদেশ সোসাইটির সভাপতি আব্দুর রব মিয়া এবং সাধারণ সম্পাদক রুহুল আমিন সিদ্দিকীর নেতৃত্বাধীন কমিটি দায়িত্ব হস্তান্তরের আগে বৃহত্তর নোয়াখালী সোসাইটির আওয়তাধীন বাংলাদেশ সেমিট্রি থেকে ২ লাখ ৪০ হাজার ডলারের কবর ক্রয় করা হয়েছিল। যদিও আব্দুর রব মিয়া এবং রুহুল আমিন সিদ্দিকীর নেতৃত্বাধীন কমিটি প্রতিশ্রুতি দিয়েছিলেন তারা বাংলাদেশ সেমিট্রি থেকে এক হাজার কবর ক্রয় করবেন। এ নিয়ে তৎকালীন কার্যকরি কমিটির সভায় রেজ্যুলেশনও পাস করিয়েছিলেন। সবার সিদ্ধান্ত ছিল বাংলাদেশ সেমিট্রি থেকে ১ হাজার কবর ক্রয় করা হবে। এরই মধ্যে বাংলাদেশ সোসাইটির নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে রুহুল- জাহিদ পরিষদ পরাজিত হয় এবং সেলিম-আলী পরিষদ জয়লাভ করে। তাতেই নতুন সমস্যা তৈরি হয়। সভাপতি আতাউর রহমান সেলিম এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ আলীর নেতৃত্বাধীন কমিটিস জয়লাভ করে। আব্দুর রব মিয়া এবং রুহুল আমিন সিদ্দিকীর নেতৃত্বাধীন কমিটি তাদের রেজ্যুলেশন অনুযায়ী কবর ক্রয় বাবদ বাংলাদেশ সেমিট্রির নামে ২ লাখ ৪০ হাজার ডলারের চেক দেয়। যদিও এই চেকের আগেই বাংলাদেশ সেমিট্রির জমি ক্রয় করা হয়। সেই সংক্রান্ত কাগজও বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম এবং ট্রাস্টি বোর্ডের সদস্য আতোয়ারুল আলমকে দেওয়া হয়। অভিযোগ অনুষ্ঠানের ঠিক আগে কেন কবর ক্রয়ের চেক দেওয়া হলো তা নিয়ে সেলিম-আলীর নেতৃত্বাধীন কমিটির মধ্যে চরম ক্ষোভ দেখা যায়। এ নিয়ে টানা এরপর ২৪ পৃষ্ঠায়



# আটলান্টিক সিটি স্কুল বোর্ড নির্বাচনে লড়ছেন সুব্রত চৌধুরী

আজকাল রিপোর্ট

আগামী চার নভেম্বর, অনুষ্ঠেয় নিউজার্সি অঙ্গরাজ্যের আটলান্টিক সিটির স্কুল বোর্ড নির্বাচনে তৃতীয় মেয়াদের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছেন বাংলাদেশি-আমেরিকান সুব্রত চৌধুরী। বর্তমানে তিনি আটলান্টিক সিটি স্কুল বোর্ডের নির্বাচিত সদস্য হিসাবে দায়িত্ব পালন করছেন। তিন বছর মেয়াদী আটলান্টিক সিটি স্কুল বোর্ড এর এরপর ২৪ পৃষ্ঠায়




# আনজুমানে আল ইসলাহ'র কাউন্সিল সম্পন্ন

আজকাল রিপোর্ট

আনজুমানে আল ইসলাহ ইউএসএ-এর ২০২৫-২০২৮ সেশনের সেন্ট্রাল কমিটির কাউন্সিল অধিবেশন গত ৫ অক্টোবর নিউইয়র্কস্থ ফুলতলী ইসলামিক সেন্টারে অনুষ্ঠিত হয়। এতে মাওলানা মুহাম্মদ আব্দুন নূরকে সভাপতি এবং মাওলানা শাব্বির আহমদকে সাধারণ সম্পাদক করে ২৩ সদস্যবিশিষ্ট সেন্ট্রাল কমিটি গঠন করা হয়। সংগঠনের স্থায়ি কমিটির সভাপতি ও কাউন্সিল অধিবেশনের প্রধান নির্বাচন কমিশনারআল্লামা মঈন উদ্দিন সাহেবের সার্বিক তত্ত্বাবধানে ও স'য়ী কমিটির সেক্রেটারি প্রিন্সিপাল মাও. মুহাম্মদ আব্দুন নূর এরপর ৫০ পৃষ্ঠায়



# প্রবাসী সুরক্ষা আইন বাস্তবায়ন কমিটির পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা

আজকাল রিপোর্ট

বিশ্বের বিভিন্ন দেশে বসবাসকারী প্রায় দেড় কোটি প্রবাসীর বিভিন্ন সমস্যা নিয়ে কাজ করার অঙ্গিকার নিয়ে গত গঠিত হয় প্রবাসী সুরক্ষা আইন বাস্তবায়ন কমিটি। ২০২৩ সালের ফেব্রুয়ারিতে গঠিত হওয়ার আড়াই বছর পর সংগঠনটির পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়েছে। গত ২৮ শে সেপ্টেম্বর জামাইকা একটি রেস্টুরেন্টে সভাপতি এরপর ৫০ পৃষ্ঠায়



# সোসাইটির সাবেক নেতৃবৃন্দের বিশেষ সভা অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

বাংলাদেশ সোসাইটির সাবেক নেতৃবৃন্দের বিশেষ সভা গত ৬ অক্টোবর জ্যামাইকার একটি রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সাবেক নেতৃবৃন্দের মিলনমেলা- ২০২৫ এর আহবায়ক ডা. ওয়াদুদ ভূঁইয়া। সভা পরিচালনা করেন সদস্য সচিব বাবুল চৌধুরী ও সহযোগিতা করেন প্রধান সমন্বয়ক মোহাম্মদ জামান তপন। সভায় গত ২৪ আগস্ট লাগার্ডিয়া মেরিয়টে অনুষ্ঠিত মিলনমেলায় আয়-ব্যায়ের হিসাব প্রকাশ করা হয়। কোষাধ্যক্ষ একেএম নুরুল হক চূড়ান্ত হিসাব দেন। মিলনমেলা ২২০ জনের জন্য এরপর ২৪ পৃষ্ঠায়


GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

Call: 718-263-5999

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

# NY INSURANCE BROKERAGE INC

NYI NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

## NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

## সম্পাদকীয়

# সহিংসপ্রবণতা রুখতে হবে

বাংলাদেশের বর্তমান সময়ে এক ভয়ংকর সামাজিক ব্যাধি দৃশ্যমান হয়ে উঠেছে, যা সমাজ, রাষ্ট্র এবং মানবতার ভিত্তিকে কাঁপিয়ে দিচ্ছে। এটি আইনশৃঙ্খলার ভয়াবহ ব্যর্থতার প্রতীক। আমাদের সমাজে আজ 'জনতা' নামের এক উন্মাদ শক্তির উত্থান ঘটেছে, যারা নিজেদের হাতে আইন তুলে নিচ্ছে, মানুষকে প্রকাশ্যে নির্যাতন ও হত্যা করছে এবং মানবিকতার সব সীমা অতিক্রম করছে।

'মব' এখন সামাজিক জীবনের এক বিভীষিকাময় বাস্তবতা। উচ্ছৃঙ্খল জনতার একটি দল, যারা কখনো প্রতিশোধপরায়ণ হয়ে, কখনো গুজবের প্রভাবে, আবার কখনো রাজনৈতিক ইন্ধনে খুন, চাঁদাবাজি, প্রকাশ্যে মারধর এবং ধ্বংসাত্মক কাজে লিপ্ত হচ্ছে, যা রাষ্ট্রের জন্য এক মারাত্মক হুমকি। রাজনৈতিক অস্থিরতা, দুর্বল বিচারব্যবস্থা এবং প্রশাসনের নীরবতা এ শক্তিকে আরও বেপরোয়া করেছে। ন্যায়বিচার না পেয়ে মানুষ নিজেরাই আইন হাতে তুলছে, যার ফল হচ্ছে অমানবিক সহিংসতা এবং নিরীহ মানুষের প্রাণহানি।

বাংলাদেশের ইতিহাসে রাজনৈতিক অস্থিতিশীলতা নতুন কিছু নয়। স্বাধীনতার পর থেকে প্রতিটি সময়েই রাজনৈতিক অস্থিরতা কোনো না কোনোভাবে বিদ্যমান ছিল। কিন্তু সাম্প্রতিককালে এ অস্থিরতা এক ভিন্ন চেহারা ধারণ করেছে। আইনশৃঙ্খলা বাহিনীর প্রতি জনগণের আস্থাহীনতা এবং বিচারব্যবস্থার দীর্ঘসূত্রতা জনতার উত্থানকে উৎসাহিত করেছে। জুলাই অভ্যুত্থানের সুযোগে এক নতুন শক্তির আবির্ভাব ঘটে, যারা নিজেদের 'জনতা' নামে পরিচিত করে। এ জনতা নিজেদের হাতে আইন তুলে নিয়ে নির্বিচারে হত্যা শুরু করে।

> এ পরিস্থিতি একটি মারাত্মক সাইবার-ঝুঁকি তৈরি করছে। বর্তমানে দেশের সাধারণ মানুষ এক ধরনের স্থায়ী নিরাপত্তাহীনতার মধ্যে বাস করছে। যে কোনো সময় কোনো মিথ্যা অভিযোগে বা গুজবের প্রভাবে একজন মানুষ জনতার হাতে প্রাণ হারাতে পারে

কোনো সন্দেহভাজনকে ধরার পর তাকে পুলিশে না দিয়ে গাছের সঙ্গে বেঁধে প্রকাশ্যে পেটানো হয়। হাতুড়ি দিয়ে তার হাত-পা ভেঙে দেওয়া হয় এবং সেই ভয়াবহ দৃশ্য মানুষজন আনন্দের সঙ্গে উপভোগ করে। অনেকে আবার মোবাইল ক্যামেরায় ভিডিও ধারণ করে লাইভ প্রচার করে। এমন দৃশ্য যেন একটি উৎসবের রূপ নেয়। এসব ঘটনা প্রমাণ করে, সমাজে মানবিকতা ক্রমেই বিলীন হচ্ছে। মানুষকে বিচার করার একমাত্র বৈধ পদ্ধতি হলো আইন-আদালত, কিন্তু আজ সেই বিচার হচ্ছে রাস্তায়, জনতার হাতে।

এ পরিস্থিতি এক গভীর সামাজিক অবক্ষয়ের ইঙ্গিত দেয়, যেখানে ব্যক্তি ও গোষ্ঠী আইনকে নিজেদের হাতে তুলে নিচ্ছে। আইনপ্রয়োগকারী সংস্থা এবং বিচারব্যবস্থার ওপর জনগণের আস্থার অভাব এ ধরনের ঘটনা বাড়াচ্ছে। যখন উন্মত্ত জনতা সহিংসভাবে নিজেদের রায় কার্যকর করে, তখন তা শুধু একজন ব্যক্তির প্রতি অবিচার নয়, বরং পুরো আইনি কাঠামোকেই দুর্বল করে তোলে।

মানবাধিকার সংস্থা আসক (অ্যাসোসিয়েশন ফর সোশ্যাল অ্যান্ড কালচারাল সাপোর্ট)-এর সর্বশেষ প্রতিবেদনে জনতার উন্মাদনার ভয়াবহ চিত্র উঠে এসেছে। ২০২৪ সালের আগস্ট থেকে ২০২৫ সালের জুলাই পর্যন্ত জনতার হাতে ১৯৯ জন মানুষ নিহত হয়েছে। এ বছরের জানুয়ারি থেকে ১০ আগস্ট পর্যন্ত নিহতের সংখ্যা দাঁড়িয়েছে ৩১০ জনে।

২০২৪ সালের মাসভিত্তিক তথ্য অনুযায়ী, আগস্টে ২১, সেপ্টেম্বরে ২৮, অক্টোবরে ১৯, নভেম্বরে ১৪ ও ডিসেম্বরে ১৪ জন মানুষ জনতার হাতে নিহত হয় এবং ২০২৫ সালের জানুয়ারি থেকে জুলাই পর্যন্ত-জানুয়ারিতে ১৬, ফেব্রুয়ারিতে ১১, মার্চে ২০, এপ্রিলে ১৮, মে মাসে ১৩, জুনে ১১ ও জুলাই মাসে ১৪ জন নিহত হয়েছে। তথ্যগুলো শুধু পরিসংখ্যান নয়, এটি রাষ্ট্রের অকার্যকারিতা এবং জনতার উন্মাদনার ভয়াবহতার প্রমাণ।

কয়েক মাসে বিভিন্ন স্থানে বেশ কয়েকটি মর্মান্তিক ঘটনা ঘটেছে। রংপুরের তারাগঞ্জ উপজেলায় চোর সন্দেহে দুই ব্যক্তিকে পিটিয়ে হত্যা করা হয়। নিহতদের মধ্যে একজন রিকশাচালক, আরেকজন দিনমজুর। এর আগে ঢাকার মোহাম্মদপুরে ছিনতাইকারী সন্দেহে গণপিটুনিতে এক তরুণ নিহত হন। মানবাধিকার সংস্থাগুলোর তথ্যমতে, এক মাসে অন্তত ২০ জনের বেশি মানুষ গণপিটুনির শিকার হয়েছে। এসব ঘটনা প্রমাণ করে, আইনের শাসন প্রতিষ্ঠা না হলে এবং সন্দেহভাজনদের বিচারের জন্য পুলিশের হাতে তুলে না দিলে এ ধরনের নৃশংসতা বাড়তেই থাকবে।

এ দৃশ্যগুলো সামাজিক যোগাযোগমাধ্যমে দ্রুত ছড়িয়ে পড়ছে। এর ফলে আরও নতুন গুজব তৈরি হচ্ছে এবং জনতা উত্তেজিত হয়ে নতুন সহিংসতার দিকে ঝুঁকছে। এ পরিস্থিতি একটি মারাত্মক সাইবার-ঝুঁকি তৈরি করছে। বর্তমানে দেশের সাধারণ মানুষ এক ধরনের স্থায়ী নিরাপত্তাহীনতার মধ্যে বাস করছে। যে কোনো সময় কোনো মিথ্যা অভিযোগে বা গুজবের প্রভাবে একজন মানুষ জনতার হাতে প্রাণ হারাতে পারে।

# ট্রাম্প তাঁর ভূ-অর্থনৈতিক যুদ্ধে হেরে যাচ্ছেন

### হ্যারল্ড জেমস



আমরা এমন এক সময়ের মধ্য দিয়ে যাচ্ছি, যখন বিশ্বরাজনীতির ভারসাম্য বদলে যাচ্ছে। অনেক দেশ এখন নিজেদের ভূরাজনৈতিক অবস্থানকে 'অস্ত্র' হিসেবে ব্যবহার করার কৌশল শিখছে। রাশিয়া ও চীন এই খেলায় কিছুটা সফল হয়েছে। কিন্তু যুক্তরাষ্ট্র এই খেলা খেলতে গিয়ে উল্টো নিজের বিপদ ডেকে আনছে।

রাশিয়া মনে করেছিল, ইউরোপ যেহেতু তার জ্বালানির ওপর নির্ভর করে, সেহেতু তারা রাশিয়ার ইউক্রেন আক্রমণ মেনে নিতে বাধ্য হবে। এ ধারণা আংশিকভাবে সঠিকও ছিল, কারণ ইউরোপ এখনো রুশ তেল ও গ্যাসের ওপর নির্ভরতা থেকে পুরোপুরি বেরিয়ে আসতে পারেনি।

তা ছাড়া জ্বালানি-বাণিজ্যই এখন রাশিয়ার সঙ্গে ভারত ও চীনের সম্পর্ক দৃঢ় করার মূল ভিত্তি হয়ে উঠেছে। আর এই জ্বালানি-বাণিজ্যই নতুন এক আমেরিকান জোটবিরোধী অর্থনৈতিক ভিত তৈরি করছে।

চীনও সমান শক্ত অবস্থানে আছে। কারণ, বিশ্বের গুরুত্বপূর্ণ কাঁচামাল, বিশেষ করে রেয়ার আর্থ বা দুষ্প্রাপ্য খনিজ এবং অন্যান্য ক্রিটিক্যাল মিনারেলস উৎপাদন ও প্রক্রিয়াকরণের নিয়ন্ত্রণ প্রায় পুরোপুরি চীনের হাতে।

গ্যালিয়াম ও জার্মেনিয়াম শুধু সবুজ জ্বালানিপ্রযুক্তির জন্য নয়, এলইডি, ফাইবার অপটিকস ও উচ্চ ক্ষমতার ইলেকট্রনিক যন্ত্রপাতি তৈরিতেও অপরিহার্য। আবার অ্যান্টিমোনি (যার বেশির ভাগই চীন থেকে আসে) উড়োজাহাজের সামরিক সরঞ্জাম ও অগ্নিনিরোধক হিসেবে ব্যবহৃত হয়।

গত এপ্রিল মাসে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প 'লিবারেশন ডে' নামে পরিচিত নতুন শুল্ক আরোপের ঘোষণা দেওয়ার পর চীন সাতটি অতিরিক্ত রেয়ার আর্থের রপ্তানিতে নিষেধাজ্ঞা দিয়েছে। এগুলো হলো, সামারিয়াম, গ্যাডোলিনিয়াম, টারবিয়াম, ডিসপ্রোসিয়াম, লুটেটিয়াম, স্ক্যান্ডিয়াম ও ইট্রিয়াম।

আগে এদের কৌশলগত গুরুত্ব সম্পর্কে তেমন ধারণা না থাকলেও এখন যুক্তরাষ্ট্র তার ভুল বুঝতে পারছে। এ কারণে যুক্তরাষ্ট্রকে দ্রুত একাধিক ফ্রন্টে বাণিজ্যযুদ্ধে পিছু হটতে হয়েছে।

এবার যুক্তরাষ্ট্রও রাশিয়া ও চীনের মতো কৌশল নকল করার চেষ্টা করছে। এর অংশ হিসেবে তারা নিজেদের জ্বালানি উৎপাদন বাড়াচ্ছে এবং তারা রেয়ার আর্থের উৎপাদন বাড়াতে সরকারি অর্থ ঢালছে। কিন্তু দুটি উদ্যোগই জটিল সমস্যায় ভুগছে।

আন্তর্জাতিক মুদ্রার ইতিহাসে দেখা গেছে, কোনো মুদ্রার আধিপত্য কখনোই স্থায়ী নয়। যেমন দ্য ইকোনমিস্টের সম্পাদক ওয়াল্টার বাজেট উনিশ শতকে বলেছিলেন, ব্রিটেনের অর্থব্যবস্থা ছিল 'অর্থনৈতিক শক্তি ও ভঙ্গুরতার এক অভূতপূর্ব সংমিশ্রণ'। আজ সে কথা ডলারের ক্ষেত্রেও হুবহু প্রযোজ্য।

স্বল্প মেয়াদে তেল ও গ্যাস উৎপাদন বাড়লেও দীর্ঘ মেয়াদে নতুন খনন ও পাইপলাইন বিনিয়োগ লাগবে। কিন্তু যেহেতু নন-কার্বন এনার্জির খরচ দ্রুত কমছে, তাই কোম্পানিগুলো ফসিল জ্বালানিতে বড় বিনিয়োগ করতে আগ্রহী নয়। ফলে যুক্তরাষ্ট্রের এই তৎপরতা দীর্ঘস্থায়ী নয়, বরং ক্ষণস্থায়ী এক উত্থান হবে।

> তবে ট্রাম্প একজন অধৈর্য নেতা। তিনি দ্রুত ফল চান এবং পরাজয় সহ্য করতে পারেন না। কিন্তু যুক্তরাষ্ট্র যতই মেধাবী ও সৃজনশীল হোক না কেন, ট্রাম্প এমন এক অর্থনৈতিক যুদ্ধ শুরু করেছেন, যেখানে তাঁর জেতার সম্ভাবনা প্রায় নেই। ডলারের বৈশ্বিক আধিপত্যের ওপর যে ক্রমবর্ধমান ঝুঁকি রয়েছে, শেষ পর্যন্ত সেটিই ট্রাম্পের পরাজয় নিশ্চিত করবে

কিন্তু কথা হলো, রেয়ার আর্থ উৎপাদন তুলনামূলকভাবে সম্ভব, কিন্তু তাতে সময় লাগবে। ষাট থেকে নব্বইয়ের দশকের মধ্যে ক্যালিফোর্নিয়ার মাউন্টেন পাস খনি ছিল বিশ্বের অন্যতম প্রধান উৎস। কিন্তু পরবর্তী সময়ে যুক্তরাষ্ট্রে এই খাতের বিনিয়োগকারীরা একের পর এক দেউলিয়া হয়েছেন।

২০১৭ সালে প্রতিষ্ঠিত নতুন মার্কিন কোম্পানি এমপি ম্যাটেরিয়ালস কিছুটা ভিন্ন পথে হেঁটেছে। তারা মার্কিন প্রতিরক্ষা দপ্তরকে ৪০ কোটি ডলারের শেয়ার দিয়েছে এবং খননকৃত উপকরণ কেনার নিশ্চয়তা দিয়েছে। কিন্তু এই 'ট্রাম্পীয় রাষ্ট্রীয় পুঁজিবাদ' দেউলিয়াত্ব রোধ করতে পারলেও অলৌকিক কিছু ঘটাতে পারবে বলে মনে হয় না। টেন এক্স ক্যাসিলিটি নামের তাদের প্রধান প্রকল্প ২০২৮ সালের আগে উৎপাদন শুরু করতে পারবে না।

ফলে ট্রাম্প প্রশাসন এখন এমন কিছু করতে চাইছে, যার ফল পাওয়া যাবে তাড়াতাড়ি। আর সে কারণেই তারা ডলারের ব্যবহারকে অস্ত্র হিসেবে কাজে লাগাতে চেয়েছে।

ষাটের দশকে ফ্রান্সের অর্থমন্ত্রী ভ্যালেরি জিসকার দেস্তাঁ বলেছিলেন, বিশ্বের প্রধান মুদ্রা হিসেবে ডলারের অবস্থান যুক্তরাষ্ট্রকে 'অতিরিক্ত সুবিধা' দিয়েছে। এখন ট্রাম্প মনে হচ্ছে, এই সুবিধার সীমা পরীক্ষা করতে চাইছেন। যদিও একই সঙ্গে তিনি ফেডারেল রিজার্ভের স্বাধীনতাকে হুমকির মুখে ফেলছেন, যা ডলারের অবস্থানকে অনেক দুর্বল

এরপর ২০ পৃষ্ঠায়

# সুসংবাদের জন্য অধীর অপেক্ষা

### আলম রায়হান

জনপ্রিয় মার্কিন অভিনেত্রী এলিজাবেথ ব্যাঙ্কস 'হাঙ্গার গেমস', 'চার্লিস অ্যাঞ্জেলস'-এর মতো বেশ কয়েকটি চলচ্চিত্রে অভিনয় করেছেন। তিনি যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব পেনসিলভানিয়ার ছাত্রী ছিলেন। নিজ বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন বক্তা হিসেবে খুবই গভীরের কথা বলেছেন মার্কিন এই অভিনেত্রী। সে প্রসঙ্গে শেষদিকে আসছি। শুরুতে গণমাধ্যমে প্রকাশিত কয়েকটি খবর প্রসঙ্গে আসা যাক। ১ অক্টোবর প্রকাশিত খবর, রাজধানীর একটি বস্তিতে অভিযান শেষে ফেরার পথে মাদক কারবারিদের হামলায় মুগদা থানা পুলিশের উপপরিদর্শক (এসআই) মো. রাসেল আহত হয়েছেন। মাথায় বাঁশের আঘাতে তিনি অজ্ঞান হয়ে যান। একই দিন বিএনপি নেতা ইঞ্জিনিয়ার ইশরাক হোসেন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) নির্বাচন ইস্যুতে বলেছেন, মুখ খুললে অনেকের প্যান্ট খুলে যাওয়ার পরিস্থিতি হতে পারে। এর আগে ৩০ সেপ্টেম্বর প্রকাশিত খবর, ৮ থেকে ১০ জন সন্ত্রাসী দেশীয় অস্ত্র ও ইটপাটকেল নিয়ে চায়ের দোকানে অপেক্ষমাণ র‍্যাব সদস্যদের ওপর হামলা করে শীর্ষ সন্ত্রাসী সাহেব আলী ও তার সহযোগীকে ছিনিয়ে নিয়েছে। একই দিন অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ বলেছেন, ৫ আগস্টের পর দেশে চাঁদাবাজি বেড়েছে। আগে যেখানে এক টাকা চাঁদা নেওয়া হতো, এখন দেড় থেকে দুই টাকা নেওয়া হচ্ছে। সরকার চাঁদাবাজদের সিন্ডিকেট ভাঙার চেষ্টা করেও, তা ভাঙতে পারেনি। একই দিন প্রকাশিত খবর, ঝিনাইদহের মহেশপুরে ক্লিনিকের ৬৫ হাজার টাকার বিল পরিশোধের জন্য সদ্যোজাত সন্তানকে 'দত্তক' হিসেবে অন্যের হাতে তুলে দিয়েছেন মা সুমাইয়া খাতুন। এ ঘটনার তিন দিনের মাথায় প্রকাশিত খবর, ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগর উপজেলার বুড়িশ্বর ইউনিয়নে অভাবের তাড়নায় ৫০ হাজার টাকায় এক ছেলে সন্তানকে বিক্রি করেছেন মারুফা-লালন দম্পতি। এর আগেও আরেকটি সন্তানকে জন্মের পরই ৪৫ হাজার টাকায় বিক্রি করেছেন এই দম্পতি।



প্রতিদিনের নানা দুঃসংবাদের উল্লিখিত কয়েকটি নমুনা সিন্ধুতে বিন্দুর বেশি নয়। তবুও এ থেকে নিশ্চয়ই সামগ্রিক বাস্তবতা সম্পর্কে একটি চিত্র ফুটে ওঠে, যা মোটেই প্রত্যাশিত নয়। আর ৫ আগস্টের পর যে প্রত্যাশা সৃষ্টি হয়েছিল, তার সঙ্গে তো মোটেই যায় না; কিন্তু এসবই চলছে। সবচেয়ে হতাশার বিষয় হচ্ছে, এর কোনোটি নিয়েই সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তেমন চিন্তিত বলে মনে হয় না। কিন্তু আমজনতা খুবই চিন্তিত, নানা প্রশ্ন উঠছে জনমনে। যেমন বলা হচ্ছে, মাদকের আসামি ধরার পর পুলিশ কর্মকর্তার মাথায় বাঁশের আঘাত করে অজ্ঞান করে ফেলার সাহসের উৎস কী। এ ঘটনার পরও কি কর্তৃপক্ষ মাদক আগ্রাসনের সামগ্রিক পরিস্থিতি অনুধাবন করতে পেরেছে? নাকি ব্রাজিলের মতো মাদক চক্র আর সেনাবাহিনীর মধ্যে বন্দুকযুদ্ধ হওয়ার আগপর্যন্ত বিষয়টি ধর্তব্যের মধ্যে না নেওয়ার পণ করেছেন আমাদের দণ্ডমুণ্ডের কর্তারা! যেমন প্রশ্নে উত্তর খোঁজা প্রয়োজন, আটককৃত শীর্ষ সন্ত্রাসী ও তার সহযোগীকে নিয়ে র‍্যাব কেন চায়ের দোকানে অপেক্ষা করছিল। এ সিদ্ধান্ত কার। একি র‍্যাব-১১-এর অধিনায়কের, নাকি যিনি অভিযানের নেতৃত্বে ছিলেন তার বুদ্ধিমত্তার অভাবের খেসারত? কাউকে আটক করার পর দ্রুত ঘটনাস্থল ত্যাগ করা তো সাধারণ নিয়ম। এ নিয়ম মানা হয়নি কেন? নাকি কোনো দেনদরবার চলছিল! আর বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) নির্বাচন ইস্যুতে ইশরাক হোসেন মুখ আংশিক খুলে চেপে গেলেন কী কারণে? পুরোটা বলতে তার অসুবিধা কোথায়! নাকি যতটুকু বললে নিজের প্রাপ্তি নিশ্চিত হয়, ততটুকুই বলেছেন। নাকি পুরোটা বললে অন্যের প্যান্ট খুলে যাওয়ার বদলে তার নিজেরই 'প্যান্ট খুলে' যাওয়ার ভয় আছে। বলা কঠিন, তবে বিষয়টি উদ্বেগের! এদিকে সবচেয়ে উদ্বেগের চিত্র ফুটে উঠেছে অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদের জবানিতে। তার ভাষ্যমতে, 'আগে যেখানে এক টাকা চাঁদা নেওয়া হতো, এখন দেড় থেকে দুই টাকা নেওয়া হচ্ছে।' সাধারণভাবে ধারণা করা চলে, অর্থ উপদেষ্টা বাড়িয়ে কথা বলেননি। এর কারণ দুটি। এক. তিনি অতিকথনের মানুষ নন, সরকারের অনেকের মতো বাচাল তো ননই। দুই. সরকারে গুরুত্বপূর্ণ কোনো ব্যক্তিই হতাশার কথা বাড়িয়ে বলেন না। কিন্তু অর্থ উপদেষ্টা যতটুকুই বলেছেন, তাতেই যে চিত্র ফুটে উঠেছে, তা এক কথায় ভয়াবহ। চাঁদার অঙ্ক বেড়ে দেড় থেকে দ্বিগুণ হওয়ার বিষয়টি রোদ-বৃষ্টির মতো প্রকৃতির সাধারণ কোনো বিষয় নয়। চাঁদার জন্য চলে নানান জুলুম। একদিকে সব বৈধ আয় কমেছে, অন্যদিকে চাঁদার অঙ্ক বেড়েছে এবং অর্থ উপদেষ্টা স্বীকার করেছেন, 'সরকার চাঁদাবাজদের সিন্ডিকেট ভাঙার চেষ্টা করেও পারেনি।' এ কি সরল স্বীকারোক্তি, নাকি চাঁদাবাজ সিন্ডিকেটের কাছে অসহায় আত্মসমর্পণ? নিশ্চয়ই এ প্রশ্নের উত্তর দেওয়ার জন্য সরকারের কেউ বসে নেই। কারণ, ক্ষমতাসীনরা উত্তর দেন না। তারা তো অনেকটা দেবদূত। মাঝেমধ্যে অতি সদাশয় হয়ে বাণী দেন, যা অতীতেও ঘটেছে। এর অর্থ এই নয় যে, সবকিছুই অতীতের মতোই ঘটছে। বরং সংযোজন আছে, তা হচ্ছে, বিভিন্ন ঘটনায় সরকারের নিন্দা ও দুঃখ প্রকাশ। একটি শিশুতোষ গল্পের নাম,

এরপর ২০ পৃষ্ঠায়

> বিনয়ী প্রশ্ন, ২০২৪-এর ৫ আগস্ট-পরবর্তী আঁধারে আলোর দিশারি হিসেবে আবির্ভূত অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস রাষ্ট্র পরিচালনায় তার ভুল থেকে কি কিছু শিখেছেন? আসলে তিনি কী চাইছেন? মনে রাখা প্রয়োজন, শান্তিপূর্ণ ক্ষমতা হস্তান্তরে তিনি ব্যর্থ হলে সামগ্রিক যে সর্বনাশ হবে, তা কল্পনারও অতীত। দেশের মানুষ সুসংবাদের জন্য অধীর অপেক্ষায় আছে। এ প্রসঙ্গে একটি কথা বিবেচনায় রাখা প্রয়োজন, আশা ভঙ্গ হলে মানুষের মাঝে অনেক ক্রোধ ও ক্ষোভের জন্ম হয়

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# শিক্ষক: শিকড় থেকে শিখরে

অধ্যাপক হাবিবুর রহমান

মানবীয় বৈশিষ্ট্যের উৎকর্ষ সাধন বা সংস্কৃতির সাথে জ্ঞান, বিশ্বাস, নৈতিকতা, আচার, শিল্প, আইন, রাজনীতি বা সামাজিক রীতিনীতি ও প্রথার নিবিড় বন্ধন রয়েছে যার উর্বর চারণভূমি হচ্ছে সভ্যতা। আর এ সভ্যতার সূতিকাগার ও অবাধ বিচরণ ক্ষেত্র হচ্ছে একজন মহান শিক্ষক।প্রাচীন পৃথিবীর যন্ত্রপাতি ও লিখন পদ্ধতি আবিষ্কারের মধ্যে দিয়ে এ মহান শিক্ষকের আবির্ভাব ঘটে। মধ্যযুগের বিভিন্ন চড়াই উৎরাই পেরিয়ে আধুনিক ও আধুনিকোত্তর যুগে কৃত্রিম বুদ্ধিমত্তা(এআই),অপ্রকৃত বাস্তবতা(ভিআর), বুদ্ধিদীপ্ত বাস্তবতা(এআর) ও আইওটি নিয়ে জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন শাখায় আবিষ্কারের নেশায় মগ্ন শিক্ষকগণ।পৃথিবীর যত সভ্যতা, আবিষ্কার ও সৃষ্টি সব কিছুর পিছনে কোন না কোন মহান শিক্ষক অথবা শিক্ষকগণ অবদান রেখেছেন।মানবাধিকার কিংবা স্বাধিকার,ভাষা কিংবা অধিকার সব বিপ্লব ও আন্দোলনের ইতিহাস মহান শিক্ষকের রক্তে লিখা হয়। কখনো প্রকাশিত কখনো অপ্রকাশিত কিন্তু সৃষ্টিকে মুছে ফেলা যায় না। একটি জাতি, রাষ্ট্র, সমাজ বিনির্মাণে সম্মানিত শিক্ষকগণের যেমন অবদান রয়েছে তেমনি একজন সফল মানুষ ও উদ্যোগক্তা সৃষ্টির পিছনে রয়েছে অবিরাম অন্তহীন প্রেরণা। পৃথিবীর প্রতিটি সুন্দর ও মানুষের পিছনেও একটি গল্প থাকে। সেই গল্পটিই একজন মহান শিক্ষক, নিঃস্বার্থ মালি যিনি শত পুষ্পে সুরভি ছড়িয়ে নির্মল করেন ধরাকে।

তাই বলা যায়

"পৃথিবীর যা কিছু মহান চির কল্যাণকর'
সবটুকুই করিয়াছেন দান মহান শিক্ষকগণ"।

পৃথিবীর প্রথম পেশাদার শিক্ষক চীনা দার্শনিক কনফুসিয়াস যিনি বলেছিলেন 'পৃথিবীর সব অন্ধকার মিলেও একটি প্রদীপের আলো নিভাতে পারবে না'। তিনি নৈতিকতা ও সামাজিকতার মান দণ্ডে শিক্ষকতাকে শিল্পে পরিণত করেছিলেন।

যা আধুনিক শিক্ষা ব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ অঙ্গ।

প্রাচীন মিশরীয় সভ্যতায় অনবদ্য অবদান রাখে ""বার আঙ্খ " নামক একটি স্কুল যা পৃথিবীর প্রথম স্কুল নামে পরিচিত। এ স্কুল থেকেই শিক্ষা, সংস্কৃতি, ঐতিহ্য ও সভ্যতা মহান শিক্ষকগণের মাধ্যমে বিশ্বব্যাপী ছড়িয়ে পড়ে।

পশ্চিমা দর্শনের গুরু গ্রীক দার্শনিক সক্রেটিস ছিলেন একজন পেশাদার শিক্ষক যিনি যুব সমাজকে শিক্ষার আলোয় আলোকিত করার জন্য জ্ঞানের ফেরি করে বেড়াতেন।তাঁর শিষ্য প্লেটো গুরুর পথধরেই শিক্ষার আলো বিতরণে গড়ে তুলেন একাডেমি।

প্রাণী ও রাষ্ট্র বিজ্ঞান এর জনক গ্রীক দার্শনিক এরিস্টটল ছিলেন একজন পেশাদার শিক্ষক। তিনি বুদ্ধিবৃত্তিক সমাজ ব্যবস্থা গড়ে তুলতে পদার্থ বিজ্ঞান, জীব বিজ্ঞান, প্রাণী বিজ্ঞান, নীতিশাস্ত্র, যুক্তি বিদ্যা, রাষ্ট্র বিজ্ঞানসহ জ্ঞানের বিভিন্ন শাখায় আলো বিতরণে গড়ে তুলেন 'লাইসিয়াম'। এ মহান শিক্ষক এর শিক্ষা পদ্ধতি ও রাষ্ট্র পরিচালনা রীতিনীতি আধুনিক যুগেও অনুশীলন করা হয়। এ জ্ঞান পিপাসু ১৩ বছর পড়িয়েছিলেন আলেকজান্ডারকে।তিনিই দিনে ছাত্রদের ও রাতে জ্ঞান পিপাসু জনগণের জন্য লেকচার দিয়ে শিক্ষকতা পেশাকে চির উন্নত করেন।



ভারত বর্ষের অন্যতম প্রধান পণ্ডিত ও শিক্ষক ছিলেন কৌটিল্য। এ মহান শিক্ষক দার্শনিক ও অর্থনীতিবিদ তার অমর সৃষ্টি "অর্থশাস্ত্র" সরকারের বিজ্ঞান ও অর্থনীতির বিজ্ঞান নামে দুটি বিজ্ঞানের কথা বলেন যা আধুনিক রাষ্ট্র ব্যবস্থায় অনস্বীকার্য। তিনি বলেন "সুখের মূল ধর্ম,ধর্মের মূল অর্থ,অর্থের মূল সুশাসন, সুশাসনের মূল বিজয়ী অভ্যন্তরীণ সংযম, বিজয়ী অভ্যন্তরীণ সংযমের মূল নম্রতা আর নম্রতার মূল হচ্ছে বয়স্কদের সেবা"।

মারিয়া ত্যাকলা আর্তেমেসিয়া মন্টেসরি একজন ইতালীয় শিক্ষাবিদ ও চিকিৎসক।এ মহান শিক্ষকের জীবনের পরতে পরতে আছে নানা অপমান ও বঞ্চনার গল্প। চড়াই উৎরাই পেরিয়ে তিনি বিশেষ চাহিদা সম্পন্ন শিশু অবহেলিত জনগোষ্ঠীর জন্য নিবেদিত প্রাণ শিক্ষক হিসেবে নিজেকে তুলে ধরেন বিশ্ব পরিমণ্ডলে।তাঁর প্রবর্তিত শিক্ষা পদ্ধতি " মন্টেসরি শিক্ষা পদ্ধতি " নামে পরিচিত। এ পদ্ধতি আজ সারা বিশ্বে কার্যকর টিচিং ম্যাথড।

অ্যান সুলিভান মেসি একজন আমেরিকান শিক্ষক। তিনি দৃষ্টি প্রতিবন্ধকতাকে জয় করে একজন শিক্ষক হয়ে উঠেছিলেন।তিনিই বাক,শ্রবন ও দৃষ্টিপ্রতিবন্ধী হেলেন কেলার বা হেলেন অ্যাডামস কেলার এর শিক্ষক ছিলেন। বাক-শ্রবণ ও দৃষ্টি প্রতিবন্ধিত্ব নিয়ে মাত্র চব্বিশ বছর বয়সে হেলেনের স্নাতক ডিগ্রি অর্জন এবং পরবর্তীতে ডক্টরেট ডিগ্রি অর্জন করার পিছনে সবচেয়ে বেশি অবদান ছিল এ মহান শিক্ষকের । হেলেন প্রতিবন্ধী শিশুদের অধিকারের জন্য আজীবন লড়াই করেছেন। একই সাথে তিনি ছিলেন একজন গুরুত্বপূর্ণ লেখক ও রাজনৈতিক কর্মী।

জন ফ্রেডরিক ওবারলিন ছিলেন একজন ফরাসি শিক্ষাবিদ যিনি ১৮শ শতাব্দীর শেষের দিকে এরপর ২০ পৃষ্ঠায়




> আর যদি শুধু ঝগড়া, উত্তেজনা আর বিভক্তির ছবি তুলে ধরি, তাহলে বাংলাদেশের ভাবমূর্তি ক্ষতিগ্রস্ত হবে। তাই আজকের বাস্তব শিক্ষা হলো-যে দলেরই সমর্থক হই না কেন, প্রবাসী হিসেবে আমাদের দায়িত্ব দেশের নাম ও মর্যাদা রক্ষা করা। সমালোচনা করা অবশ্যই উচিত, কিন্তু তা হতে হবে সংযম, যুক্তি এবং সভ্যতার মাধ্যমে, যাতে বৈধ কথাবার্তাই আন্তর্জাতিক পর্যায়ে পৌঁছায়। বিদেশে যে একটিমাত্র আচরণও বাংলাদেশের ভাবমূর্তিকে প্রভাবিত করতে পারে, তা প্রমাণিত। তাই আমাদের উচিত এমনভাবে নিজেদের উপস্থাপন করা, যাতে আন্তর্জাতিক সম্প্রদায় বাংলাদেশকে একটি সংহত, দায়িত্বশীল ও মর্যাদাশীল জাতি হিসেবে দেখে। এ সচেতনতা শুধু ব্যক্তিগত দায়িত্ব নয়; এটি দেশের কূটনৈতিক ও সাংস্কৃতিক অবস্থান দৃঢ় করার একটি অঙ্গ

# টাঙ্গাইলের ব্রাহ্ম সমাজ রক্ষা জরুরী

জ্যাকব মিল্টন

> ৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখে পৌর-প্রশাসক অবৈধ ও অসমাপ্ত বহুতল বাণিজ্যিক ভবনটিকে ভেঙে ফেলার নির্দেশ দেন। তবে এই রিপোর্ট লেখা পর্যন্ত অবৈধ ও অসমাপ্ত ভবনটি ভেঙ্গে ফেলা হয়নি এবং সরকারিভাবে আজ অবধি কোন কার্যকরী পদক্ষেপও নেয়া হয়নি। আমেরিকায় বসবাসরত ব্রাহ্ম পরিবার গুলো টাঙ্গাইলের ব্রাহ্ম মন্দির ভাঙ্গার তীব্র প্রতিবাদ জানিয়ে অনতিবিলম্বে অনুমোদনবিহীন এবং অসমাপ্ত বানিজ্যিক ভবনটি ভেঙ্গে পুরাতন উপাসনালয়ের আদলে ব্রাহ্ম সমাজ মন্দির পুনঃপ্রতিষ্ঠার দাবি জানায়। এ ব্যাপারে প্রধান উপদেষ্টা ও টাঙ্গাইল জেলা প্রশাসক ও টাঙ্গাইল পৌর প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করা হয়; পাশাপাশি, ১৩০ বৎসর ঐতিহ্যবাহী স্থাপনাটি সংরক্ষনের জন্য ধর্ম বর্ণ নির্বিশেষে সকল টাঙ্গাইল বাসীর হস্তক্ষেপ কামনা করে

ব্রাহ্মসমাজ 'নিরাকার ও একেশ্বরবাদী' স্রষ্টায় বিশ্বাসী একটি ধর্মীয় সম্প্রদায়। এই ধর্মীয় সম্প্রদায় এবং ধর্মাবলম্বীদের সম্পর্কে দেশের মানুষ খুব বেশি কিছু একটা জানে না। ধর্মীয় সম্প্রীতি, শিক্ষা ও জ্ঞানের অভাবে মানুষ যখন নিজ ধর্ম সম্পর্কেই খুব একটা কিছু জানে না, ঠিক তেমনই একটা দেশে যেখানে ৯০% মুসলিম জনগোষ্ঠী এবং সংখ্যালঘুরা ব্রাহ্ম সমাজ সম্পর্কে জানবে না এটাই অত্যন্ত স্বাভাবিক।



অষ্টাদশ শতাব্দীতে যখন ভারত উপমহাদেশে মানুষ ধর্মীয় উন্মাদনায় মত্ত হয়ে খুনাখুনি, ধর্ষণ সহ বিভিন্ন সমাজ ও সংস্কার বিরোধী অপকর্মে লিপ্ত, ঠিক তখন রাজা রামমোহন রায় নামের এক পূর্ণাত্মা একটি ধর্মীয় দর্শনকে সামনে রেখে মানুষদেরকে একীভূত করে সুস্থ একটি সমাজ ব্যবস্থার স্বপ্ন দেখেন। ধর্মের নামে নরবলি (সতীদাহ), শিশু হত্যা (মেয়ে) মানুষের মধ্যে শ্রেণীবিন্যাস সমাজে একটি সংক্রামক ব্যাধির আকার ধারণ করে। সমাজের এই করুন অবস্থা রাজা রামমোহন রায়ের কাছে পীড়াদায়ক হয়ে দাঁড়ায়। রাজা রামমোহন রায় সমাজের এই করুন পরিণতির কারণ খুঁজতে গিয়ে আবিষ্কার করেন যে একাধিক স্রষ্টার অস্তিত্ব মানুষের মধ্যে বিভেদ ও হিংস্রতা তৈরী করছে। অধ্যায়ন ও গবেষণার দ্বারা রাজা রায় এই সিদ্ধান্তে পৌঁছান যে সমাজ ও রাষ্ট্রের প্রতিষ্ঠালগ্নে ধর্মের অস্তিত্ব যেহেতু বিশাল ভূমিকা পালন করেছিল: ঠিক একইভাবে মূর্তির আকারে একাধিক স্রষ্টার অস্তিত্ব একটি সমাজকে দ্বিধান্বিত, বিভক্তি এবং পরিশেষে ধ্বংসের মুখে পৌঁছে দেয়।

সনাতন ধর্মাবলম্বীদের জন্য অষ্টাদশ শতাব্দীর মাঝামাঝি সময়টা ছিল এক কঠিন ক্রান্তিকাল। একাধিক স্রষ্টা, সমাজের শ্রেণীবিন্যাস, সতীদাহ প্রথা, শিশু হত্যা সহ অন্যান্য বৈষম্যের জন্য সকল শ্রেণীর মানুষই হয়ে উঠেছিল হিংস্র: মানবিক আচরণের লেশমাত্র তাদের মধ্যে ছিল না। ঠিক তখন মূর্তির আকারে একাধিক স্রষ্টার অস্তিত্বের বদলে "নিরাকার ও একেশ্বরবাদী স্রষ্টার উপর আস্থা রাখা নিয়ে গুরুত্ব আরোপের দর্শন নিয়ে হাজির হন রাজা রামমোহন রায়।



এই মহৎ উদ্দেশ্যকে সামনে রেখে, ১৮২৮ সালের ২০শে আগস্ট রাজা রামমোহন রায় ব্রাহ্মসমাজ নামের একটি ধর্মীয় বিশ্বাসকে উপাসনায় রূপ দেয়ার জন্য একটি মন্দির প্রতিষ্ঠা করেন।

উপাসনালয়ে রাজা রামমোহন রায় ব্রাহ্ম সমাজের ধর্মীয় দর্শন ব্যাখ্যা করতে গিয়ে বলেন, 'বিশ্বব্রহ্মাণ্ডের স্রষ্টা হলেন ব্রাহ্ম, তিনি এক ও নিরাকার; যিনি এক ও অদ্বিতীয়; ব্রাহ্ম চিরন্তন স্বত্মার অধিকারী; বিশ্বাসীরা ব্রাহ্ম'র উপাসনার মাধ্যমে ইহলৌকিক ও পরলৌকিক মঙ্গল লাভ করতে পারে। এটাই হবে ব্রাহ্ম সমাজের মূলমন্ত্র; এবং চিন্তা ও দর্শনের ভিত্তি।

ব্রাহ্ম সমাজের দর্শনকে ধারণ, লালন ও প্রচারের মাধ্যমে প্রসার ঘটে; এবং প্রসারের সাথে সাথে বিভিন্ন অঞ্চলে প্রতিষ্ঠিত হয় ব্রাহ্ম সমাজ মন্দির। ১৮৪৬সালের ৬ই ডিসেম্বর তৎকালীন ভারতবর্ষের অন্যতম প্রদেশ পূর্ব বাংলায় চিরন্তনবাণী প্রচারিত হলে ঢাকায় ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠিত হয়; পরবর্তীতে পূর্ববাংলার (বাংলাদেশ) বিভিন্ন জেলায় ও বিভিন্ন সনে যেমন টাঙ্গাইল, ময়মনসিংহ, নারায়ণগঞ্জ, সিলেট, ব্রাহ্মনবাড়িয়া, পটুয়াখালী, চট্টগ্রাম এর ব্রাহ্মসমাজ মন্দির প্রতিষ্ঠিত হয়।

আজ থেকে প্রায় ২০০ বছর আগে ভারত উপমহাদেশে ধর্মীয় উন্মাদনা যখন তুঙ্গে, ঠিক তখন নবজাগরণের আলো এনেছিলেন রাজা রামমোহন রায়।তখনও সমাজ ছিল কুসংস্কারাচ্ছন্ন: সতীদাহ , গঙ্গাসাগরে সন্তান বিসর্জন, বিধবাদের বিয়ে না হওয়া, ইত্যাদি সমাজকে প্রায় ধ্বংসের মুখে এনে ফেলে ছিল। এমন অবস্থায় রাজা রামমোহন রায় ব্রাহ্ম ধর্মের প্রবর্তন করেন। পরবর্তীকালে এই প্রগতিশীল ভাবধারার অনুগামী হন, মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর, কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর, ব্রাহ্মানন্দ কেশবচন্দ্র সেন, শিবনাথ শাস্ত্রীরা; উনিশ শতকে বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে সুকুমার রায় (সত্যজিত রায়ের পিতা),অর্পনা সেন, দেবব্রত বিশ্বাস, করুনা কেতন সেন(প্রথম ICS OFFICER), অমর্ত্য সেন (NOBELIST), সত্যজিৎ রায়, কবি জীবনানন্দ দাশ সহ বহু প্রগতিশীল চিন্তা চেতনার মানুষগুলো ব্রাহ্মধর্মের প্রতি আকৃষ্ট হন।

ব্রাহ্মসমাজ, এই উপমহাদেশের, সতীপ্রথার অবসান, বিধবা বিবাহের প্রচলন সহ নারী শিক্ষা জাগরণে ব্রাহ্মসমাজ এই উপমহাদেশে অগ্রনী ভূমিকা পালন করে। ব্রাহ্মসমাজকে বলা হয় সকল ধর্মের মিলনস্থল।

প্রায় ১৩০ বৎসর আগে, ১৮৯৫ ইং (১৩০১ বাংলা) টাঙ্গাইল শহরের ভিক্টোরিয়া রোডে ব্রাহ্মসমাজ মন্দির প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠা লগ্ন থেকেই সকল ব্রাহ্মসমাজ মন্দির ট্রাস্ট প্রপার্টি হিসাবে রেজিস্ট্রি ভুক্ত হয়। সেই মতে টাঙ্গাইল ব্রাহ্মসমাজ মন্দির ট্রাস্ট প্রপার্টি। বাংলাদেশ বিভিন্ন জেলায় সব ব্রাহ্মসমাজ মন্দির ট্রাস্ট প্রপার্টি ও প্রতিটি জেলায় আলাদা আলাদা কমিটির দ্বারা পরিচালিত হয়ে আসছে।

ঢাকা ব্রাহ্মসমাজের কার্যকরী কমিটি এরপর ৪০ পৃষ্ঠায়

# কবিতায় দর্শন ও মনস্তত্ত্বের অনিবার্য বন্ধন

এইচ বি রিতা

> কবিতা তার বহিরাঙ্গিক কাঠামো (শব্দ, ছন্দ ও অলংকার) ছাড়িয়ে মূলত দর্শন ও মনস্তত্ত্বের এক সমন্বিত প্রকাশ। দর্শন যেখানে অস্তিত্বের মৌলিক জিজ্ঞাসা ও বিশ্বজনীন সত্য অনুসন্ধান করে, সেখানে মনস্তত্ত্বআবেগীয় প্রক্রিয়ার মাধ্যমে কবির অনুভূতিকে সরাসরি পাঠকের হৃদয়ে সঞ্চারিত করে। এই দ্বৈত চালিকাশক্তি কবিতাকে কেবল শিল্পমাধ্যম নয়, বরং মানবচেতনার গভীরতম ও বিমূর্ত অভিব্যক্তির বাহন করে তোলে। যদিও আধুনিক কবিতায় ক্ষেত্রবিশেষে এই গভীর দার্শনিক ও মনস্তাত্ত্বিকতার অভাব পরিলক্ষিত হয়, তবুও শ্রেষ্ঠ কবিতা সর্বদা চিন্তা ও অনুভূতির এই সেতু নির্মাণ করে চলেছে। কবিতা এভাবেই পাঠককে একইসঙ্গে ভাবায় এবং অনুভব করায়, যা মানব অভিজ্ঞতার সম্পূর্ণতাকে উদ্ভাসিত করে



কবিতা-বলতে স্বাভাবিকভাবে যে ব্যাখ্যাটা আমাদের সামনে উঠে আসে, তা হল-শব্দ, স্বর, ছন্দ ও ভাবার্থের সুনিপুণ বিন্যাস, যা কবির আবেগ, অনুভূতি ও চিন্তাকে চিত্রকল্প, উপমা ও অলংকারের সাহায্যে জীবন্ত করে তোলে। নির্দিষ্ট ছন্দ ও ভাষার শৃঙ্খলায় গড়া এই শিল্পমাধ্যম প্রকৃতি ও মানবিক ধারার সঙ্গে সুমধুর শ্রুতিযোগ্যতা ও সৌন্দর্যের মেলবন্ধন ঘটায়।

কিন্তু, কবিতা শুধু শব্দ, ছন্দ আর অলঙ্কারের বাহ্যিক কাঠামো নয়; কবিতার মূল উপকরণগুলিতে দর্শন এবং মনস্তত্ত্ব ওতপ্রোতভাবে জড়িত। কবিতা হলো মানব মনের সবচেয়ে গভীর ও বিমূর্ত অভিব্যক্তির বাহন। তাই এর প্রতিটি উপাদানের সঙ্গেই মানুষের চিন্তা, অস্তিত্ব ও চেতনার বিজ্ঞান অর্থাৎ দর্শন ও মনস্তত্ত্বের যোগসূত্র রয়েছে।

একজন কবির আবেগ, অনুভূতি ও উপলব্ধি হলো সম্পূর্ণভাবে মনস্তত্ত্বের ক্ষেত্র। কবি যখন তার কবিতায় প্রেম, বিষাদ, একাকিত্ব, ক্ষোভ বা আনন্দ প্রকাশ করেন, তখন তিনি মানব মনের জটিল মনস্তাত্ত্বিক প্রক্রিয়া, যেমন- ইমোশনাল ক্যাথার্সিস বা আবেগের বহিঃপ্রকাশ ঘটান। যখন কোনো পাঠক সেই কবিতা পাঠ করেন এবং আবেগে আপ্লুত হন, তখন তাঁদের মনে কবির অনুভূতির অনুরূপ মনস্তাত্ত্বিক প্রতিক্রিয়া সৃষ্টি হয়। এটি মূলত অন্য একজনের আবেগ (এই ক্ষেত্রে, কবির আবেগ) পর্যবেক্ষণ বা অনুভব করার ফলস্বরূপ পাঠকের মধ্যে একই প্রকৃতির আবেগিক প্রতিক্রিয়া জাগিয়ে তোলে। মনোবিজ্ঞানের একটি গুরুত্বপূর্ণ ধারণা অনুযায়ী, এই প্রক্রিয়াটিই হলো 'আবেগীয় সংক্রমণ' বা 'ইমোশনাল কনটেইজান'।

কবিতার ক্ষেত্রে, ইমোশনাল কনটেজান কবি এবং পাঠকের মধ্যে একটি গভীর এবং প্রায় জাদুকরী উপায়ে কাজ করে। কীভাবে? কবিরা তাঁদের ব্যক্তিগত অনুভূতি-তা আনন্দ, বিষাদ, রাগ, বা বিস্ময় যাই হোক না কেন- তাঁদের শব্দ, উপমা এবং কাব্যিক কাঠামোর মধ্যে প্রতিস্থাপন করেন। তাঁরা এমন শব্দ চয়ন করেন যা কেবল তথ্য দেয় না, বরং অনুভূতির একটি বিশেষ 'সুর' বহন করে। কবিরা ছন্দের মাধ্যমে আবেগের একটি শারীরিক অনুভূতি তৈরি করতে পারেন। যেমন, দ্রুত ছন্দ উত্তেজনার ভাব জাগায়, আর ধীর, দীর্ঘ ছন্দ বিষাদ বা প্রশান্তির অনুভূতি দেয়। চিত্রকল্প বা ছবি আঁকার মতো শব্দ ব্যবহার করে কবি পাঠকের মনে সেই দৃশ্য বা পরিস্থিতি তৈরি করেন, যার ফলে পাঠক প্রায়শই প্রত্যক্ষভাবে কবির অভিজ্ঞতাকে অনুভব করেন।



অর্থাৎ পাঠক যখন কবিতাটি পড়েন, তখন তাঁর মস্তিষ্কের মিরর নিউরন সক্রিয় হয়ে ওঠে এবং পাঠক মানসিকভাবে কবির আবেগকে অনুকরণ করতে শুরু করেন। কবির লেখা বিষাদের বর্ণনা পড়লে পাঠকের মধ্যে সেই একই ধরণের বিষাদের মৃদু অনুভূতি সংক্রমিত হয়। শব্দের অর্থ, সুর, ও ছন্দের সম্মিলিত প্রভাবে কবির আবেগ সরাসরি পাঠকের হৃদয়ে সঞ্চারিত হয়। এটি ঠিক যেন একটি সুর অন্য একটি তারকে কাঁপিয়ে তোলে-কবির আবেগ যেন পাঠকের আবেগের তারে আঘাত করে। ফলে পাঠকের নিজের কোনো ব্যক্তিগত কারণ ছাড়াই কবির বর্ণিত আনন্দ বা দুঃখের জন্য পাঠকের মনেও আনন্দ বা দুঃখ অনুভূত হয়। এই সম-প্রকৃতির আবেগিক প্রতিক্রিয়াই হলো ইমোশনাল কনটেইজান। এভাবেই কবিতা মনস্তত্ত্বের গভীরতম স্তরে কবি ও পাঠকের মধ্যে সংযোগ স্থাপন করে।

কবিতায় যখন জীবন, মৃত্যু, সত্য, সুন্দর, ন্যায়, ঈশ্বর বা অস্তিত্বের অর্থ-এর মতো মৌলিক বিষয়গুলো উঠে আসে, তখন দর্শনকে অস্বীকার করার কোনো উপায় থাকে না; কারণ এইগুলিই হলো দর্শনের মূল আলোচ্য বিষয়। যেমন, যখন কোনো কবি লেখেন:

'মৃত্যু কেন ফিরে আসে পৃথিবীর কোলে?'

তখন তিনি দার্শনিক অস্তিত্ববাদ বা জীবনের উদ্দেশ্য-এর মতো গভীর বিষয় নিয়ে প্রশ্ন তোলেন।

কিন্তু এই অস্তিত্ববাদের মূল চালিকাশক্তি হলো মনস্তত্ত্ব: কারণ জীবন বা মৃত্যুর অর্থ নিয়ে মানুষের যে কৌতূহল ও জিজ্ঞাসা, তার জন্ম হয় মানুষের অন্তর্নিহিত ভয়, আশা, এবং অস্তিত্বের সঙ্কট-যা সম্পূর্ণরূপে মনস্তত্ত্বের আলোচ্য বিষয়। অর্থাৎ, দর্শন যে প্রশ্নগুলো তোলে, মনস্তত্ত্ব তার অনুভূতিগত উৎস এবং মানসিক প্রভাব নিয়ে কাজ করে।

যখন কোনো কবি লেখেন-

'নিষ্প্রয়োজন ছিল মৃত্যু; তবু গুপ্তকক্ষে রক্তদীপে একটি শিশু/ঈশ্বর জন্মান্ধ, বধির নিশ্চল পদতলে থেঁতলে দেয় গোপনী-অনিশ্চয়তা সময় ক্ষীপ্রবেগে ঢুকে পরে ঘরে!'

প্রথম অংশটি (নিষ্প্রয়োজন ছিল মৃত্যু) অস্তিত্বের একটি মৌলিক প্রশ্ন তোলে: জীবন যদি অর্থহীন বা ক্ষণস্থায়ী হয়, তবে মৃত্যুও কি অর্থহীন? এটি দার্শনিক হতাশাবাদ বা পেসিমিজম বা অস্তিত্ববাদের সংকট নিয়ে কবির ভাবনা প্রকাশ করে।

'গোপনী-অনিশ্চয়তা সময় ক্ষীপ্রবেগে ঢুকে পরে ঘরে!'

দ্বিতীয় অংশটি প্রকাশ করে নিঃসহায়তা ও নৈরাশ্য। এখানে শিশু, রক্ত এবং থেঁতলে দেওয়ার চিত্রকল্প নির্দোষতার ধ্বংস এবং অনিষ্টের অনিবার্য প্রবেশকে তুলে ধরে। 'ঈশ্বর জন্মান্ধ, বধির' বলার মাধ্যমে কবি জগৎ-যন্ত্রণা থেকে সৃষ্ট ঐশ্বরিক ন্যায়বিচারের অনুপস্থিতি নিয়ে প্রশ্ন তোলেন।

তৃতীয় অংশটি-যেখানে 'গোঙানি-অনিশ্চয়তা' এবং 'ক্ষিপ্রবেগ'-এ সময় ঘরে ঢুকে পড়ে-তা কবির মনস্তাত্ত্বিক চাপ ও অসহনীয় উদ্বেগকে চিত্রিত করে। এটি এমন এক মানসিক অবস্থা, যেখানে অনিশ্চয়তা অত্যন্ত দ্রুতগতিতে ব্যক্তিগত জীবনে আঘাত হানে এবং মানুষ যন্ত্রণায় গোঙাতে থাকে।

এরপর ২০ পৃষ্ঠায়



# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

**অহেতুক ঝামেলা এড়াতে**
**অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে**
**ট্যাক্স ফাইলিং করুন।**

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটিমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration

(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# দলীয় মনোনয়নে তারেক রহমানের নতুন মেসেজ-'পেশি নয় জনসমর্থনই চূড়ান্ত মাপকাঠি'

"তারেক রহমানের এই বক্তব্যে সেই আলোয় ঝলমল করে উঠেছে এক নতুন সম্ভাবনা-যেখানে দল নয়, জনগণ হবে প্রার্থীর মাপকাঠি। এই লেখা যখন লিখছি তারেক রহমানের বিবিসি বাংলাকে দেয়া এই সাক্ষাৎকারকে বাংলাদেশের আগামী রাষ্ট্রনায়কের ইঙ্গিত হিসেবে দেখছে দেশি-বিদেশি গণমাধ্যম। তাঁর পরিমিত বক্তব্য, আত্মবিশ্বাসী উপস্থাপন ও গণতন্ত্র পুনরুদ্ধারে স্পষ্ট দৃষ্টিভঙ্গি ইতিমধ্যে বাংলাদেশের পাশাপাশি ভারতীয় বাংলা ভাষাভাষী সাংবাদিক ও রাজনৈতিক বিশ্লেষকদের কাছ থেকেও ব্যাপক প্রশংসা পেয়েছে। অনেকেই বলছেন, এই সাক্ষাৎকারে প্রকাশ পেয়েছে এক পরিণত, দূরদর্শী নেতৃত্বের প্রতিচ্ছবি। বাংলাদেশের রাজনীতিতে যদি সত্যিই এই চেতনা প্রতিষ্ঠিত হয়, তাহলে হয়তো আমরা ফিরে পাব সেই রাজনীতি, যার উদ্দেশ্য ক্ষমতা নয়-মানুষের কল্যাণ"

নিয়াজ মাহমুদ



বাংলাদেশের রাজনীতি আজ এক নতুন সোপানে দাঁড়িয়ে। আগামী জাতীয় নির্বাচন যত ঘনিয়ে আসছে, রাজনৈতিক মাঠে উত্তাপ ততই বাড়ছে। কিন্তু এই উত্তাপে এক নতুন সুর তুলেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। দলের মনোনয়ন বাছাই প্রক্রিয়া নিয়ে তাঁর সাম্প্রতিক মন্তব্য শুধু একটি কৌশলগত ঘোষণা নয়-এটি বাংলাদেশের দলীয় রাজনীতির সংস্কারধারায় এক সম্ভাব্য নতুন অধ্যায়ের সূচনা বলেই মনে করছেন বিশ্লেষকেরা।

বিবিসি বাংলাকে দেওয়া এক সাক্ষাৎকারে তারেক রহমান যখন বললেন, "আমরা এমন প্রার্থীকে মনোনয়ন দেব, যার প্রতি এলাকার মানুষের প্রকৃত সমর্থন আছে, যিনি জনগণের সমস্যার সাথে যুক্ত,"-তখন অনেকেই সেটিকে কেবল একটি রাজনৈতিক প্রতিশ্রুতি হিসেবে নিলেও, গভীর পর্যবেক্ষকরা দেখছেন এর মধ্যে এক নীরব বিপ্লবের ইঙ্গিত।

বহু বছর ধরেই দেশের নির্বাচনী রাজনীতি অভিযোগে ভারাক্রান্ত-টাকার প্রভাব, পেশিশক্তির দাপট, পারিবারিক বংশপরম্পরায় টিকিট পাওয়া, কিংবা রাজনৈতিক আনুগত্যের বিনিময়ে প্রার্থী মনোনয়ন-এসবই ছিল রাজনৈতিক সংস্কৃতির অলিখিত নিয়ম। কিন্তু তারেক রহমানের বক্তব্যে উঠে এসেছে ভিন্ন এক বাস্তবতা: "আমরা দলের নেতৃত্ব নয়, এমন মানুষ খুঁজছি যিনি দলমত নির্বিশেষে এলাকার মানুষের আস্থা অর্জন করেছেন।"

এই বক্তব্য শুধু বিএনপির মনোনয়ন প্রক্রিয়া নয়, বরং দলীয় রাজনীতির ধারা নিয়ে এক মৌলিক প্রশ্ন তোলে-রাজনীতি কি কেবল দলের জন্য, নাকি জনগণের জন্য?

সাক্ষাৎকারে তারেক রহমান আরও বলেন, "তৃণমূলের মতামত আমরা নিই, তবে গণতন্ত্রে সবসময় ভিন্নমত থাকবেই।" এই মন্তব্যে তিনি যেন রাজনীতির এক প্রাচীন সত্যকে নতুন করে মনে করিয়ে দিলেন-গণতন্ত্র মানে ভিন্নতার মধ্যেই ঐক্য খোঁজা। কিন্ত' প্রশ্ন থেকেই যায়: বাংলাদেশে তৃণমূলের কণ্ঠস্বর কি সত্যিই দলীয় মনোনয়নে প্রভাব ফেলে?

রাজনীতিবিদ ও বিশ্লেষকদের মতে, অতীতে দলের সিদ্ধান্ত প্রায়ই কেন্দ্রীয় পর্যায়েই নেওয়া হয়েছে, যেখানে মাঠপর্যায়ের কর্মীদের মতামত উপেক্ষিত থেকেছে। কিন্তু তারেক রহমানের এই ঘোষণার মধ্যে যে বার্তা রয়েছে, তা হলো "তৃণমূলের বাস্তবতাকে স্বীকৃতি দেওয়া"। তিনি বলছেন, মনোনয়নের মূল মাপকাঠি হবে এলাকার মানুষের সঙ্গে প্রার্থীর যোগসূত্র, গ্রহণযোগ্যতা এবং সমস্যাবোধ।

এই দৃষ্টিভঙ্গি যদি বাস্তবে রূপ পায়, তবে এটি হতে পারে বাংলাদেশের রাজনীতির সংস্কারের এক কার্যকর সূচনা-যেখানে দলীয় পরিচয় নয়, জনগণের আস্থা হবে প্রার্থীতার ভিত্তি।

স্বাধীনতার পরবর্তী বাংলাদেশে রাজনীতি একসময় ছিল মানুষের জীবনের সঙ্গে নিবিড়ভাবে জড়িত। গ্রামের চায়ের দোকান থেকে শহরের ফুটপাথ পর্যন্ত রাজনীতি ছিল আলোচনার মূল কেন্দ্র। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে রাজনীতি হয়ে উঠেছে ক্ষমতার প্রতিযোগিতা, সাধারণ মানুষের আস্থা সরে গেছে রাজনীতিবিদদের কাছ থেকে।

এই প্রেক্ষাপটে তারেক রহমানের বক্তব্য একরকম 'হারানো ধারণার' পুনর্জাগরণ-যেখানে তিনি বলছেন, প্রার্থী হতে হলে প্রথমে হতে হবে জনগণের প্রতিনিধি। শুধু দলের নয়, পুরো এলাকার মানুষ যেন মনে করে, "এই মানুষটিই আমাদের।"

এই দর্শনের ভিতর দিয়ে তিনি আসলে রাজনীতিকে পুনরায় জনগণের কণ্ঠে ফিরিয়ে আনতে চান-একটি রাজনীতি যেখানে নির্বাচনী টিকিটের মানদণ্ড হবে জনপ্রিয়তা নয়, বরং জনসংযোগ: অর্থ নয়, বরং আস্থা।

যদি সত্যিই বিএনপি এই নতুন নীতি বাস্তবায়ন করে, তাহলে এর প্রভাব হবে বহুস্তরীয়।

প্রথমত, দলীয় শৃঙ্খলায় আসতে পারে নতুন প্রাণ। তৃণমূলের নেতাকর্মীরা যদি দেখেন তাদের মতামত গুরুত্ব পাচ্ছে, তাহলে দলের ভিতরে গণতন্ত্রের চর্চা বাড়বে।

দ্বিতীয়ত, জনগণের কাছে দলটির ভাবমূর্তি বদলাবে-বিশেষ করে তরুণ প্রজন্মের কাছে, যারা দীর্ঘদিন ধরে "প্রচলিত রাজনীতির ক্লান্তি" অনুভব করছে।

রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, বিএনপি যদি সত্যিকার অর্থে এই প্রক্রিয়া অনুসরণ করে, তাহলে এটি ভবিষ্যতের নির্বাচনে তাদের জন্য এক বড় ইতিবাচক পার্থক্য তৈরি করতে পারে। কারণ জনগণের কাছে এখন সবচেয়ে মূল্যবান হলো বিশ্বাস-যা হারিয়ে গেছে রাজনৈতিক বিভাজনের ঝড়ে।



তবে বাস্তবতা কঠিন। বাংলাদেশে রাজনীতির অর্থনীতি আজ জটিল-মনোনয়ন মানে অনেক ক্ষেত্রেই আর্থিক প্রস্তুতি, প্রভাব বলয়, সামাজিক মর্যাদা। এই কাঠামো ভাঙা সহজ নয়। তারেক রহমান যেই নীতির কথা বলছেন, সেটি বাস্তবায়নের পথে সবচেয়ে বড় চ্যালেঞ্জ হবে "দলের ভিতর থেকেই"। কারণ, যারা বহু বছর ধরে ক্ষমতার কেন্দ্র ঘিরে রাজনীতি করেছেন, তারা সহজে এই নতুন ধারাকে মেনে নেবেন না। তবু ইতিহাস বলছে-রাজনীতিতে পরিবর্তন আসে সাহসীদের হাত ধরেই। যদি বিএনপি সত্যিই এই পথে হাঁটে, তাহলে এটি বাংলাদেশের নির্বাচনী সংস্কৃতিতে এক দৃষ্টান্ত স্থাপন করতে পারে।

তারেক রহমানের এই নতুন বার্তাটি শুধু বিএনপির জন্য নয়-এটি একটি রাজনৈতিক সংস্কৃতি পরিবর্তনের আহ্বান। তিনি মূলত বলেছেন, "রাজনীতি হবে জনগণের জন্য, জনগণের অংশগ্রহণে।"

এরপর ২০ পৃষ্ঠায়

# ভোট ও বিপ্লব-চিন্তায় কুহেলিকা কাটুক

আজাদুর রহমান চন্দন



আগামী বছরের ফেব্রুয়ারি মাসে জাতীয় সংসদ নির্বাচন আয়োজনের প্রস্তুতি নিয়ে অন্তর্বর্তী সরকার ও নির্বাচন কমিশনের তোড়জোড় সত্ত্বেও সন্দেহ-সংশয় কিছু কমছে কি? একে তো জুলাই সনদ নিয়ে রাজনৈতিক দলগুলোর মতভেদ দূর হয়নি; তার ওপর নীতিনির্ধারকদের নানা বক্তব্যে সংশয় বাড়ছে। বাংলাদেশের নির্বাচনের জন্য কেন ১৮ মাস লাগছে বা লাগবে, এমন প্রশ্নের জবাবে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ইউনূস অতিসম্প্রতি নিউইয়র্কে ডিজিটাল সংবাদমাধ্যম জিটিওকে বলেছেন, 'অবশ্যই, আপনি বললেন, মানুষ বলছে অনেক সময় লাগছে। এমন মানুষও আছে, যারা বলছে ৫ বছর থাকুন, ১০ বছর থাকুন, ৫০ বছর থাকুন।' এর আগে ২ সেপ্টেম্বর এক বৈঠকে প্রধান উপদেষ্টা বলেছিলেন, নির্বাচন আগামী ফেব্রুয়ারির প্রথ মার্ধেই অনুষ্ঠিত হবে। তবে সে নির্বাচনে কোনো বিদেশি শক্তি যেন থাবা বসাতে না পারে। সে জন্য তিনি রাজনৈতিক দলগুলোর সর্বাত্মক সমর্থন ও সহায়তা চান।

নির্বাচন ইনক্লুসিভ তথা সবার অংশগ্রহণমূলক হবে কি না, সে নিয়েও নীতিনির্ধারকদের কথাবার্তা কুহেলিকাচ্ছন্ন। এ দেশের ভোটারদের বড় অংশই বড় দুই দল-বিএনপি ও কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগে বিভাজিত। শুরু থেকেই আমার মতো কারও কারও প্রত্যাশা ছিল, আওয়ামী লীগপ্রধান ও তাঁর ঘনিষ্ঠ যাঁদের গায়ে দুর্নীতি-দুঃশাসনের কাদা লেপ্টে রয়েছে, তাঁরা দলের নেতৃত্ব থেকে সরে দাঁড়িয়ে পরিচ্ছন্ন ভাবমূর্তির অধিকারী নেতাদের দল পুনর্গঠনের সুযোগ দেবেন; কিন্তু সেটি তাঁরা করেননি। পরে সেনাপ্রধানের রিফাইন্ড আওয়ামী লীগের ধারণাটিও বিতর্কের মুখে পড়ে ফলদায়ক হয়নি। সম্প্রতি যুক্তরাষ্ট্র সফরকালে ব্রিটিশ-আমেরিকান সাংবাদিক মেহেদি হাসানকে দেওয়া সাক্ষাৎকারে প্রধান উপদেষ্টা বলেছেন, আওয়ামী লীগ রাজনৈতিক দল হিসেবে বৈধ হলেও তাদের কার্যক্রম স্থগিত আছে। তবে তাদের কার্যক্রম নিষিদ্ধ রাখার অবস্থান যেকোনো সময় পরিবর্তন হতে পারে। আওয়ামী লীগ নির্বাচনে অংশ নিতে পারবে কি না, সে প্রশ্নের জবাবে ড. ইউনূস বলেন, এখন নয়, কারণ তাদের কার্যক্রম নিষিদ্ধ আছে। তারা রাজনৈতিক দল হিসেবে এখনো বৈধ। কিন্তু কার্যক্রম আপাতত স্থগিত করা হয়েছে। যেকোনো সময় কার্যক্রম নিষিদ্ধ রাখার অবস্থানের পরিবর্তন হতে পারে। তিনি আরও বলেন, ওই নিষেধাজ্ঞা তুলে নেওয়ার সম্ভাবনা আছে। সে বক্তব্য প্রচার হলে আইন উপদেষ্টা আসিফ নজরুল ১ অক্টোবর সাংবাদিকদের বলেন, আওয়ামী লীগের কার্যক্রমের ওপর নিষেধাজ্ঞা প্রত্যাহারের কোনো সম্ভাবনা নেই। এমন অবস্থায় প্রধান উপদেষ্টার বক্তব্য নিয়ে জনমনে নানা প্রশ্ন ও সংশয় জাগে। কেউ কেউ এমন মন্তব্যও করেন, নির্বাচনের আগে একটি 'ডামি আওয়ামী লীগ' বানানো হতে পারে। বড় কোনো দলের ডামি বানানোর এমন চেষ্টা আগের বিভিন্ন সরকারও করেছে। তবে সেগুলো হাস্যরসের সৃষ্টি করা ছাড়া আর কোনো ফল দেয়নি।

এ দেশে গণতন্ত্র, স্বাধিকার ও স্বাধীনতা, ভোট ও ভাতের অধিকার এবং সর্বোপরি মানবমুক্তির সংগ্রামে অগ্রণী ভূমিকা রাখা ঐতিহ্যবাহী দল বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি)। সম্প্রতি দলটির কংগ্রেসে (জাতীয় সম্মেলন) নতুন কেন্দ্রীয় কমিটি নির্বাচিত হয়েছে এবং পরে সংসদীয় পদ্ধতি মোতাবেক সেই কমিটি বিভিন্ন পদে কর্মকর্তা নির্বাচন করেছে। এ নিয়ে দলটির ভেতরে-বাইরে ব্যাপক আলোচনা-বিতর্ক চলছে। সমালোচনা ও বিতর্ক নতুন মাত্রা পায় বাংলাদেশের সংবিধান নিয়ে দলটির নতুন সাধারণ সম্পাদকের কিছুদিন আগের একটি বক্তব্যের ভিডিও ফুটেজ সামাজিক যোগাযোগমাধ্যমের সুবাদে সামনে আসায়। এক আলোচনা সভায় সিপিবির এই নেতা বলেন, বাংলাদেশের সংবিধান নাকি ব্রিটেন থেকে ভেটিং করিয়ে আনা। এমনকি ভারত থেকে ভেটিং করিয়ে আনা হয়ে থাকতে পারে বলেও তিনি সন্দেহ পোষণ করেন। সিপিবি নেতার বক্তব্য ঠিক না বেঠিক, তা নিয়ে কোনো মন্তব্য করতে চাই না। কারণ, ঘটনা যখনকার তখন তো আমি কেবল দ্বিতীয় শ্রেণির (অটো প্রমোশন নিলে অবশ্য তৃতীয় শ্রেণিতে থাকতাম) বালক। কোনো ঘটনা বা কানকথা শুনে কিছু বলার পক্ষপাতী আমি নই। এ বিষয়ে কিছু বলতে হলে যথাযথ রেফারেন্সের আশ্রয় নিতে হয়।

১৯৭২ সালে সংবিধান প্রণয়ন কমিটির সদস্য না হয়েও কমিটির সঙ্গে নিবিষ্টভাবে কাজ করেছেন অধ্যাপক আনিসুজ্জামান। প্রয়াত আনিসুজ্জামান খুব কাছ থেকে দেখা সংবিধান রচনার মুহূর্তগুলোর স্মৃতিচারণা করেছেন তাঁর আত্মজীবনী 'বিপুলা পৃথিবী'তে। এ ক্ষেত্রে তিনি শুধু স্মৃতিশক্তির ওপর নির্ভর করেননি। সংবিধান-প্রণয়নকালীন বিভিন্ন পর্যায়ের খসড়া, বিল আকারে উপস্থাপিত সংবিধানের পাঠ এবং সংবিধান প্রণয়ন কমিটির রিপোর্টের যে কপি নিজের কাছে রেখেছিলেন, সেসবেরও সহায়তা নিয়েছেন। আনিসুজ্জামান লিখেছেন, 'কমিটির সদস্য না হয়েও আমি প্রতি বৈঠকে উপস্থিত থেকেছি, অনেক সদস্যের উপস্থিতির হার তুলনায় অনেক কম ছিল। মন্ত্রীদের মধ্যে খন্দকার মোশতাক আহমদ ও এ এইচ এম কামারুজ্জামান খুব কমই

এরপর ২০ পৃষ্ঠায়



"এমনিতেই আমাদের অন্তর্দৃষ্টিসম্পন্ন জ্ঞানসাধকেরা একে একে চলে যাচ্ছেন। প্রগতিবাদী চিন্তাবিদ, শিক্ষাবিদ ও গবেষক যতীন সরকার চলে গেলেন গত আগস্টের দ্বিতীয় সপ্তাহে। অগ্রগণ্য গবেষক ও ভাষাসংগ্রামী আহমদ রফিক বিদায় নিলেন ২ অক্টোবর। প্রগতিবাদী গবেষকদের এ শূন্যতা পূরণ করার চ্যালেঞ্জ যখন আমাদের সামনে, তখন মৌলবাদী-সাম্প্রদায়িক শক্তির দেখানো সস্তা জনপ্রিয়তা কুড়ানোর পথে হেঁটে অতলে তলিয়ে যাওয়ার ঝুঁকি না নিলেই নয়? কয়েক বছর আগে এক সাক্ষাৎকারে বাংলাদেশে বাম রাজনীতির দুর্বলতা প্রসঙ্গে আহমদ রফিক সুদক্ষ, বিচক্ষণ ও দূরদর্শী নেতৃত্বের অভাব ও মতাদর্শগত বিভ্রান্তির কথা বলেছিলেন। চিন্তার সেই দৈন্য কুয়াশা কাটানোর চেষ্টা করাই প্রয়াত মনীষীদের প্রতি শ্রদ্ধা জানানোর যথার্থ উপায়"

# দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯**
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES · Biman Bangladesh Airlines · American Airlines · ETIHAD AIRWAYS · QATAR AIRWAYS · Emirates · KUWAIT AIRWAYS




## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

**বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।**


আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট


কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট


জামান রঞ্জু
ট্রাভেল কনসালটেন্ট


কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট


মাহির
ট্রাভেল কনসালটেন্ট


জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট


নিলয়
ট্রাভেল কনসালটেন্ট

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**

# ফিলিস্তিন নিয়ে ভারতকে চুপ থাকলে চলবে না

সানিয়া গান্ধী

ফ্রান্স এখন যুক্তরাজ্য, কানাডা, পর্তুগাল ও অস্ট্রেলিয়ার সঙ্গে যোগ দিয়ে ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিয়েছে। এটি বহু কষ্ট সহ্য করা ফিলিস্তিনি জনগণের ন্যায্য স্বপ্ন পূরণের পথে প্রথম ধাপ। জাতিসংঘের ১৯৩টি সদস্যদেশের মধ্যে ইতিমধ্যেই ১৫০টির বেশি দেশ ফিলিস্তিনকে স্বীকৃতি দিয়েছে। ভারত এ ক্ষেত্রে একসময় অগ্রগামী ছিল। বহু বছর ধরে পিএলওকে (প্যালেস্টাইন লিবারেশন অর্গানাইজেশন) সমর্থন করার পর ১৯৮৮ সালের ১৮ নভেম্বর ভারত ফিলিস্তিন রাষ্ট্রকে স্বীকৃতি দেয়। এ সিদ্ধান্ত ছিল মূলত নৈতিক এবং ভারতের দৃষ্টিভঙ্গির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

ভারত স্বাধীন হওয়ার আগেই জাতিসংঘে দক্ষিণ আফ্রিকার বর্ণবৈষম্য ইস্যু তুলেছিল এবং বর্ণবাদী শাসনের সঙ্গে সব ধরনের বাণিজ্যিক সম্পর্ক ছিন্ন করেছিল। আলজেরিয়ার স্বাধীনতাসংগ্রামের (১৯৫৪-৬২) সময় ভারত ছিল স্বাধীন আলজেরিয়ার জোরালো সমর্থক। ফলে আন্তর্জাতিক মহল এই সংগ্রামকে ভুলে যেতে পারেনি। এটি ছিল সাম্রাজ্যবাদের বিরুদ্ধে এক গুরুত্বপূর্ণ লড়াই।

১৯৭১ সালে ভারত পূর্ব পাকিস্তানে গণহত্যা ঠেকাতে এবং আজকের বাংলাদেশের জন্ম ঘটাতে দৃঢ়ভাবে হস্তক্ষেপ করেছিল। ভিয়েতনামে রক্তপাতের সময় যখন বিশ্বের অধিকাংশ দেশ চুপ করে ছিল, তখন ভারত ছিল নৈতিকতার কণ্ঠস্বর। ভারত তখন শান্তির আহ্বান জানিয়েছিল এবং বিদেশি আগ্রাসনের বিরোধিতা করেছিল। আজও ভারত জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীতে অন্যতম বড় সেনা অবদান রাখছে। ভারতের সংবিধানের রাষ্ট্রীয় নীতিনির্দেশক নীতিমালায় স্পষ্টভাবে বলা আছে, 'আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠা' ভারতের একটি কর্তব্য।

ইসরায়েল-ফিলিস্তিন ইস্যুতে ভারত সব সময়ই সংবেদনশীল ও নীতিগত অবস্থান নিয়েছে। শান্তি প্রতিষ্ঠা ও মানবাধিকার রক্ষার ওপর জোর দিয়েছে। ১৯৭৪ সালে ভারত প্রথম দিককার দেশগুলোর একটি ছিল, যারা পিএলওকে স্বীকৃতি দেয়। তখন থেকেই ভারত দুই রাষ্ট্রভিত্তিক সমাধানের পক্ষ নিয়ে আসছে; যেখানে ফিলিস্তিনের আত্মনিয়ন্ত্রণের অধিকার থাকবে, আবার ইসরায়েলের সঙ্গে শান্তিপূর্ণ সহাবস্থানও সম্ভব হবে।

বছরের পর বছর ভারত জাতিসংঘের নানা প্রস্তাবে সমর্থন দিয়েছে, যেখানে ফিলিস্তিনের অধিকারকে স্বীকৃতি দেওয়া হয়েছে এবং পশ্চিম তীর দখল ও বসতি স্থাপনকে নিন্দা করা হয়েছে। একই সঙ্গে ভারত ইসরায়েলের সঙ্গেও পূর্ণ কূটনৈতিক সম্পর্ক বজায় রেখেছে। জাতিসংঘ, জোটনিরপেক্ষ আন্দোলন ও ইসলামিক সহযোগিতা সংস্থার (ওআইসি) প্ল্যাটফর্মে ভারত সব সময় আলোচনার মাধ্যমে সমাধান, আন্তর্জাতিক আইন মেনে চলা এবং সহিংসতা বন্ধের আহ্বান জানিয়েছে। ভারত ফিলিস্তিনকে মানবিক সহায়তাও দিয়েছে। শিক্ষা ও স্বাস্থ্য খাতে সহায়তা, গাজা ও পশ্চিম তীরে প্রতিষ্ঠান গড়ে তুলতে সাহায্য, শিক্ষার্থীদের জন্য বৃত্তি ইত্যাদি ক্ষেত্রে ভারতের বহু অবদান রয়েছে।

কিন্তু গত দুই বছরে, বিশেষ করে ২০২৩ সালের অক্টোবরে ইসরায়েল-ফিলিস্তিন সংঘাত শুরুর পর থেকে ভারত কার্যত তার আগের ভূমিকা থেকে সরে এসেছে। ২০২৩ সালের ৭ অক্টোবর হামাসের নৃশংস ও অমানবিক হামলায় ইসরায়েলি সাধারণ মানুষ নিহত হয়। এরপর ইসরায়েল যে প্রতিক্রিয়া দেখায়, তা একেবারে গণহত্যার পর্যায়ে চলে যায়।



এখন পর্যন্ত ৬৫ হাজারের বেশি ফিলিস্তিনি সাধারণ মানুষ নিহত হয়েছেন। এঁদের মধ্যে ১৭ হাজার শিশু। গাজার স্কুল, হাসপাতাল, বাসস্থান, কৃষি ও শিল্প সব ধ্বংস হয়ে গেছে। মানুষ দুর্ভিক্ষের মতো পরিস্থিতিতে পড়েছে। ইসরায়েলি সেনারা খাদ্য ও ওষুধের ত্রাণ আটকে দিয়েছে। এমনকি মানুষ খাবার নিতে গেলে তাঁদের গুলি করে হত্যা করা হয়েছে। এই নৃশংস ঘটনা সেখানে নৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে।

এ বিষয়ে বিশ্বও খুব ধীরে প্রতিক্রিয়া জানিয়েছে। ফলে অনেকটা পরোক্ষভাবে ইসরায়েলের কর্মকাণ্ডকে বৈধতা দেওয়া হয়েছে। তবে সম্প্রতি কয়েকটি দেশ ফিলিস্তিনকে স্বীকৃতি দিয়েছে। এটি অনেক দেরিতে হলেও ইতিবাচক পদক্ষেপ। এটি ইতিহাসের এক গুরুত্বপূর্ণ মুহূর্ত। এর মাধ্যমে ন্যায়বিচার, আত্মনিয়ন্ত্রণ ও মানবাধিকারের নীতিকে আবারও সামনে আনা হচ্ছে। এটা শুধু কূটনৈতিক সিদ্ধান্ত নয়; বরং অন্যায়ের বিরুদ্ধে নৈতিক দায়িত্বের স্বীকৃতি।

আধুনিক বিশ্বে নীরব থাকা নিরপেক্ষতা নয়; বরং অন্যায়ের সহযোগিতা। আর এখানেই ভারতের কণ্ঠস্বর, যা একসময় স্বাধীনতা ও মানবমর্যাদার পক্ষে দৃঢ় ছিল। কিন্তু সেই স্বর এখন অনেকটাই নীরব হয়ে গেছে। মোদি সরকারের প্রতিক্রিয়া মূলত নীরবতা আর মানবিকতা ও নৈতিকতার অভাবে ভরা। ভারতের সংবিধানের মূল্যবোধ বা কৌশলগত স্বার্থের চেয়ে প্রধানমন্ত্রী মোদি ও ইসরায়েলের প্রধানমন্ত্রীর ব্যক্তিগত বন্ধুত্বই যেন তাদের অবস্থান ঠিক করছে।

কিন্তু এ ধরনের ব্যক্তিনির্ভর কূটনীতি টেকসই নয়। এটি ভারতের পররাষ্ট্রনীতির দিশা হতে পারে না। যুক্তরাষ্ট্রসহ অন্য জায়গায় এমন প্রচেষ্টা ইতিমধ্যেই ব্যর্থ হয়ে দেশকে অপমানজনক পরিস্থিতিতে এরপর ২৪ পৃষ্ঠায়



তখন আমরা যেভাবে লড়াই করেছিলাম, ফিলিস্তিনিরা একইভাবে লড়াই চালিয়ে যাচ্ছে। তাই ভারতের উচিত ফিলিস্তিনের প্রতি ইতিহাসের সহমর্মিতা দেখানো এবং সেই সহমর্মিতাকে নীতিগত পদক্ষেপে রূপ দেওয়া। ভারতের অতীত অভিজ্ঞতা, নৈতিক কর্তৃত্ব আর মানবাধিকারের প্রতি অঙ্গীকার তাকে তাৎক্ষণিকভাবে ন্যায়বিচারের পক্ষে কথা বলতে, অবস্থান নিতে এবং কাজ করতে শক্তি জোগায়। প্রত্যাশা হলো, ভারত যেন পক্ষপাতিত্ব না করে। এখানে ইসরায়েল আর ফিলিস্তিনের মধ্যে কাউকে বেছে নেওয়ার প্রশ্ন নেই। প্রত্যাশা হলো ভারত যেন নীতিনিষ্ঠ নেতৃত্ব দেখায়। যে মূল্যবোধের ওপর ভারত দাঁড়িয়ে আছে এবং স্বাধীনতা আন্দোলনের সময় দেশটির যে আদর্শ ছিল, তার সঙ্গে সামঞ্জস্য রেখে ফিলিস্তিন ইস্যুতে ভারতকে ভূমিকা রাখতে হবে

# সংশয় কেন কিছুতেই পিছু ছাড়ছে না!

অরুণ কর্মকার

এনসিপি কোনোভাবেই গণপরিষদ নির্বাচন এবং নতুন সংবিধান প্রণয়নের দাবি থেকে সরে যায়নি। এ ছাড়া এখন তাদের একটি বড় বিষয় হয়ে দাঁড়িয়েছে নির্বাচনী প্রতীক। নির্বাচন কমিশন তাদের কাঙ্ক্ষিত শাপলা যে বরাদ্দ করবে না, তা স্পষ্ট করেই জানিয়ে দিয়েছে এবং অন্য কোনো প্রতীক বাছাই করে নেওয়ার অনুরোধ জানিয়ে চিঠি দিয়েছে। কিন্তু এনসিপি এখনো শাপলা প্রতীক পাওয়ার বিষয়ে অনড় অবস্থানে আছে। এ জন্য নির্বাচন কমিশন ঘেরাও করার কথাও দলটির পক্ষ থেকে বলা হয়েছে। উল্লিখিত যেকোনো একটি বা একাধিক উপাদান নির্বাচন হতে না দেওয়া কিংবা নির্বাচন পিছিয়ে দিতে বাধ্য করা অথবা নির্বাচন আয়োজনে বিঘ্ন সৃষ্টি করার জন্য যথেষ্ট নয় কি! তারপরও আমরা বিশ্বাস করি নির্বাচন আগামী ফেব্রুয়ারির প্রথমার্ধেই হবে, যার মাধ্যমে দেশে অবাধ গণতন্ত্রের পথযাত্রা শুরু হবে

নির্বাচন কতটা সুষ্ঠু ও গ্রহণযোগ্য হবে সে বিষয়েও সংশয় সৃষ্টি হয়েছে। বিশেষ করে ডাকসু নির্বাচন নিয়ে ওঠা কতিপয় বাস্তব অভিযোগ এবং বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) নির্বাচনী প্রক্রিয়ায় সরকারি হস্তক্ষেপের প্রকাশ্য অভিযোগ ও তার প্রতিক্রিয়া হিসেবে ১৫ জন হাই প্রোফাইল প্রার্থীর নির্বাচন থেকে সরে দাঁড়ানোর পর এই সংশয় যথেষ্ট বাস্তব হয়ে উঠেছে।



আগামী বছরের ফেব্রুয়ারির প্রথমার্ধে সাধারণ নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে কি সন্দেহ-সংশয় আছে? আপাতদৃষ্টিতে নেই। নির্বাচন ওই সময়েই হবে-সাধারণভাবে এমনটাই ধারণা করা যায়। সরকারের ঘোষণা ও নানা সময়ের বক্তব্য, নির্বাচন কমিশনের কর্মকাণ্ড, রাজনৈতিক দলগুলোর প্রস্তুতি-এসবই এই ধারণার ভিত্তি। তারপরও কি কোথাও কোনো সংশয় নেই! আছে। বৃহত্তর জনপরিসরে তো আছেই, এমনকি রাজনৈতিক মহলও পুরোপুরি নিঃসংশয় নয়। যে কারণে কোনো ফাঁকফোকর দেখলেই তারা শঙ্কিত হয়ে পড়ে। এই যেমন যুক্তরাষ্ট্রে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস এক সাক্ষাৎকারে কথার পিঠে কথা প্রসঙ্গে সরকারের মেয়াদ প্রসঙ্গে বললেন, 'দেশে এমন মানুষও আছেন যাঁরা বলছেন পাঁচ বছর থাকুন, ১০ বছর থাকুন, ৫০ বছর থাকুন।' সেই কথা ধরেই বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা জয়নুল আবদিন ফারুক বললেন, বাংলাদেশে আগামী নির্বাচন নিয়ে একটি শঙ্কা সৃষ্টি হয়েছে। তিনি (প্রধান উপদেষ্টা) আসলে কী বলতে চাইছেন, সেটিই এখন প্রশ্ন। তিনি এই কথা বলে নির্বাচন নিয়ে শঙ্কা আরও বাড়িয়ে দিয়েছেন।

রাজনৈতিক পর্যবেক্ষকেরা খুব দক্ষ ও সূক্ষ্ম ছিদ্রান্বেষীও। তাঁরা প্রথমত রাজনীতিকদের ও কর্তৃপক্ষের বক্তব্য-বিবৃতি অভিনিবেশসহকারে পর্যবেক্ষণ ও ব্যাখ্যা করেন। সুতরাং প্রধান উপদেষ্টার মতো সরকারের শীর্ষ ব্যক্তি যদি বলেন, ফেব্রুয়ারিতে নির্বাচনের প্রস্তুতি নিচ্ছি, সেটাকে তাঁরা ওই সময় নির্বাচন অনুষ্ঠানের নিশ্চিত নির্দেশনা বলে মনে করেন না। কারণ, ওই কথার মধ্যে এই ইঙ্গিতও সুপ্ত থাকে যে যথেষ্ট প্রস্তুতি না হলে ওই সময় নির্বাচন না-ও হতে পারে। জাতিসংঘে দেওয়া ভাষণে প্রধান উপদেষ্টা ফেব্রুয়ারিতে নির্বাচনের প্রস্তুতি নেওয়ার কথাই বলেছিলেন। সে কথা ছিদ্রান্বেষীদের ব্যাখ্যায় ভিন্ন অর্থও বোঝাতে পারে। কিন্তু এসবের পেছনে মোদ্দা কথা হলো সংশয়। সংশয় এমন একটি বিষয়, যা নিরেট তথ্য-প্রমাণ ছাড়া দূর করা যায় না। এই যে ব্যাপক বিস্তৃত সংশয়, এর গূঢ় কারণ কী? কারণ বোধ হয় আওয়ামী লীগ। আসলে বলা ভালো আওয়ামী লীগের জুজু। কারণ, আওয়ামী লীগ তো কার্যত নেই। অথচ সর্বত্র শঙ্কা-আওয়ামী লীগ যেকোনো সময় চলে আসতে পারে। আওয়ামী লীগ নির্বাচন ভন্ডুল করে দিতে পারে ইত্যাদি। আওয়ামী লীগকে তাড়িয়েও এই যে ভয়, তার কারণ বোধ হয় আওয়ামী লীগকে তাড়িয়ে আমরা যা করতে চেয়েছিলাম, নতুন বন্দোবস্ত, দায় ও দরদের সমাজ, জনগণের ক্ষমতায়ন-এসবের ধারেকাছেও আমরা যেতে পারিনি। বরং প্রায় সব কর্মে পুরোনোরই পুনরাবৃত্তি হয়েছে, হচ্ছে। ফলে আওয়ামী লীগ ফিরে আসার ফাঁকও রয়ে গেছে। প্রধান উপদেষ্টা পূর্বোক্ত সাক্ষাৎকারে এক প্রশ্নের জবাবে স্পষ্ট করেই বলেছেন, '...তবে এ সম্ভাবনা রয়েছে যে বাইরের কিছু শক্তি তাঁকে (শেখ হাসিনাকে যার বিস্তৃত অর্থ আওয়ামী লীগকে) বাংলাদেশে ফিরে আসতে সহায়তা করবে। আমরা সব সময় এটা নিয়ে উদ্বিগ্ন।' ব্যবস্থার পরিবর্তন না করতে পারলে এই জুজুর ভয় থেকে আমাদের রক্ষা হবে কীভাবে! কার্যক্রম নিষিদ্ধ করে কিংবা আদালতের রায়ে দল নিষিদ্ধ করে কি এই ভয় থেকে প্রকৃতই মুক্তি পাওয়া যাবে?

নির্বাচন অনুষ্ঠান নিয়ে যেমন এসব সন্দেহ-সংশয় রয়েছে, তেমনি নির্বাচন কতটা সুষ্ঠু ও গ্রহণযোগ্য হবে, সে বিষয়েও সংশয় সৃষ্টি হয়েছে। বিশেষ করে ডাকসু নির্বাচন নিয়ে ওঠা কতিপয় বাস্তব অভিযোগ এবং বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) নির্বাচনী প্রক্রিয়ায় সরকারি হস্তক্ষেপের প্রকাশ্য অভিযোগ ও তার প্রতিক্রিয়া হিসেবে ১৫ জন হাই প্রোফাইল প্রার্থীর নির্বাচন থেকে সরে দাঁড়ানোর পর এই সংশয় যথেষ্ট বাস্তব হয়ে উঠেছে। ডাকসু নির্বাচনের ব্যালট পেপার নীলক্ষেতে ছাপার বিষয়টি গণমাধ্যমের অনুসন্ধানে সন্দেহাতীতভাবে প্রমাণিত। ছাত্রসংগঠনগুলো এখন ভোটার তালিকা দেখে নিশ্চিত হতে চাইছে যে প্রকৃতপক্ষে কত শতাংশ ভোট পড়েছে। কিন্তু বিশ্ববিদ্যালয় প্রশাসন এ বিষয়ে এখনো চুপচাপ। এ নিয়ে উপাচার্যের বাসভবনের সামনে বিক্ষোভও করা হচ্ছে। এই প্রেক্ষাপটে অনেকেই এখন দৃঢ়ভাবে বিশ্বাস করেন যে যতই বিশ্বে উদাহরণ সৃষ্টিকারী হবে বলে বলা হোক না কেন, অন্তর্বর্তী সরকারের পক্ষে একটি সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠান কঠিন হবে। অবশ্য বলা হতে পারে যে নির্বাচন অনুষ্ঠান তো সরকারের দায়িত্ব নয়, নির্বাচন কমিশনের দায়িত্ব। কিন্তু একাধিক নির্বাচন কমিশনারও ইতিমধ্যে একাধিকবার বলেছেন যে আগামী নির্বাচন আয়োজন ও অনুষ্ঠান করা হবে এযাবৎকালের মধ্যে সবচেয়ে বেশি চ্যালেঞ্জিং। এরপর ২৪ পৃষ্ঠায়




বাড়ী ক্রয়ের এখনই সঠিক সময়!
SELL YOUR PROPERTY FASTER WITH TOP $$$
Resdential, Commercial, Foreclosure HUD Sale, Short Sale Specialist.
20 Years Experience
BUY - SELL - RENT
আপনার বাড়ীর Free Market Analysis and Consultation এর জন্য যোগাযোগ করুন:
মোহাম্মদ সেলিম রেজা
Lic. Real Estate Sales Person
আমরা বাংলায় কথা বলি
ফোন: 929-393-7331
Mohammad Salim Reza (MBA)
NYC Licensed Realtor, Professional/ Couteous!
Tel. 929-393-7331
Email: mrezarealtor@gmail.com
EXIT
EXIT REALTY PRIME
189-10 Hillside Ave, Suite E, Queens, NY 11423
Office: 718-262-0205, Fax: 718-262-0254


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208



# বাংলাদেশী টেলিভিশন জার্নালিস্ট এসোসিয়েশনের অভিষেক

সাংবাদিকরা উপস্থিত ছিলেন।
সংগঠনের প্রধান উপদেষ্টা শাহনেওয়াজ গ্রুপের প্রেসিডেন্ট ও সিইও শাহ নেওয়াজ নব-গঠিত কমিটির সবাইকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। এ সময় তিনি বলেন, বর্তমান সময়ে অনেক তরুণ এবং চৌকস সাংবাদিক যুক্তরাষ্ট্র প্রবাসী হয়েছেন।










তাদের অনেকেই বাংলাদেশের মতোই জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন গুরুত্বপূর্ণ ইভেন্ট কাভার করছেন। বিশেষ করে টেলিভিশন মিডিয়ার সংবাদের প্রতি দর্শক শ্রোতার আগ্রহ বেশি। তাদের প্রতিবেদনগুলো সমাজে দারুন ভাবে প্রভাব ফেলে। টেলিভিশনসাংবাদিকদের কাছে তিনি প্রত্যাশা করেন, তারা যেন কমিউনিটির উন্নয়ন মূলক ও সফলতার খবরের দিকে বেশি নজর দেন। তাহলে, কমিউনিটি বিনির্মানে তাদের প্রতিবেদনগুলো আরো বেশি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে।
সংগঠনের প্রেসিডেন্ট -ফরিদ আলম স্বাগত বক্তব্যে বলেন, টেলিভিশন সাংবাদিকদের পেশাগত দক্ষতা বৃদ্ধি এবং তথ্যবহুল সংবাদ সংগ্রহের জন্য সবার মধ্যে যোগাযোগ বাড়ানোর উদ্দেশ্যেই এই সংগঠন গড়ে তোলা হয়েছে। কমিউনিটির ইতিবাচক সংবাদগুলো প্রকাশ করা এবং বাংলাদেশের আলোচিতগুলো প্রবাসীদের সামনে তুলে ধরতে এই সংগঠন কাজ করবে। অভিষেক অনুষ্ঠানে শাহ নেওয়াজ ছাড়াও বাংলাদেশ সোসাইটির প্রেসিডেন্ট আতাউর রহমান সেলিম, ভাইস প্রেসিডেন্ট মহিউদ্দিন দেওয়ান, সাপ্তাহিক বাংলাদেশ পত্রিকার সম্পাদক ড. ওয়াজেদ এ খান, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম, প্রবাস পত্রিকার সম্পাদক মোহাম্মদ সাঈদ, প্রথম আলো উত্তর আমেরিকার নির্বাহী সম্পাদক মনজুরুল হক, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রেসিডেন্ট ফখরুল ইসলাম দেলোয়ার, বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের সদস্য নাঈম টুটুল, কমিউনিটির বোর্ড সদস্য আহসান হাবীব, টিবিএন টুয়েন্টি ফোরের ভাইস প্রেসিডেন্ট এএফএম মেসবাহুজ্জামান, সিপিএ সরওয়ার চৌধুরী,





ওয়ার্ল্ড হিউম্যান রাইটসের প্রেসিডেন্ট শাহ শহীদুল হক, রিয়েলটর নুরুল আজিম, কমিউনিটি এক্টিভিস্ট আহসান হাবীব, হককথা সম্পাদক সালাহউদ্দিন আহমেদ, সাংবাদিক আকবর হায়দার কিরন, নিউইয়র্ক ব্রাইটের সম্পাদক হেলাল আহমেদ, প্রথম আলোর নিউইয়র্ক প্রতিনিধি তোফাজ্জল লিটন, কমিউনিটি অ্যাক্টিভিস্ট ও ব্যবসায়ী জে মোল্লা সানী, নিউইয়র্ক কাগজের সম্পাদক আকতারুজ্জামান ইসলাম, জ্যামাইকা-বাংলাদেশ এসোসিয়েশনের সাধারণ সম্পাদক রাব্বী সৈয়দ, বিডি-ইয়র্কের সম্পাদক শাহ ফারুক, মানবাধিকার নেত্রী কাজী ফৌজিয়া, কমিউনিটি এক্টিভিস্ট আব্দুর রশীদ বাবু, কমিউনিটি এক্টিভিস্ট সওশাল হায়দার, ইয়েলো সোসাইটির সাধারণ সম্পাদক রুহুল আমীন, উপস্থাপিকা শারমিন সিরাজের সঞ্চালনায় প্রাণবন্ত এই অভিষেক অনুষ্ঠানে প্রবাসের জনপ্রিয় সংগীত শিল্পী রানো নেওয়াজ, অনিক রাজ ও রেশমী মির্জা গান পরিবেশন করেন। নতুন অভিষিক্তরা হলেন, প্রেসিডেন্ট-ফরিদ আলম, সাধারণ সম্পাদক-এস এম সোলায়মান, ভাইস প্রেসিডেন্ট-(১) শামসুন্নাহার নিম্মি, ভাইস প্রেসিডেন্ট-(২) জাহিদা আলম, যুগ্ম-সাধারণ সম্পাদক-মল্লিকা খান মুনা, কোষাধ্যক্ষ-এমডি এ আহাদ, সাংগঠনিক সম্পাদক-রেজওয়ানা এলভিস, নির্বাহী সদস্য-এহসান জুয়েল, আলমগীর হোসাইন, রিজু মোহাম্মেদ ও অনিক রাজ।




# যুক্তরাষ্ট্রে এনআইডি কার্ড বিতরণ শুরু








৬৪ পৃষ্ঠার পর
ডেপুটি কন্সাল জেনারেল আনিসুজ্জামান ও এনআইডি প্রকল্পের আরও তিনজন বিশেষজ্ঞ সাথে ছিলেন।
নিউইয়র্কের বাংলাদেশ কন্সুলেটের কন্সাল জেনারেল মোজাম্মেল হকের সঞ্চালনায় এনআইডি তৈরি অনুষ্ঠানে সিনিয়র সচিব আখতার হোসেন জানান, যে কোনো প্রবাসী দেশের নির্বাচনে ভোট দিতে চাইলে অবশ্যই তাকে ভোটার রেজিস্ট্রেশন করতে হবে। তবে ভোটার রেজিস্ট্রেশনের আগে তাকে অবশ্যই এনআইডি কার্ডের জন্য আবেদন করতে হবে। এনআইডি তৈরির জন্য ওই ব্যক্তিকে অবশ্যই কন্সুলেটে আসতে হবে। আর এনআইডি করার জন্য অবশ্যই ওই ব্যক্তির জন্ম নিবন্ধন সার্টিফিকেট লাগবে সবার আগে। যদি কারো জন্ম নিবন্ধন সার্টিফিকেট না থাকে তাকে অবশ্যই কন্সুলেটের ওয়েবসাইটে ঢুকে এনআইডি আবেদনের আগে এই সার্টিফিকেট লাগবে। জন্ম নিবন্ধন সার্টিফিকেট ছাড়াও এনআইডি পেতে মেয়াদসহ অথবা মেয়াদউত্তীর্ণ বাংলাদেশের পাসপোর্টের কপি লাগবে। কারো পাসপোর্ট না থাকলে সে ক্ষেত্রে বাবা , মা'র পাসপোর্টের কপি ও বাংলাদেশে ওই ব্যক্তির পরিচিত তিন জন মানুষের স্বাক্ষর লাগবে। যাদের বাংলাদেশে এনআইডি আছে। এনআইডি কার্ডের আবেদনের পর এটা আপাতত লেমিনেটিং করে কার্ড দেয়া হবে। পরবর্তীতে সবাইকে স্মার্ট এনআইডি কার্ড দেয়া হবে সরবরাহ স্বাভাবিক হলে।
সিনিয়র সচিব আখতার হোসেন আরও জানান, কারো এনআইডি হয়ে গেলে ওই ব্যক্তি চাইলেই প্রবাস থেকে ভোট দিতে পারবেন। তবে সে ক্ষেত্রে আরও কিছু ডকুমেন্ট দিতে হবে। ভোটার রেজিস্ট্রেশন করার জন্য কাউকে আর কন্সুলেটে যেতে হবে না। নির্বাচন কমিশন সচিবালয় একটি অ্যাপস তৈরি করেছে। যেটি এখনও প্রকাশ্যে আনা হয়নি। সেই অ্যাপসে ঢুকে প্রথমে আবেদনকারীকে একাউন্ট ক্রিয়েট করতে হবে। একাউন্ট ক্রিয়েট করার সময় প্রত্যেকেরই এনআইডি নম্বরসহ ফেস আইডি দিতে হবে। যেভাবে আইফোনে ফেসআইডি ক্রিয়েট করা হয়। ভোটার নিবন্ধনের জন্য, এনআইডি, পাসপোর্ট ( মেয়াদ উত্তীর্ণ হলেও হবে ), জন্ম নিবন্ধন, ২ কপি কালার ছবি, ব্যালট পেপার পাওয়ার জন্য নিজের ঠিকানা এবং নিজের মোবাইল ফোন নম্বর।
সিনিয়র সচিব আখতার হোসেন আরও বলেন, এনআইডি পেতে হলে কন্সুলেটে এ্যাপয়নমেন্ট করে গেলে প্রয়োজনীয় সব কাগজ নিয়ে যেতে পারবেন। এসব ছাড়াও কারো কোনো প্রশ্ন বা জানার থাকলেও তিনি কন্সুলেটে যোগাযোগ করতে বলেন।
শাহ নেওয়াজ পেলেন প্রথম এনআইডি প্রবাসে বাংলাদেশী আমেরিকানদের মধ্যে সবচেয়ে বড় ব্যবসায়ী গ্রুপ শাহ নেওয়াজ গ্রুপের প্রেসিডেন্ট ও সিইও শাহ নেওয়াজ প্রথম প্রবাসী বাংলাদেশী হিসেবে এনআইডি বা জাতীয় পরিচয়পত্রের জন্য রেজিস্টার হয়েছেন। ৩ অক্টোবর সকালে নিউইয়র্কের বাংলাদেশ কন্সুলেটে বিশেষ ব্যবস্থায় তার ডকুমেন্ট ও রেটিনার ছবি নেয়া হয়। এনআইডি আবেদনের পর তিনি গনমাধ্যম কর্মীদের বলেন, ' এটি প্রবাসী বাংলাদেশীদের জন্য খুবই খুশীর খবর। কারণ প্রবাসীরা দর্ঘদিন ধরে ভোট দেয়ার আগ্রহ প্রকাশ করে আসছে। কিন্তু বছরের পর বছর অপেক্ষা করেও প্রবাসীদের প্রত্যাশা পুরণ হচ্ছিলো না। এবার সে প্রত্যাশা পুরণ হলো। তিনি আশা করেন, প্রবাসীরা খুব সহজে এনআইডি ও ভোটার রেজিষ্ট্রি করতে পারবেন। এবং তারা তাদের পছন্দের প্রার্থীকে ভোট দিতে পারবেন।



এষ্টোরিয়ায় বাংলাদেশী মালিকানাধীন বিশ্বস্থ অটো রিপেয়ার শপ

Open 24 Hours

REPAIR

Body Work
Computerized wheel Alignment
Complete Mechanical Work
Rebuild Transmission
Tires & Wheel Balancing

**N.Y.S. Inspection**

Low Price & Fully Guaranteed

# United

## Auto Repair & Body Shop, Inc.

**Contact: Azam** **Tel: 718-786-6677**

Cell: 917-567-3637, Email: unitedautony@gmail.com

- ১০০% গ্যারান্টি সহ যাবতীয় রিপেয়ার
- দক্ষ মেকানিকের দ্বারা ক্রুটি নির্ণয়
- সুলভ মূল্যে ফুল অটো রিপেয়ার
- নতুন ও রিবিল্ড ট্রান্সমিশন স্থাপন




# ইউনাইটেড অটো রিপেয়ার

ইয়েলো ক্যাব, লিমোজিন ও লিভারীর জন্য বিশেষ ছাড়

38-06 31st Street (Betn. 38th & 39th Ave.), Astoria, NY 11101

# এই সপ্তাহের কবিতা



## মলিন বর্ণের ছেঁড়া সময়
### এবিএম সালেহ উদ্দীন

১.
আমার বছরগুলি এখন আর হৈ-চৈ করে না
তুমুল উদ্যমে খেলা করে না আগের মতো
বছরগুলি এখন আর থাকতে চায় না
আমার নিজস্ব সীমানায়
ধমনী বাহিত জলে নিঃসঙ্গতার তীব্র হাহাকার
আমার বছরগুলি থেমে যায় বিচ্ছেদের তপস্যায়
কখনো
হিমেল হাওয়ার মিস্টিরোদে-
ফোঁটা ফোঁটা অশ্রু আনে
আমি তখন শরৎ সন্ধ্যার লগ্ন খুঁজি
দিনে দিনে,মাসে মাসে
আমার ভেতরে বেড়ে যায়,-খোঁজবার নেশা
কিন্তু,-আমি তার দেখা পাই না !
বন্ধুহীন ছেঁড়া সময়,আমার হৃৎপিণ্ডে ঠোকা মারে-
ওরা আঘাত করে মহাকাশের উল্কার মতো !
আমি তখন
নিকষ আঁধারে হাতড়াতে থাকি বায়ুমণ্ডলে
আহ!-কীভাবে
জীবনপাতা শুকিয়ে যায়,-ক্ষয়িষ্ণুতার অনুতাপে !
তবেই কিনা সবকিছু বদলে গ্যাছে ?
লাভাময় মৃত্তিকায় নিথর হয়ে থেমে গেল স্বপ্ন
মলিন বর্ণে অম্বরে তাকাই শূন্য অবকাশ্
২.
এখন
সেইসব দৃশ্যাবলীই আমার স্মৃতিসম্বল্
বৃষ্টিস্নাত খেলার মাঠ
শিশিরভেজা হেমন্ত সকাল
শূন্য কাছারি,দৌড়গোড়ার পুকুরপাড়
স্কুলমাঠের ভেজা ঘাসে
লুটোপুটি খায় স্মৃতির অ্যালবাম
তেমনই
মিলনার্তের নীলাভ ব্যথায়,উদ্বাহু ঋতুর চৌকাঠে ( !)
ধবল-কোমল ছায়াপথে,-সাজানো থাকে
বৃষ্টিস্নাত কিশোর বেলা,-আরও কিছু শরৎকাল
৩.
বছরগুলি আর যেন না হয়,মলিন বর্ণের ছেঁড়া সময়
আমি যেন মিশতে পারি প্রকৃতির নিদাঘ শোভায়
মোহনীয় সৌন্দর্যে সবাই যেন বলতে পারে
সুরভিত হয়ে উঠুক আগামী বছরগুলি,
-যেন মানুষেরই হয়ে ওঠে দুর্বার
গড়ে উঠুক,-যুদ্ধহীন,দ্বন্দ্বহীন পৃথিবী
ঐতিহ্যের শিখরে উড়ুক শান্তির পতাকা
বিপুল সমারোহে অঙ্কিত হোক মানুষের মানচিত্র
আমি যেন,
চোখ মেলে তাকাতে পারি,-দীঘল উচ্ছ্বাসে
যেখানে লেপ্টে থাকবে,-মাতৃদেশ
আমার প্রিয় জন্মভূমি।

লেখক: কবি, কুইন্স, নিউইয়র্ক।



## আমি মানবতার জয়গান গাই
### শেলী জামান খান

একটা সময় আমিও বিশ্বাস করতাম,
মাথার উপরে ঈশ্বর আছেন!
আল্লাহ আছেন!
ভগবান আছেন!
তিনি সব জানেন! সব দেখেন!
তার কাছেই ছিল আমার যত নালিশ, অভিমান অভিযোগ!
আমার যত চাওয়াপাওয়া!

সিরিয়ার সেই ক্ষতবিক্ষত শিশুটিরও ঈশ্বরে পরম বিশ্বাস ছিল।
মৃত্যুমুখে সে বলেছিল,
"I'm gonna tell God everything"
সে ঈশ্বরকে মানুষের অমানবিকতার কথা,
মানুষের নিষ্ঠুরতার কথা বলতে চেয়েছিল।
সম্ভবত ঈশ্বরকে সে খুঁজে পায়নি।
সাত আসমানের ঈশ্বরের কানে তার কান্না পৌঁছায় নি!

হে আমার রব! হে আমার ঈশ্বর! হে আমার ভগবান!
কোথায় তুমি? কোথায় তুমি?
সাড়া দাও! সাড়া দাও!
এই হত্যাযজ্ঞ বন্ধ কর!
এই অনাচার বন্ধ কর!
এই রক্তপাত বন্ধ কর!
আমি চিৎকার করে ঈশ্বরকে ডেকেছি। বহুবার ডেকেছি!
কিন্তু বোবাকালা ঈশ্বর আমার ডাকে সাড়া দেয়নি।

নির্যাতিত ফিলিস্তিনিদের প্রবল কান্নায় আমার ঈশ্বরের আরশ কাঁপে না।
হিটলারের মানুষ পোড়ানো উৎসবও ঈশ্বর চুপচাপ হজম করেছেন।
দশভুজা মা দুর্গা কি বছরই ধরায় আসেন, আবার ফিরে যান।
অসুর নিধনে তার ত্রিশুল এখন আর ঝলসে ওঠে না।
আসবে আসবে করেও ত্রাণকর্তা যীশু আজও ধরায় অবতীর্ণ হলেন না।
মোশি'র হাতের সর্পরূপী লাঠি এখন আর মায়াজাল সৃষ্টি করে না।
সাগরকে দ্বিখণ্ডিত করে না তার দন্ড।
তাইতো আমি সেই পুজনীয় ঈশ্বরকে,
সেইসব মহাশক্তিধরদের আজ ছুটি দিয়েছি!

আবরার, মুগ্ধ, সাঈদ, ওরাই আমার ঈশ্বর,
জুলাই বিপ্লবে যে মায়েরা পথে নেমেছিল, তারাই আমার দুর্গা মা,
ফিলিস্তিনের মুক্ত বক্ষের দাবীতে যারা প্রতিবাদে নেমেছে, ওরাই আমার যীশু।
ক্ষুধার্ত ফিলিস্তিনীদের জন্য যারা খাবার বয়ে নিয়ে যায়, ওরাই আমার মোশি,
যারা এখনও মানবতার কথা বলে, তারাই আমার বিশ্বনবী।
তারাই আমার আরাধ্য দেবতা, আমার পরমেশ্বর!
আমি সেই মানবতার জয়গান গাই!

লেখক: কবি, কনি আইল্যান্ড, ব্রুকলিন।



## মফিজ মিয়ার স্বপ্ন
### সুজন দাশ

মফিজ মিয়া মাঠের কৃষক
বর্গা জমির চাষা,
অভাব কষ্ট আছে লেগে
বয় অনটন ঝড়ের বেগে!
মনের কোণে তবুও তার
লালন করে আশা।

ছেলে মেয়ে দুইজনে খুব
পড়াশোনায় ভালো,
শিক্ষকেরা ওদের প্রতি
দেখায় দয়া সদয় অতি!
অমসাইটুকু দেয় প্রেরণা
দেখায় তারে আলো।

সংসারে খুব টানাটানি
ছেলে মেয়েও বোঝে,
চাইনা কিছু বাবার কাছে,
কষ্ট পাবে ভেবে পাছে!
বলার আগেই আনে বাবা
দু'চোখ টুঁয়ে বুজে।

ছেলে মেয়ের জন্য বাবা
খাটে গাধার মত,
এমন বাবা সবাই হলে
কেউ থাকে না পড়ে তলে
শিক্ষাজ্ঞানে আগায় সমাজ
রয় না দুঃখ তত।

লেখক: কবি, আটলান্টিক সিটি, নিউজার্সি।



## হেমন্ত দিনে
### সুফিয়ান আহমদ চৌধুরী

ফুলের হাসি রোদের হাসি
সবুজ রাঙা গাঁয়,
হেমন্ত দিনে জাগায় সাড়া
রাঙিয়ে মন যায়।

সবুজ গাঁয় খুশির বান
ঝিলিক ঝিলিক করে,
গাঁয়ের মাঠে হলদে ধান
আনন্দ ঘরে ঘরে।

আকাশ নীলে উড়ছে পাখি
জুড়ায় আঁখি সুখে,
কলসি কাঁখে লাজুক বধূ
কতই খুশি মুখে।

ছেলের দল খেলার মাঠে
মধুর বেলা যায়,
হেমন্ত সুখে কিষাণ মাঠে
দেশের গান গায়।

এমনি করে হেমন্ত ছোঁয়া
আলোয় ভরা মন,
হেমন্ত দিন রঙিন দিন
রাঙায় সুখে ক্ষণ।

লেখক: কবি, কুইন্স, নিউইয়র্ক।



## নিসর্গকন্যার প্রেম
### আহম্মদ হোসেন বাবু

গ্রীষ্মের খাঁ-খাঁ রোদে পুড়ে যায় সবুজ বিশ্ব
চৈতি রাতে প্রেমের টানে, সমর্পণে নিঃস্ব।

বর্ষার জল পূর্ণ করে তল, পোয়াতি হয় মাটি!
যত জঞ্জাল ধুয়ে মুছে, নিসর্গ হয় খাঁটি।

বর্ষার রিমঝিম বৃষ্টি শেষে শরৎ আসে ঘরে
কদম কাঁদে শিউলি হাসে মনটা কেমন করে।

নীলাকাশে ভেসে আসে সাদা মেঘের ভেলা
কাশকন্যারা আসে উড়ে বসে রথের মেলা।

মেঘের কাছে কান্না শিখে জীবন আমার ধন্য
শরৎ বলে- এসো কাছে, আমি তোমার জন্য।

ফিরে গেল যে মেয়েটি, নাম ছিল ওর বন্যা
আগলে আছে যে সুন্দরী, সেই তো শরৎকন্যা।

কুয়াশার চাদরে ঢাকা, মোহিনী হেমন্ত
এত গান এত সুর বাজবে বুকে, কেউ কী জানত?

প্রচণ্ড শীতে হাড় কাঁপে, লেপের ভিতরে ওম
রাতভর অন্তরঙ্গ কথা চলে, চোখে নেই ঘুম।

শীত শেষে ঘরে আসে, মন উতলা বসন্ত
যৌবন করে খেলা, বহে হাওয়া অফুরন্ত।

স্বর্গের অপ্সরী হয় কন্যার রূপের আশেক আমি
কার প্রেমে যে সাড়া দিব, কোন ঘাটে যে নামি?

দৌড়ে যে কাছে আসে তার আলিঙ্গনে থাকি
সবার সাথে সখ্য গড়ি, কেউ পড়ে না ফাঁকি।

ক্যালেন্ডারের পাতার মত, কেউ যায় আর কেউ আসে
সবার প্রেমে সিক্ত আমি, সবাই ভালবাসে।

প্রেম যমুনায় সাঁতার দিয়ে, দিবা-রাত্রি কাটে
মরে যাবো কেউ যদি না, আসে আমার বাটে।



## ভাল থেকো
### মনিজা রহমান

আম্মার সুতির শাড়ির ভাঁজে ভাঁজে তোমাকে রেখে এলাম
বাঁধানো আয়তুল কুরশির ফ্রেমেতোমাকে রেখে এলাম
তোমাকে রেখে এলাম আব্বার পুরনো ডাইরিতে
তোমাকে রেখে এলাম পুকুরের স্বাধীন মাছেদের কাছে
তোমাকে রেখে এলাম সজনে ফুলে আর মৌচাকের মোমে
তোমাকে রেখে এলাম তাল শাঁসের অরগানিক পবিত্রতায়
আশ্বিনের দুপুরে উড়ন্ত মেঘের ছায়ায় তোমাকে রেখে এলাম
রিকশার জ্যামে আর স্কুলের জাতীয় সংগীতে তোমাকে রেখে এলাম
হাতির ঝিলে বসে থাকা যুগলে তোমাকে রেখে এলাম
স্মৃতিসৌধের রৌদ্র-চুম্বনের ছটায় তোমাকে রেখে এলাম
শহিদ মিনারের প্রতিটি ধাপে তোমাকে রেখে এলাম
বিশ্ব সাহিত্য কেন্দ্রের বইয়ের প্রচ্ছদে তোমাকে রেখে এলাম
লালন ভাটিয়ালি রবীন্দ্র নজরুলের নীড়ে তোমাকে রেখে এলাম
সংসদ ভবন, স্টেডিয়াম, কৃষকের দুই চোখে তোমাকে রেখে এলাম
হর্ন আর হই চই, মিছিল আর সমাবেশের জিম্মায় তোমাকে রেখে এলাম
অজস্র মানুষের স্বপ্নে তোমাকে রেখে এলাম
উর্বর ধান-রোদে তোমাকে রেখে এলাম,
তোমাকে রেখে এলাম-শরতের নরম কাশফুলে
আবার দেখা হবে,
ভাল থেকো তুমি- বাংলাদেশ।

লেখক: কবি, কুইন্স, নিউইয়র্ক।



## খুঁজে ওগো নিও
### লুৎফুর রহমান চৌধুরী

সেদিন তুমি বলে ছিলে
আমি তোমার প্রিয়
আঁচলে ঢাকা ভালোবাসা
খুঁজে ওগো নিও।

ইচ্ছে জাগে তোমায় নিয়ে
দিতে সাগর পাড়ি
সুখে দুঃখে গড়তে চায় মন
ছোট্ট একটি বাড়ি।

ফুল ফুটেছে চারিদিকে
কোনটা নেব হাতে
ইচ্ছে করে থাকতে মোর
সব ফুলেই সাথে।

অল্প মূল্যের ফুলগুলো
নয় কেন তা দামী
মনের ভেতর খবরখানি
জানে অন্তর্যামী।


NEW YORK CITY COUNCIL ELECTION
NOVEMBER 4TH, 2025
DISTRICT 25
COUNCILMAN
INDEPENDENT CANDIDATE
YOUR VOTE
MATTERS
SHAH SHAHIDUL HAQUE
শাহ্ শহিদুল হক (সাঈদ) কে ভোট দিয়ে জয়যুক্ত করে আপনাদের সেবা করার সুযোগ দিন
347-476-9424, 929-780-7430
Paid By Friends of Shah for NYC

# Zohran Mamdani's Odds of Winning NYC Mayoral Race Hit New High

**Shah Nawaz**





Democratic candidate Zohran Mamdani's chances of becoming New York City's mayor have hit a new high this week over former Governor Andrew Cuomo and Republican candidate Curtis Sliwa.

The 2025 New York City mayoral election is shaping up as one of the most closely watched political contests in the United States, with significant implications for national politics, the future of progressive policy and representation in America's most populous city. Mamdani, if elected, would become New York City's first Muslim mayor, marking a moment of historic significance amid a backdrop of religious and political polarization.

His candidacy has reverberated nationally, drawing attacks from prominent conservatives and support from influential Democratic leaders. The election is also seen as a bellwether for shifts in urban policy priorities and party alignments, with issues like affordability, crime and the city's response to President Donald Trump's administration at the forefront.

With the general election scheduled for November 4, Mamdani leads the field with a whopping 89.6 percent chance of victory, according to prediction market Polymarket at 9:47 p.m. ET Friday. His main rival, Cuomo, holds a 9.5 percent probability, while Sliwa has less than 1 percent.

Mamdani's odds hit a high at 1 p.m. ET Thursday, at 90.3 percent.

Polling data reinforces Mamdani's front-runner status. A Suffolk University poll released in late September placed Mamdani with 45 percent of likely voters, 20 points ahead of Cuomo, who captured 25 percent. Other contenders at the time, including Sliwa and incumbent Mayor Eric Adams, trailed with single digits. The dynamics of the race shifted after Adams ended his reelection campaign. Some analyses indicate Adams' departure could help consolidate opposition votes behind Cuomo. (Source-News Week)




## The Republican nominee remains a thorn in Cuomo's side

**Ajkal Desk**

Andrew Cuomo has tried to cast the race as a two-man contest, Sliwa remains in the race and has showed no signs of ending his campaign. Even as Trump has declined to back him, Sliwa got the endorsement Monday of former New York City Mayor Rudy Giuliani. Giuliani, who served two terms as mayor and later became a high-profile Trump ally, hosted Sliwa on his X show on Monday night and railed against Cuomo, saying he had run "a terrible campaign" in the Democratic primary. Sliwa, an omnipresent New York character who founded The Guardian Angels, a crime watch group, has called Giuliani New York City's greatest mayor and said his mayoralty would be modeled after his. Adams, meanwhile, has minimized his public appearances and stayed away from the City Hall press corps that tries to trail him every day. On Monday, City Hall announced Adams would travel to Albania to meet with local business leaders and the country's prime minister.

Mamdani, who has said he would avoid traveling outside of the city if he is elected mayor, noted he too had met with that community recently. "I spoke to a number of Albanian New Yorkers just this weekend," Mamdani said during a campaign stop Monday. "I went to Staten Island."



## NYC High School Applications Open For 2026 School Year

**Ajkal Desk**

New York City's public high schools are now accepting applications for the 2026-2027 school year. Applications opened Tuesday for all 400 high schools in the city, as well as LaGuardia High School's six arts programs. Applications will remain open for New York City residents in eighth or ninth grade until Dec. 3. Decisions will be made by March 5. Applications are available online in multiple languages. For more information, click here. Registration also started Tuesday for the Specialized High Schools Admissions Test, required for admission to any of the city's eight specialized schools, including the Bronx High School of Science. Admission is determined by several key factors, including student program rankings, seat availability, location, and priority, according to the Department of Education. Some programs will require additional evaluation, like an audition. (Source-PIX 11)




## Andrew Cuomo is trying a little bit of everything to save his bid

**Ajkal Desk**

Andrew Cumo is trying to prove New York City Democrats that he'd represent them better than Zohran Mamdani. And he's trying to prove to New York City Republicans that he'd represent them better than Curtis Sliwa, the GOP nominee. He's going on Fox Business in the morning and MSNBC at night with a stop on ABC's "The View" added in. He's appealing to real-estate leaders who backed him against Mamdani in the Democratic primary he lost while appearing Tuesday night at a fundraiser hosted by a Republican developer. His aides are ramping up his social media content, posting a video featuring an AI-generated Cuomo doing jobs the real Cuomo says he couldn't do. It's not yet clear whether all of it will add up to much.

Mamdani remains the favorite to win November's general election, well ahead of Cuomo in the most recent public polling. Eric Adams' decision to end his reelection bid was seen as a boost to Cuomo, though the mayor was running fourth in most polls and did not endorse the former governor – whom Adams called a "liar" and a "snake" days earlier. Sliwa, running third, insists nothing will stop him from finishing his campaign. While Cuomo's message against Mamdani has remained the same, his appeals across the spectrum have at times seemed contradictory and risked playing into a core Mamdani argument: The former New York governor is aligning with Donald Trump for political reasons in his comeback bid, even as the Queens-born president threatens his hometown with federal retribution if Mamdani wins. "There are a lot of New Yorkers who are excited about your campaign who are also excited about Donald Trump," MSNBC host Stephanie Ruhle pressed Cuomo recently. "Don't tell me that's not true." "Are there New Yorkers who gave money to me and gave money to Donald Trump? Of course, of course," Cuomo responded. He later noted, "We're New Yorkers. They know him, they know me."

**His message has stayed roughly the same**

With each appearance, Cuomo is trying to drive the same message: that Mamdani is not a real Democrat because he is a democratic socialist, that he doesn't have the experience to lead America's largest city and that his proposals are unrealistic. His strategy, according to campaign aides, is to consolidate Adams' voters, eat into Sliwa's support among Republicans and make a bid for any New Yorkers who remain undecided. The aides, speaking on condition of anonymity to discuss internal strategy, also point to a slight boost in fundraising shortly after Adams announced he would leave the race as evidence that Cuomo is making progress. In the 36 hours after Adams' exit, Cuomo racked up nearly $400,000 in donations, according to the campaign. Early voting begins in a little more than two weeks, setting up a tight timeline. In his first television ad before the general election, Cuomo vowed to hire more police officers and address the homelessness crisis while focusing on his past executive experience. The ad drew attention online for AI-generated images of Cuomo doing jobs he couldn't do in real life to make the case that he was suited for the job he's running for. After he was criticized for not doing so as governor or during the primary campaign, Cuomo has increased his visibility across the city's mosques and Hindu temples, an attempt to cut into Mamdani's South Asian support, particularly among older communities where he has stressed a focus on public safety and Mamdani's position on the decriminalization of sex work. During a campaign rally last week attended by more than 200 supporters, Cuomo launched "Hindus for Cuomo," seeking to make use of the divisions in the city's South Asian community which has largely supported Mamdani, who was born in Uganda to parents of Indian origin and has filmed ads speaking in Hindi, Urdu and Bengali. Still in question is whether Adams' announcement will reignite interest among the city's wealthy donors, real estate leaders and powerful business class, including several who helped finance anti-Mamdani super PACs in the primary race but have stayed out of the general election. To that end, Cuomo was expected to make his pitch at a fundraiser hosted by a Republican on Tuesday. Real estate developer Steve Valiotis was hosting an event in Queens expected to draw at least 200 people, including several members of the city's Greek community.

**What People Are Saying** : Columbia University professor Robert Y. Shapiro, to Newsweek via email on Friday when asked if Sliwa potentially dropping out would help Cuomo: "Yes, if Sliwa drops out, his voters are likely to want to vote against Mamdani, who has been amply demonized as a too far extreme Marxist/communist/socialist and who has supported defunding the police, a policy totally at odds with the gung-ho law and order support of Sliwa's Republican and anti-crime followers.

# US Navy warship docked in Bangladesh on goodwill mission: ISPR

Ajkal Desk

The United States Navy destroyer USS Fitzgerald (DDG-62) arrived in Bangladesh today on a three-day goodwill visit, according to an Inter Services Public Relations (ISPR) media release.

Bangladesh Navy ship BNS Abu Ubaidah welcomed the vessel upon arrival, where officers from both navies exchanged greetings. The visit aims to strengthen professional ties through the exchange of knowledge, experience, and expertise.

ISPR said that joint activities and direct observation of professional excellence would enhance mutual understanding and coordination between naval personnel of the two countries.

It added that the visit would provide an effective platform for skills sharing and help the Bangladesh Navy advance in line with modern naval technology. Representatives from the US Embassy in Dhaka were present on the occasion. USS Fitzgerald is scheduled to leave Bangladeshi waters on October 10.



Photo Courtesy: US Navy

# Ties with India to be on mutual respect Tarique tells BBC Bangla

Ajkal Desk

Bangladesh Nationalist Party acting chair Tarique Rahman said that future relations between Bangladesh and India must be based on mutual respect and national interest. 'If the BNP forms the next government, its foreign policy will be firmly guided by the principle of "Bangladesh first",'Tarique said.

He also said that the new future BNP government would ensure that the country's sovereignty and the welfare of its people would remain paramount in every diplomatic decision. In an interview with the BBC Bangla broadcast on Tuesday, Tarique also said that Bangladesh's own interests would always take precedence over those of any other country.



He underscored that Bangladesh must receive its fair share of cross-border river waters — a long-standing issue in Indo–Bangladesh relations — and condemned incidents such as the killing of Felani Khatun at the border. 'Of course, I want our fair share of water. And I never want to see another Felani hanging at the border. We will not accept that. I want what is fair and just for my country and my people,' Tarique said. Asked whether a BNP-led government would seek to restore relations with India amid what many describe the ties with that country as becoming cold since the ouster of the Awami League government on August 5, Tarique said that any change would depend on India's approach. As India, he said, chose to support an autocrat and thus alienated the people of Bangladesh, the BNP would have little room to act differently since the people themselves have decided to keep the relationship distant. In such a situation, he said, he would have to stand with the people of his country. Tarique has been living in the United Kingdom for the past 17 years, having left Bangladesh on September 11, 2008, for medical treatment after enduring torture during the 2007–2008 military-backed interim administration. During the interview, Tarique also discussed the BNP's position on constitutional and institutional reforms. He stressed that genuine democracy must provide space for dissent and plural opinions. He explained that while the BNP supported reforms intended to strengthen governance and mend the state, it would reject any notion of democracy that demanded unanimity of thoughts. He said that if the BNP expressed dissent on certain issues, it should not be perceived as a problem, since democracy by definition allows for differing views.

Dissent is a vital part of democracy, he said. 'If I think something is wrong, I will say it is wrong. That is not "hiding and seeking" — that is the essence of democracy,' Tarique said. Asked about the BNP's 31-point reform proposals — which include balancing powers between the president and the prime minister — he said that the party's position remained consistent.

If the concentration of power into the hands of a single individual paves the way for autocracy, Tarique argued that the quality of governance ultimately depended more on the integrity and intentions of the person in office than on legal arrangements alone. Tarique said that neither a two-thirds parliamentary majority nor institutional restructuring can guarantee democratic practices in the absence of ethical and accountable leadership. About the interim government's performance, he said that the BNP wished to see it succeed in fulfilling its mandate. He said, 'We have always said that we want this interim government to be successful. There are two main issues — necessary reforms and a free, fair, and credible election. The current government's main goal should be to conduct such an election alongside implementing essential reforms.' Tarique said that the nature of the BNP's relationship with the interim government — whether warm or distant — would depend on how effectively it delivered on its commitments. As long as the interim administration remains steadfast in its words and actions, public doubts about its intentions would continue to fade, the BNP leader commented. Reflecting on the interim government's performance over the past year, Tarique observed that, although it was a temporary administration with inherent limitations, it had made sincere efforts. He said that running a country like Bangladesh -- over two and a half times large the United Kingdom in terms of population -- was no small task. He said that governing such a populous country naturally required a strong political government with public mandate, believing that the interim administration had tried to perform within its constraints. By contrast, Tarique labelled the 2007–08 caretaker administration as a government driven by dishonest motives. He accused that administration of attempting to depoliticise Bangladesh and undermine its democratic foundations. Discussing the BNP's evolution and future vision, Tarique said that the party's core objective continued to be welfare of the nation and its sovereignty. Tarique said that the party had learned from past experiences and that its future goal was to establish a strong democratic foundation and maintain accountability. About the lack of accountability in Bangladeshi politics, Tarique acknowledged that such allegations existed in every country but assured that they would take the issue seriously. About media freedom, Tarique promised that a future BNP government would fully guarantee the freedom of expression and end the persecution of journalists.

# Chief adviser to visit Rome on Oct 12 to join WFP meeting



Ajkal Desk

Chief Adviser Muhammad Yunus will leave for Italy's capital Rome on October 12 to join a global meeting of the World Food Programme (WFP).

Chief Adviser's Press Secretary Shafiqul Alam disclosed the information at a press conference at the Foreign Service Academy in Dhaka this afternoon. Apart from delivering a speech at the WFP event, Shafiqul said, the chief adviser will meet high profile personalities on the sidelines of the meeting. The press secretary also briefed the media about the details of a meeting of the National Steering Committee held at the Chief Adviser's Office in Dhaka's Tejgaon with Yunus in the chair.



# Pori Moni wins the Best Actor award

Anik Raj

The fourth iteration of Blender's Choice–The Daily Star OTT & Digital Content Awards 2024 recognised Pori Moni as the Best Actor (Female) in the Popular Choice category for her powerful performance in Anam Biswas's web series "Rongila Kitab". This Hoichoi original, adapted from Kingkor Ahsan's book, also marked her debut on OTT platforms.

While receiving the award, the actress shared her experience of portraying the role, saying, "I have received many awards in my life, and perhaps I will receive more in the future, but this one will always remain special to me. It is different because this award came for playing the role of a mother, something I was personally going through at that time. It allowed me to relive the journey of my own motherhood." She then called her director, Anam Biswas—whom she recognises as her mentor—on stage and expressed her gratitude for trusting her with such a challenging role. Pori Moni went on to add, "This is not just an award to me; it is much more. It is a recognition that a mother can do anything and achieve anything she sets her mind to. After giving birth, I was body-shamed for gaining weight. Many people commented on how 'fat' I had become. But only a few truly understand what a mother goes through—unless they are mothers themselves." Reflecting on her journey, she spoke about how such remarks continued even after her transformation. "Today, when I entered the hall for this award show, many people again commented on how much weight I had lost. I don't believe a woman's dignity should ever be tied to her weight, her appearance, or any other external factor. What matters most is what she does as a person, what she achieves, and the content of her character." She concluded by saying, "So, thank you to The Daily Star and Blender's Choice for giving me this honour. I am truly grateful."

## ট্রাম্প তাঁর ভূ-অর্থনৈতিক যুদ্ধে হেরে যাচ্ছেন

৫ পৃষ্ঠার পর

করে দিয়েছে।
আন্তর্জাতিক মুদ্রার ইতিহাসে দেখা গেছে, কোনো মুদ্রার আধিপত্য কখনোই স্থায়ী নয়। যেমন দ্য ইকোনমিস্টের সম্পাদক ওয়াল্টার বাজেট উনিশ শতকে বলেছিলেন, ব্রিটেনের অর্থব্যবস্থা ছিল 'অর্থনৈতিক শক্তি ও তরলতার এক অভূতপূর্ব সংমিশ্রণ'। আজ সে কথা ডলারের ক্ষেত্রেও হুবহু প্রযোজ্য।
আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) সাম্প্রতিক এক প্রতিবেদনে বলা হয়েছে, ডলার এখনো বিশ্বের আর্থিক ব্যবস্থার কেন্দ্রবিন্দু। তবে বাণিজ্য ও অর্থনীতি সমান গতিতে চলে না। বাণিজ্য নির্ভর করে উৎপাদনের ওপর। আর অর্থনীতি অনেকটাই প্ল্যাটফর্মভিত্তিক। ইতিহাসে যেমন জেনোয়া, অ্যান্টওয়ার্প বা আমস্টারডাম তাদের অবস্থান হারিয়েছে, তেমনি চাইলে বিশ্বের অন্য দেশগুলোও ডলারের বিকল্প তৈরি করতে পারে।
চোখ খুললেই দেখা যায়, এখন এমন অনেক মুদ্রা আছে, যেগুলোর ওপর যুক্তরাষ্ট্রের মতো ঋণ ও ঘাটতির বোঝা নেই। যেমনধরুন লিবরা প্রকল্পের কথাই ধরা যাক। এটি একটি ব্লকচেইনভিত্তিক মুদ্রা তৈরি করার উদ্যোগ, যা একাধিক মুদ্রার ঝুড়ির (বাস্কেট) সঙ্গে সম্পর্কিত ছিল। এটি তৎক্ষণাৎ যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ইউনিয়নের বাধার মুখে পড়ে। তবে প্রযুক্তিগতভাবে এটি সম্পূর্ণ সম্ভব ছিল।
আগে ডলারের বিকল্প হিসেবে ইউরো বা রেনমিনবিকে (চীনা মুদ্রা) অবাস্তব মনে হলেও ব্লকচেইন প্রযুক্তি এখন এক বিশ্বমুদ্রার ধারণাকে বাস্তব করে তুলতে পারে।
ট্রাম্প প্রশাসন বিশ্বাস করে, মার্কিন ডলারে সমর্থিত স্টেবলকয়েনে তৈরি হলে যুক্তরাষ্ট্রের ট্রেজারি বন্ডের চাহিদা বাড়বে। আর এতে সহজেই বিশাল জাতীয় ঋণ পরিশোধ করা যাবে। কিন্তু বিপদ হলো, আজ প্রায় সব স্টেবলকয়েনই ডলারনির্ভর।
তবে যুক্তরাষ্ট্রে কোনো বড় আর্থিক সংকট দেখা দিলে বা শুধু তার আভাস পেলেও নতুন ধরনের মুদ্রা আসতে পারে, যা হবে অস্ট্রেলিয়ান, কানাডিয়ান ও হংকং ডলার; নরওয়েজিয়ান ও সুইডিশ ক্রোন এবং সুইস ফ্রাঙ্কসহ বিভিন্ন শক্তিশালী মুদ্রার মিশ্রণ। একজন উদ্ভাবনী উদ্যোক্তা চাইলে এর সঙ্গে কিছু ক্রিপ্টোকারেন্সি যোগ করতে পারেন। পাশাপাশি তাঁকে অবশ্যই মজুত রাখতে হবে বিশ্বের সবচেয়ে নির্ভরযোগ্য সম্পদ-সোনা।
তবে ট্রাম্প একজন অধৈর্য নেতা। তিনি দ্রুত ফল চান এবং পরাজয় সহ্য করতে পারেন না। কিন্তু যুক্তরাষ্ট্র যতই মেধাবী ও সৃজনশীল হোক না কেন, ট্রাম্প এমন এক অর্থনৈতিক যুদ্ধ শুরু করেছেন, যেখানে তাঁর জেতার সম্ভাবনা প্রায় নেই। ডলারের বৈশ্বিক আধিপত্যের ওপর যে ক্রমবর্ধমান ঝুঁকি রয়েছে, শেষ পর্যন্ত সেটিই ট্রাম্পের পরাজয় নিশ্চিত করবে।
হ্যারল্ড জেমস: প্রিন্সটন ইউনিভার্সিটির ইতিহাস ও আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ের অধ্যাপক।

## কবিতায় দর্শন ও মনস্তত্ত্বের অনিবার্য বন্ধন

৭ পৃষ্ঠার পর

কবিতার এই অংশটি কেবল দর্শন নয়, মনস্তত্ত্বের অন্ধকার দিক-যেমন মানুষের অস্তিত্বের ভয় এবং মানসিক যন্ত্রণা নিয়ে গভীর আলোচনা করে। কবিতায় দর্শন এবং মনস্তত্ত্বের সম্পর্ক অত্যন্ত ঘনিষ্ঠ। কবিতায় দর্শনের ভাবনাগুলো যেমন মানুষের অস্তিত্ব, নৈতিকতা, জ্ঞান-অন্বেষণ তুলে ধরে, ঠিক তেমনি মনস্তত্ত্ব মানুষের অন্তর্গত মানসিক অবস্থার অনুভূতি, সংকট, আত্ম-অনুসন্ধান ও আবেগের সূক্ষ্ম ছবি তৈরি করে। কবিতা এই দুই ক্ষেত্রকে একত্রিত করে মানুষের অভিজ্ঞতা, মনস্তাত্ত্বিক অবস্থা, ভাবাবেগ ও জীবন দর্শনকে অত্যন্ত সংক্ষিপ্ত ও সুন্দর ভাষায় প্রকাশ করতে সক্ষম হয়।
জীবনানন্দ দাশের 'নীলিমা' কবিতায় গভীর মনস্তাত্ত্বিক মুক্তি এবং দার্শনিক আকাঙ্ক্ষার এক অপূর্ব মিশ্রণ রয়েছে।

'রৌদ্র-ঝিলমিল
উষার আকাশ, মধ্যনিশীথের নীল,
অপার ঐশ্বর্যবেশে দেখা তুমি দাও বারে-বারে
নিঃসহায় নগরীর কারাগার-প্রাচীরের পারে।'

কবি এখানে 'রৌদ্র-ঝিলমিল উষার আকাশ' বলতে আশা, আলো, শুরু এবং 'মধ্যনিশীথের নীল' বলতে গভীরতা, রহস্য, শান্তি- দুটি সম্পূর্ণ বিপরীত চিত্র ব্যবহার করেছেন। 'নীলিমা' কবির কাছে কোনো একটি নির্দিষ্ট সময় বা অনুভূতির প্রতীক নয়; এটি হলো একটি অখণ্ড, সর্বব্যাপী শাশ্বত অবস্থা।
'ঐশ্বর্যবেশে দেখা': 'নীলিমা' বা সেই আকাঙ্ক্ষিত মুক্তি যেন এক অপার ঐশ্বর্য বা পরম আনন্দের রূপ নিয়ে বারে বারে কবির চেতনায় ধরা দেয়। এটি কবির মনস্তাত্ত্বিক আশ্রয় বা নিরাপদ স্থান।
'নিঃসহায় নগরীর কারাগার-প্রাচীরের পারে': এটি মনস্তত্ত্বের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিকটি তুলে ধরে। কবি নিজেকে 'নিঃসহায় নগরী'-র ভেতরে 'কারাগার-প্রাচীরে' আবদ্ধ মনে করেছেন। 'নগরী' এখানে আধুনিক জীবনের যান্ত্রিকতা, কোলাহল, বিচ্ছিন্নতা এবং বাধ্যবাধকতার প্রতীক। আর 'নীলিমা' হলো সেই মানসিক কারাগার থেকে পলায়ন বা মুক্তির আকাঙ্ক্ষা। অর্থাৎ, কবির মনস্তত্ত্ব সেই আরোপিত বাস্তবতা থেকে মুক্তি পেতে মরিয়া।
'উষা' থেকে 'মধ্যনিশীথ' পর্যন্ত নীলিমার উপস্থিতি যেন সময় আর সীমাবদ্ধ নয়, এটি চিরন্তন। এটি যেন জীবনানন্দ-কথিত সেই 'সময়'-এর ধারণা, যা জন্ম-মৃত্যুর চক্রের বাইরে অবস্থান করে। 'নীলিমা' হলো চরম সত্য-'নীলিমা' এখানে কেবল আকাশ নয়, এটি অস্তিত্বের সেই পরম অর্থ বা চূড়ান্ত সৌন্দর্য যা মানব জীবনের ক্ষণস্থায়ী দুঃখ-কষ্টের ঊর্ধ্বে বিরাজমান। কবি বারে বারে সেই দার্শনিক সত্যের কাছে পৌঁছাতে চাইছেন।
রোমান্টিক কবি পার্সি বেশ শেলির কবিতা "Love's Philosophy" কবিতার দুটি লাইন:

"The winds of heaven mix for ever
With a sweet emotion;"

এই দুটি লাইন আবেগীয় সংক্রমণ বা ইমোশনাল কনটেজিয়ন এবং দার্শনিক ঐক্যের ধারণাটিকে চমৎকারভাবে ফুটিয়ে তোলে। 'প্রথম পঙ্‌ক্তিতে কবি দুটি প্রাকৃতিক সত্তা (wind এবং heaven)-এর অনন্ত মিশ্রণের কথা বলছেন। মনস্তাত্ত্বিকভাবে, এটি বোঝায় যে দুটি স্বতন্ত্র আত্মা বা অনুভূতি (যেমন, প্রেমিক ও প্রেমিকার অনুভূতি) অবিচ্ছিন্নভাবে একে অপরের সাথে মিশে যাচ্ছে।
'With a sweet emotion': এই মিশ্রণটি স্বতঃস্ফূর্ত ও আনন্দদায়ক। এটি ঠিক সেই আবেগীয় সংক্রমণের মতো, যেখানে একজন মানুষের অনুভূতি অন্যজনের মধ্যে সংক্রমিত হয়। শেলির মতে, এই মিশ্রণ কেবল শারীরিক নয়, বরং আবেগিক। প্রেমিকের আনন্দ প্রেমিকার মধ্যে, এবং প্রেমিকার শান্তি প্রেমিকের মধ্যে সঞ্চারিত হচ্ছে। এই পারস্পরিক অনুভূতি আদান-প্রদান ভালোবাসার ভিত্তিমূল।
এই চরণগুলিতে শেলির রোমান্টিক দর্শনের মূল ভিত্তি-সর্বপ্রাণবাদ (প্যানথিয়াজম) বা মহাজাগতিক ঐক্যের ধারণা প্রকাশিত।
শেলির হয়তো বিশ্বাস ছিল, সমগ্র মহাবিশ্ব এক সুসংহত ঐক্যসূত্রে বাঁধা। নদী, সাগর, বাতাস-সবকিছুই একে অপরের সাথে মিশে আছে এবং এই মিশেই যাওয়াটাই হলো মহাবিশ্বের মৌলিক নিয়ম। হতে পারে তিনি ইঙ্গিত করছেন যে, মানুষের মধ্যে প্রেম বা মিশ্রণের ইচ্ছা কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়; এটি মহাজাগতিক ঐক্যেরই একটি অংশ। যদি বাতাসের মতো প্রকৃতিও একে অপরের সাথে মিশে যায়, তবে মানুষের আত্মারা কেন মিশবে না?
আমার বিবেচনায়, কবি প্রকৃতির এই অকাট্য সত্যকে প্রেমের ক্ষেত্রে একটি দার্শনিক যুক্তি হিসেবে ব্যবহার করেছেন। তিনি তাঁর প্রেমিককে বলছেন, যখন মহাবিশ্বের প্রতিটি উপাদানই ঐক্যবদ্ধ, তখন আমাদেরও প্রেম ও আবেগের মাধ্যমে এক হয়ে যাওয়া উচিত। পরিশেষে, পঙ্‌ক্তি দুটো দর্শন ও মনস্তত্ত্বকে মিলিয়ে মানব জীবনের অন্তঃসম্পর্ক ও আবেগের চিত্র দেয়।
কবিতায় দর্শনের পাশাপাশি মনস্তত্ত্ব সমন্বিত হওয়ার ফলে তা বেশি মানবিক, গভীর ও বোধগম্য হয়। দর্শন যেখানে ভাবায়, মনস্তত্ত্ব সেখানে অনুভব করায়, কবিতা সেই দুই শক্তিকে মিলিয়ে মনের ভাবনা ও অনুভূতির এক অনন্য প্রকাশ ঘটায়।
পূর্বের কবিদের কবিতায় মনস্তত্ত্ব ও দর্শনের স্থান প্রধানত জীবন, প্রেম, সামাজিক দুরাশা এবং প্রকৃতি ও মানবিক আবেগের গভীর অনুধাবনের মাধ্যমে এসেছে। রবীন্দ্রনাথের কবিতায় যেমন প্রকৃতির সঙ্গে মানুষের মনের সমন্বয়, চেতনার বিস্তৃতি ও মানব জীবনের মহাকালের দর্শন প্রতিফলিত হয়, তেমনি জীবনানন্দ দাশের কবিতায় অতীত, ইতিহাস, মৃত্যু ও হ্রাসের ভাব আর মানুষ ও প্রকৃতির দ্বন্দ্বের মনস্তাত্ত্বিক বিশ্লেষণ স্পষ্ট থাকে। পূর্বের কবিরা অধিকাংশ সময় মানব জীবনের মৌলিক সত্য, অনুভূতি ও দর্শনের মিলনে কবিতার মাধ্যমে সমাজ ও মনের জটিলতা প্রকাশ করেছেন। আজকের 'অনেক' কবিদের কবিতায় মনস্তত্ত্ব ও দর্শন আরও নানা নতুন দিক নিয়ে ফুটে উঠে। আধুনিক কবিরা অতীত থেকে প্রাপ্ত ঐতিহ্যকে ধরে রাখুক বা না রাখুক, তারা ব্যক্তিগত গভীর মনস্তাত্ত্বিক চেতনা, মানসিক সংকট, আধুনিক জীবনের বিভ্রান্তি ও বৈচিত্র্য, সামাজিক পরিবর্তন আর ব্যক্তির অন্তর্দ্বন্দ্বীণ দ্বন্দ্বের জটিলতা প্রকাশ করেছেন নানা উপায়ে। আধুনিক কবিতায় মনস্তত্ত্ব কখনও অবচেতন ও স্বপ্নময়, কখনো সংকটময় ও বিচ্ছিন্ন, আবার কখনো রাজনৈতিক ও সামাজিক প্রতিক্রিয়ার মাধ্যমে উঠে আসে।
তবে, স্বীকার করতেই হয়, আজকের 'অধিকাংশ' কবিদের কবিতায় দর্শন ও মনস্তত্ত্বের অভাব থেকে যায়।
তাদের আধুনিক ও উত্তর-আধুনিক কবিতায় ভাষা এবং গঠনশৈলী অনেক বেশি জটিল, বিমূর্ত ও আনুষ্ঠানিক হয়ে উঠেছে। এতে সরাসরি দর্শন এবং মনস্তাত্ত্বিক ভাব প্রকাশের পরিবর্তে শব্দের খেলা, আত্ম-প্রতিফলন এবং বহুমাত্রিকীকরণের মাধ্যমে অর্থ নির্মাণ হয়। ফলে সরল ও সুস্পষ্ট দর্শন-মনস্তত্ত্ব কম চোখে পড়ে। এই কবিরা ব্যক্তিগত অভিজ্ঞতা, মানসিক দ্বন্দ্ব, আধুনিক জীবনের বিচ্ছিন্নতা ও সংকটের মধ্যে নিজেদের আবদ্ধ করে রাখেন। সামাজিক বা বিশ্বজনীন দর্শনের পরিবর্তে ব্যক্তিগত মনস্তাত্ত্বিক অভিজ্ঞতা প্রাধান্য পায়, যা গভীর দর্শনের পরিবর্তে অনেক সময় আত্মকেন্দ্রিক ও আপাতদৃষ্টিতে বিচ্ছিন্ন হয়ে উঠে।
তাছাড়া, আধুনিক সমাজের দ্রুত পরিবর্তন, প্রযুক্তির ব্যবহার(এআই) ও গণমাধ্যমের বিস্তার কবিতার বিষয়বস্তু ও দর্শনে ব্যাপক প্রভাব ফেলেছে। তাদের কবিতায় শব্দ ভাষা থাকে, প্রাণ যেন হারিয়ে যায়। আবেগীয় বন্ধন বা ইমোশনাল কনটেইজিয়ন-ঘটেনা। কবিতা অনেক সময় সমাজ ও সংস্কৃতির বিচিত্র চিত্র উপস্থাপনে সীমাবদ্ধ থেকে গভীর দর্শনের প্রবাহে আসতে ব্যর্থ হয়। উত্তর-আধুনিক যুগে দর্শনের স্থায়িত্ব সংকট ও একাধিক দৃষ্টিভঙ্গির প্রচলন কবিদের দার্শনিক ভাবনায় দ্বিধা ও বিভ্রান্তি সৃষ্টি করছে। আরো একটা বিষয় হল, আধুনিক কবিদের 'অনেকেই' অতীতে রবীন্দ্রনাথ বা জীবনানন্দদের মতো বিস্তৃত দার্শনিক ও মনস্তাত্ত্বিক শিক্ষা বা বোধ থেকে দূরে থেকে প্রাথমিকভাবেই কবিতা রচনা করে থাকেন। ফলে দর্শন ও মনস্তত্ত্বগুলো তাদের কবিতায় অবহেলিত বা লুপ্ত থাকে।
তবে এটি মানে নয় যে সব আধুনিক কবিতা দর্শনহীন বা মনস্তাত্ত্বিকতাহীন; বরং দর্শন-মনস্তত্ত্বের প্রকাশের রূপ ও ভাষা বদলে গিয়েছে, যা কখনো বিমূর্ততায় প্রকট এবং কখনো ব্যক্তিগত জটিলতায় আবদ্ধ থাকে।
কবিতা তার বহিরাঙ্গিক কাঠামো (শব্দ, ছন্দ ও অলংকার) ছাড়িয়ে মূলত দর্শন ও মনস্তত্ত্বের এক সমন্বিত প্রকাশ। দর্শন যেখানে অস্তিত্বের মৌলিক জিজ্ঞাসা ও বিশ্বজনীন সত্য অনুসন্ধান করে, সেখানে মনস্তত্ত্ব আবেগীয় প্রক্রিয়ার মাধ্যমে কবির অনুভূতিকে সরাসরি পাঠকের হৃদয়ে সঞ্চারিত করে। এই দ্বৈত চালিকাশক্তি কবিতাকে কেবল শিল্পমাধ্যম নয়, বরং মানবচেতনার গভীরতম ও বিমূর্ত অভিব্যক্তির বাহন করে তোলে। যদিও আধুনিক কবিতায় ক্ষেত্রবিশেষে এই গভীর দার্শনিক ও মনস্তাত্ত্বিকতার অভাব পরিলক্ষিত হয়, তবুও শ্রেষ্ঠ কবিতা সর্বদা চিন্তা ও অনুভূতির এই সেতু নির্মাণ করে চলেছে। কবিতা এভাবেই পাঠককে একইসঙ্গে ভাবায় এবং অনুভব করায়, যা মানব অভিজ্ঞতার সম্পূর্ণতাকে উদ্ভাসিত করে।

## দলীয় মনোনয়নে তারেক রহমানের নতুন মেসেজ-'পেশি নয় জনসমর্থনই চূড়ান্ত মাপকাঠি'

১০ পৃষ্ঠার পর

এই বার্তা যদি বাস্তবে রূপ পায়, তাহলে বাংলাদেশে দলীয় রাজনীতির মুখ বদলাতে পারে। একটি সত্য এখন আরও স্পষ্ট হয়ে উঠছে-নির্বাচন মানে কেবল ভোটের দিন নয়; এটি আসলে জনগণের সঙ্গে সম্পর্কের পরীক্ষা। আর সেই পরীক্ষায় টিকতে হলে প্রয়োজন মানুষের আস্থা, যা অর্থ বা প্রভাব দিয়ে কেনা যায় না। তারেক রহমানের এই বক্তব্য সেই আলোয় উজ্জ্বল করে উঠেছে এক নতুন সম্ভাবনা-যেখানে দল নয়, জনগণ হবে প্রার্থীর মাপকাঠি। এই লেখা যখন লিখছি তারেক রহমানের বিবিসি বাংলাকে দেয়া এই সাক্ষাৎকারকে বাংলাদেশের আগামী রাষ্ট্রনায়কের ইঙ্গিত হিসেবে দেখছে দেশি-বিদেশি গণমাধ্যম। তাঁর পরিমিত বক্তব্য, আত্মবিশ্বাসী উপস্থাপন ও গণতন্ত্র পুনরুদ্ধারে স্পষ্ট দৃষ্টিভঙ্গি ইতিমধ্যে বাংলাদেশের পাশাপাশি ভারতীয় বাংলা ভাষাভাষী সাংবাদিক ও রাজনৈতিক বিশ্লেষকদের কাছ থেকেও ব্যাপক প্রশংসা পেয়েছে। অনেকেই বলছেন, এই সাক্ষাৎকারে প্রকাশ পেয়েছে এক পরিণত, দূরদর্শী নেতৃত্বের প্রতিচ্ছবি। বাংলাদেশের রাজনীতিতে যদি সত্যিই এই চেতনা প্রতিষ্ঠিত হয়, তাহলে হয়তো আমরা ফিরে পাব সেই রাজনীতি, যার উদ্দেশ্য ক্ষমতা নয়-মানুষের কল্যাণ।
লেখক: সিনিয়র সাংবাদিক ও কলামিস্ট।

## ভোট ও বিপ্লব-চিন্তায় কুহেলিকা কাটুক

১০ পৃষ্ঠার পর

আসতেন, সৈয়দ নজরুল ইসলাম ও তাজউদ্দীন আহমদ আসতেন মাঝেমধ্যে। তাজউদ্দীন যেদিন আসতেন, সেদিন আলোচনায় যোগ দিতেন সাগ্রহে।' আরেক জায়গায় আনিসুজ্জামান লিখেছেন, ১২ অনুচ্ছেদের বিধান নিয়ে শাসনতন্ত্র কমিটিতে বেশ বিতর্ক হয়েছিল। চট্টগ্রামের দৈনিক আজাদীর সম্পাদক মোহাম্মদ খালেদ এবং আরও দু-একজন সদস্য কথাটা উঠিয়েছিলেন। তাঁরা বেশ জোরের সঙ্গেই বলেছিলেন, মুসলমান হিসেবে তাঁরা এক অখণ্ড জীবনবিধানের অধীন যেখানে ধর্ম ও রাজনীতিকে পৃথক করা চলে না, তাঁদের রাজনৈতিক জীবনও ধর্মবিশ্বাস দ্বারা পরিচালিত। তার অর্থ অবশ্য এই নয় যে, বাংলাদেশকে তাঁরা ধর্মীয় রাষ্ট্ররূপে দেখতে চান। বাংলাদেশে পালিত ধর্মের মধ্যে রাষ্ট্র কোনো পক্ষপাত করুক; কিংবা ধর্মীয় কারণে নাগরিকদের মধ্যে কোনো বৈষম্য ঘটুক, তা তাঁদের অভিপ্রায় নয়। কিন্তু রাষ্ট্রীয় বিষয়ে-যেমন আইন প্রণয়নের ক্ষেত্রে তাঁরা ধর্মীয় অনুশাসন দ্বারাই পরিচালিত হতে চান। শেষ পর্যন্ত অবশ্য অধিকাংশের মত তাঁরা মেনে নিয়েছিলেন। আরও নানা বিষয়ে বিতর্ক ও তার সুরাহার কথা উল্লেখ রয়েছে ওই আত্মজীবনীতে।
আনিসুজ্জামান লিখেছেন, 'কামাল হোসেন একপর্যায়ে স্থির করলেন, তাঁর ইংরেজি খসড়ার চূড়ান্ত রূপদানের জন্য একজন পেশাদার আইনি খসড়া-প্রণেতার ইংরেজিতে যাকে লেজিসলেটিভ ড্রাফটসম্যান বলা হয়, তেমন একজনের সাহায্য নেওয়া প্রয়োজন। দেশে তেমন কেউ ছিলেন না। ব্রিটিশ পার্লামেন্টের প্রাইভেট মেম্বারস বিল তৈরি করত একটি আইনি প্রতিষ্ঠান। তার এক সদস্যকে (রবার্ট গাথরি) এ কাজে নিযুক্ত করা হলো কমনওয়েলথ সচিবালয়ের সৌজন্যে।' তিনি ঢাকায় এসেই কাজে যুক্ত হয়েছিলেন। রবার্ট গাথরিকে আনতে কামাল যে লন্ডনে গিয়েছিলেন সেটিতে কোনো লুকোছাপা ছিল না। সে সংবাদ প্রকাশ হলে কিছুটা রটনাও হয়েছিল যে, কামাল লন্ডনে গেছেন সংবিধানের ভেটিং করিয়ে আনতে। যে দল বছরের পর বছর আন্দোলন করছে বাহাত্তরের সংবিধানের মূলনীতি প্রতিষ্ঠা করতে, সেই দলের নেতাও যদি পুরোনো রটনাকে প্রতিষ্ঠা দিতে দাবি করেন, কামাল খসড়া ব্রিফকেসে করে নিয়ে লন্ডনে গিয়েছিলেন ভেটিং করিয়ে আনতে, তাহলে আর বলার কী থাকে। সিপিবির এই নতুন নেতা কাদের নিয়ে কত সালের নির্বাচনে কী ফল করলেন, তার চিত্রও তুলে ধরেছেন পরে এক বক্তব্যে। এ নিয়েও সামাজিক যোগাযোগমাধ্যমে নানা টিকা-টিপ্পনী দেখা যাচ্ছে। সিপিবি নেতার 'ভবিষ্যদ্বাণী' ফলে গেলে খুবই খুশি হব। আমার শুধু প্রশ্ন, সমাজ-রাজনীতি-অর্থনীতির মতো বিষয় নিয়ে এত দূরবর্তী সময়ের ভবিষ্যদ্বাণী করাটা কতটা বিজ্ঞানসম্মত? সামাজিক বিজ্ঞানের মূল্যায়ন-অনুমান কি এতই সহজ? গবেষণাপ্রক্রিয়ার একটি মৌলিক ধাপ হলো সমগ্র থেকে অংশকে বিচ্ছিন্ন করা। প্রাকৃতিক বিজ্ঞানের গবেষণায় এ ক্ষেত্রে মাইক্রোস্কোপ ও রাসায়নিক রি-এজেন্টের ব্যবহার অপরিহার্য। সমাজ-বিপ্লবের তত্ত্ব উদ্ভাবনকারী মনীষী কার্ল মার্ক্সের মতে, সামাজিক বিজ্ঞানের গবেষণায় মাইক্রোস্কোপ ও রাসায়নিক রি-এজেন্টের বিকল্প হলো বিমূর্তকরণ শক্তি। আমি এটিকে বলি ষষ্ঠেন্দ্রিয় বা অন্তর্দৃষ্টি। এর ওপর নির্ভরতায় ভুল হওয়ার আশঙ্কা অনেক বেশি।
এমনিতেই আমাদের অন্তর্দৃষ্টিসম্পন্ন জ্ঞানসাধকেরা একে একে চলে যাচ্ছেন। প্রগতিবাদী চিন্তাবিদ, শিক্ষাবিদ ও গবেষক যতীন সরকার চলে গেলেন গত আগস্টের দ্বিতীয় সপ্তাহে। অগ্রগণ্য গবেষক ও জ্ঞানসংগ্রামী আহমদ রফিক বিদায় নিলেন ২ অক্টোবর। প্রগতিবাদী গবেষকদের এ শূন্যতা পূরণ করার চ্যালেঞ্জ যখন আমাদের সামনে, তখন মৌলবাদী-সাম্প্রদায়িক শক্তির দেখানো সস্তা জনপ্রিয়তা কুড়ানোর পথে হেঁটে অতলে তলিয়ে যাওয়ার ঝুঁকি না নিলেই নয়? কয়েক বছর আগে এক সাক্ষাৎকারে বাংলাদেশে বাম রাজনীতির দুর্বলতা প্রসঙ্গে আহমদ রফিক সুদক্ষ, বিচক্ষণ ও দূরদর্শী নেতৃত্বের অভাব ও মতাদর্শগত বিভ্রান্তির কথা বলেছিলেন। চিন্তার সেই দৈন্য কুয়াশা কাটানোর চেষ্টা করাই প্রয়াত মনীষীদের প্রতি শ্রদ্ধা জানানোর যথার্থ উপায়।
লেখক: সাংবাদিক ও গবেষক।

## শিক্ষক: শিকড় থেকে শিখরে

৬ পৃষ্ঠার পর

এবং ১৯শ শতাব্দীর প্রথম দিকে ফ্রান্সের একটি দরিদ্র গ্রামে প্রথম প্রাক-প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করেন এবং গ্রামের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। তার প্রচেষ্টার ফলে, তার গ্রামের দরিদ্র জনগোষ্ঠী উন্নত শিক্ষা ও সামাজিক জীবন লাভ করে এবং তার 'ওবারলিন-এর আত্মা' নামে পরিচিত একটি মানবিক ও সামাজিক ন্যায়বিচারের আদর্শের জন্ম দেয়। তিনি দারিদ্র্যপীড়িত গ্রামের শিশুদের জন্য প্রথম প্রাক-প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করেন, যা পরবর্তীতে অন্যান্য দেশেও একই ধরনের শিক্ষাব্যবস্থা প্রতিষ্ঠায় অনুপ্রেরণা জোগায়।
গণিতের মত একটা কলকব্জাহীন বিষয়কে দারিদ্র্যপীড়িত শিক্ষার্থীদের কাছে 'স্ট্যান্ড এন্ড ডেলিভার' গল্পের মাধ্যমে জনপ্রিয় করে তুলেন আমেরিকান -বলিভিয়ান শিক্ষক জেইম আলফান্সো এস্কালেন্ট।
ভারতের শিক্ষাগত দর্শন ও অবদান : ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণন ছিলেন একজন খ্যাতনামা দার্শনিক ও শিক্ষক। তিনি মনে করতেন, শিক্ষার মূল লক্ষ্য হলো পরম সত্য খুঁজে পাওয়ার জন্য বস্তুজগতের সাথে সমন্বয় করে আত্মার উন্নয়ন ঘটানো। ৫ সেপ্টেম্বর তাঁর জন্মবার্ষিকী ভারতে শিক্ষক দিবস হিসেবে পালিত হয়, যা শিক্ষকদের প্রতি তাঁর শ্রদ্ধা ও অবদানের স্মারক। তিনি অদ্বৈত বেদান্তের উপর ভিত্তি করে গড়ে ওঠা দর্শনে বিশ্বাস করতেন এবং শিক্ষা ও চরিত্র গঠনের ওপর জোর দিতেন।
বাংলাদেশের ভাষা আন্দোলন ও মহান মুক্তিযুদ্ধে সম্মানিত শিক্ষকে তাজা প্রাণ দিতে হয়েছে। নিজের জীবনের বিনিময়ে শিক্ষকতাকে পেশাদারিত্বের সর্বোচ্চ আসনে সমুন্নত রেখে গেলেন মাহেতাব চৌধুরী, মানুষ।পৃথিবীর প্রথিতযশা সম্মানিত এ সকল শিক্ষকগণের দেখা যাওয়া স্বপ্ন, আদর্শ,ত্যাগ,অর্জন ও পথ চলা আমাদের জন্য পাথেয় ও গুরুত্বপূর্ণ পাঠ্য বই।তাঁদের শিক্ষক হয়ে উঠার গল্প, জীবনাদর্শ,সংগ্রাম, গবেষণা ও সৃষ্টি হতে পারে আমাদের পাঠ্য বই।
এ ভাবেই পৃথিবীর উষালগ্ন থেকে অদ্যাবধি মহান শিক্ষকগণ জ্ঞানের প্রদীপ জ্বালিয়ে আলোকিত করে আসছেন ধরাধামে।সভ্যতা, বিজ্ঞান, আবিষ্কার, প্রযুক্তি ও গবেষণা সব কিছুতেই সোনালী ফসল এ মহান শিক্ষকগণের পরশে। বিশ্ব শিক্ষক দিবসে তাই পৃথিবীর সকল শিক্ষকগণের প্রতি বিনম্র শ্রদ্ধা ও সশ্রদ্ধ সালাম নিবেদন করছি।
লেখক: সহকারী অধ্যাপক (রাষ্ট্র বিজ্ঞান), ৩০ বিসিএস (সাধারণ শিক্ষা)।

## সুসংবাদের জন্য অধীর অপেক্ষা

৫ পৃষ্ঠার পর

'ছিঁচকাঁদুনে বাঘ'।
প্রচলিত একটি কথা আছে, 'উল্টা বুঝিলি রাম।' তাহলে কি অতিন্দ্রেী এলিজাবেথ ব্যাঙ্কসের উচ্চারণের উল্টোটা বুঝে আমাদের অন্তর্বর্তী সরকার ব্যর্থতায় অবগাহন করার অপেক্ষায় আছে! একটি রক্তক্ষয়ী গণঅভ্যুত্থানের পর অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে গঠিত অন্তর্বর্তী সরকারের হানিমুন পিরিয়ড কিন্তু শেষ হয়েছে গত বছর ডিসেম্বরেই। হানিমুন পিরিয়ডের পর দশ মাসে প্রবেশ করেছে সরকারের মেয়াদ। উল্লেখ্য, মানবজাতির বিকাশ পর্বে দশ মাস দশ দিন একটি গুরুত্বপূর্ণ বিষয়। এটি মানুষের এক উন্নতির প্রত্যাশা। আর এই সরকারের কাছে মানুষ যা চায়, তাও রাষ্ট্র কাঠামোর মধ্যেই বিরাজমান। প্রথম চাওয়া, নিরাপত্তা। যাকে একসময় স্বাভাবিক মৃত্যুর গ্যারান্টি হিসেবে আওয়াজ তোলা হয়েছিল। দ্বিতীয়ত প্রত্যাশা-কাজ, যা চাকরি হিসেবে বহুল পরিচিত। এ ব্যাপারে সরকারের পদক্ষেপ কী? দৃশ্যত হতাশাজনক। এদিকে অবশ্য প্রধান উপদেষ্টা উদ্যোক্তা হওয়ার সবক দিচ্ছেন এবং দিয়েই যাচ্ছেন। হয়তো এটি মোহাম্মদের ইনবিল্ট চেতনা। স্মরণ করা যেতে পারে, বিতাড়িত শেখ হাসিনাও উদ্যোক্তা হওয়ার জ্ঞান বিতরণ করতেন। তবে এ ব্যাপারে তার চাপ ততটা জোরালো ছিল না।
প্রসঙ্গত, চাকরি ইস্যুতেই হাসিনাবিরোধী আন্দোলন শুরু হয়েছিল। হাসিনা বিতাড়িত হলেও, প্রত্যাশা কোনো আলামত নেই। বেসরকারি খাত স্থবির। পতিত শক্তির পালিয়ে যাওয়া এমপি-মন্ত্রী-ব্যবসায়ীদের অনেক কারখানা বন্ধ। এসব প্রতিষ্ঠানে হাজার হাজার শ্রমিক বেকার হয়ে গেছেন। আবার অলসতার কারণে চাহিদামতো প্রার্থীর আকাল রয়েছে। আমাদের দেশে কেবল অদক্ষ শ্রমিক নয়, অদক্ষ স্নাতকও তৈরি হয়। কে জানে এ ক্ষেত্রে আমরা বিশ্বে শীর্ষে আছি কি না। দেশ থেকে অবৈধ বিদেশি বিতাড়নের কথা শোনা গেলেও এখনো কোনো ব্যবস্থা পরিলক্ষিত হয়নি। আর সরকার যেখানে মাথাভারী কর্মকর্তা-কর্মচারীর পদোন্নতির নিয়ে ব্যস্ত থাকছে, সেখানে নতুন নিয়োগের সুযোগ কোথায়? সাধারণ মানুষের মতোই শিল্পাঞ্চলগুলো এখনো নিরাপত্তাহীন। চাঁদাবাজি ক্রমাগত বেড়েই চলেছে। এদিকে দেশে এক বিশাল নতুন বেকারত্ব সমস্যা সামনের দিনগুলোয় ভয়াবহ রূপ নেওয়ার আশঙ্কা প্রকট। আর বিরাজমান আমলা এবং পুলিশ দিয়ে সরকার রুটিন ওয়ার্ক কতটা করতে পারছে, তা নিয়ে নানা প্রশ্ন রয়েছে। সামনের সামগ্রিক পরিস্থিতি কতটা সামলাতে পারবে, তা নিয়েও ব্যাপক সংশয় আছে। এর ওপর আগামী ফেব্রুয়ারিতে নির্বাচন ঘন কুয়াশাচ্ছন্ন। এমনটাই মনে করেন অনেকে। এতকিছুর মধ্যেও রাজনৈতিক দলগুলো সরকারকে সমর্থন জুগিয়ে যাচ্ছে। তবে, সঙ্গে রয়েছে দ্রুত নির্বাচনের আবদারি; কিন্তু নির্বাচন কীভাবে হবে, কারা অংশ নিতে পারবে, কারা পারবে না, তা এখনো অস্পষ্ট। এদিকে লাথি পড়েছে কৃষকের পেটে। আর এরই মধ্যে বিদ্যুৎ আসা-যাওয়ার বিষয়টি বাল্যকালের প্রভাবে বিলুপ্তপ্রায় জোনাকির আলোকে স্মরণ করিয়ে দিচ্ছে, এই ভুল এই নেতে।
এবার আসা যাক কলামের শুরুর প্রসঙ্গে। যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব পেনসিলভানিয়ার সমাবর্তনে অভিনেত্রী এলিজাবেথ ব্যাঙ্কসের বক্তৃতায় বলেছেন, 'আমি অধীর আগ্রহে ব্যর্থতা দেখার অপেক্ষায় আছি। হ্যাঁ, ঠিক শুনেছ-তোমরা কখনো না কখনো ব্যর্থ হবে। তুমি যা চাইছ, সেটা ঠিকমতো না-ও পেতে পারো। কিন্তু সেটাই তোমার সবচেয়ে বড় সুযোগ-তুমি কী চাও সেটা বোঝার জন্য। তুমি হয়তো বলবে, না, এটা চাই-ই চাই। কিন্তু এই একমুখী দৌড়ে আশপাশের সব সুযোগ চোখ এড়িয়ে যায়। তাই প্রতিটি ব্যর্থতার সময় নিজেকে প্রশ্ন করো-আসলে তুমি কী চাইছ? টাকা? সম্মান? স্বাধীনতা? স্বীকৃতি? শেষে বলব, তুমি ভুল করবে, আর সেই ভুল থেকে শেখার অধিকার তোমার আছে। কোনো ভুল তোমার আশা-স্বপ্ন কেড়ে নেবে না।' বিলিয়ন প্রশ্ন, ২০২৪-এর ৫ আগস্ট-পরবর্তী আঁধারে আলোর দিশারি হিসেবে আবির্ভূত অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস রাষ্ট্র পরিচালনায় তার ভুল থেকে কি কিছু শিখেছেন? আসলে তিনি কী চাইছেন? মনে রাখা প্রয়োজন, শান্তিপূর্ণ ক্ষমতা হস্তান্তরে তিনি ব্যর্থ হলে সামগ্রিক যে সর্বনাশ হবে, তা কল্পনারও অতীত। দেশের মানুষ সুসংবাদের জন্য অধীর অপেক্ষায় আছে। এ প্রসঙ্গে একটি কথা বিবেচনায় রাখা প্রয়োজন, আশা ভঙ্গ হলে মানুষের মাঝে অনেক ক্রোধ ও ক্ষোভের জন্ম হয়।
লেখক: জ্যেষ্ঠ সাংবাদিক।



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

বাংলাদেশ্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনায় ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহ্রা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহ্হামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফীয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিক থেকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে মা'ঊনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের সঙ্গীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় ফেলে না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের মধ্যস্থলে হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন বক্তা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে মা'ঊনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই দুরভিসন্ধির কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম, এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এখনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালামা বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা কুরবানিকে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মন্ডী বাহাউদ্দিন জেলার সাহরাসরপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)



# খেজুরের কেক তৈরির রেসিপি

মহিলা অঙ্গন ডেস্ক

খেজুর পছন্দ করেন না, এমন মানুষ খুবই কম। খেজুর খেতেও যেমন সুস্বাদু তেমনি পুষ্টিও রয়েছে অনেক।

তবে অনেকের আবার খেজুর খেতে সমস্যা হয় মিষ্টির কারণে। তবে তারা খেজুর সরাসরি খেতে না চাইলে খেতে পারেন কেক তৈরি করে। জেনে নিন সহজেই যেভাবে তৈরি করবেন খেজুরের কেক।

রেসিপি-

উপকরণ-

মাখন ৩০০ গ্রাম, চিনি ৩০০ গ্রাম, ডিম ৬টি, বাদামগুঁড়া ১০০ গ্রাম, ময়দা ২০০ গ্রাম, দুধ ৩০ মিলিলিটার, মধু ৩০ মিলিলিটার, ভ্যানিলা এসেন্স ৫ মিলিলিটার, খেজুরের পেস্ট ১০০ গ্রাম, বেকিং পাউডার ৫ গ্রাম

প্রণালী-

প্রথমে মাখন ও চিনি ভালোভাবে মিশিয়ে নিন। এরপর তাতে ডিম ফেলে মেশান।

শেষে বাকি সব উপকরণ মিশিয়ে একটি মিশ্রণ তৈরি করুন। এবার কেক তৈরির মোল্ডে এই মিশ্রণটি ঢেলে ১৮০ সেন্টিগ্রেড তাপে ওভেনে বেক করতে বসান। ৩৫ মিনিট ধরে বেক করুন। ওভেন অফ করে নামিয়ে নিন। এরপর তা ঠান্ডা হলে ছোট ছোট চারকোনা করে কেটে পরিবেশন করুন।



# কেসর মালাই পেড়া রেসিপি

মহিলা অঙ্গন ডেস্ক

জনপ্রিয় এক খাবারের নাম কেসর মালাই পেড়া। অল্প কয়েকটি উপাদান দিয়ে এই রেসিপি আপনিও তৈরি করতে পারেন। চলুন রেসিপিটি জেনে নেয়া যাক।

উপকরণ: দুধ- চার কাপ, কেসর-কয়েকটি, লেবুর রস-সামান্য, কর্নফ্লাওয়ার- দুই টেবিল চামচ, এলাচ গুঁড়া- সিকি চা চামচ, চিনি- দশ চা চামচ, আমন্ড-১০টা (কুচনো)।

প্রণালী: একটি পাত্রে দুধ ভালো করে ফোটাতে থাকুন। যখন ঘন হয়ে পরিমাণ অর্ধেক হয়ে আসবে তখন আঁচ কমিয়ে কেসর মিশিয়ে দিন। দুই চা চামচ পানিতে লেবুর রস মিশিয়ে ঘন দুধের সঙ্গে মিশিয়ে দিন। কর্নফ্লাওয়ার দুই টেবিল চামচ দুধে গুলিয়ে নিয়ে ঘন দুধের মধ্যে মেশাতে থাকুন। এর মধ্যে এলাচ গুঁড়া মিশিয়ে দিন। আগুন থেকে সরিয়ে চিনি মিশিয়ে ঠান্ডা করে নিন। মিশ্রণ আট ভাগে ভাগ করে হাতের সাহায্যে গোল গোল পেড়া গড়ে নিন। সব পেড়ার ওপর আমন্ড কুচি ছড়িয়ে পরিবেশন করুন।



# রূপচর্চায় চা-কফি

মহিলা অঙ্গন ডেস্ক

সকালবেলা ঘুম ভাঙার পর গরম এক কাপ চা কিংবা কফি: নিমিষেই মুড ভালো করে দেয়। মনকে করে চাঙা। দিনের যে কোনো সময়েই চা-কফি চলতে পারে। কিন্তু চা কিংবা কফি শুধু পানীয় হিসেবেই ব্যবহার হয় না। রূপচর্চার ক্ষেত্রেও ত্বক এবং চুলের সৌন্দর্য বাড়াতে সাহায্য করে। চা ও কফির মধ্যে এমন কিছু উপাদান রয়েছে যা ত্বকের স্তরে জমে থাকা ধুলোবালি পরিষ্কার করে। গ্রিন-টি ত্বকের ক্ষয়রোধ করে এবং কফির ক্যাফিক অ্যাসিড ত্বকের বন্ধ হওয়া রোমকূপের মুখ খুলে দেয়, ফলে ত্বক হয়ে ওঠে মসৃণ।

এমনটা বলছেন নামজাদা সব বিশেষজ্ঞ। গবেষণায় দেখা গেছে, গ্রিন-টি শরীরের স্থূলতা কমায়। পাশাপাশি ত্বকের ক্ষয়রোধে দারুণ কার্যকরী। এটি ত্বকের মরা কোষ দূর করে ত্বককে করে পুনরুজ্জীবিত। এমনকি এটি ত্বককে সূর্যের অতি বেগুনি রশ্মির হাত থেকে রক্ষা করে, ত্বকের উজ্জ্বলতা বাড়াতে সাহায্য করে এই গ্রিন-টি। স্কিন টোনার হিসেবেও গ্রিন-টি ভালো কাজ করে। ফেস মাস্ক হিসেবে কফির ব্যবহার সেই আদিকাল থেকেই প্রসিদ্ধ। এর উপকারিতাও কম নয়, ত্বকের অবাঞ্ছিত টক্সিন দূর করে কফির ফেস মাস্ক। ত্বককে সুস্থ, সুন্দর, টানটান রাখতেও কফি সাহায্য করে। কফির হেয়ার প্যাক চুলকে করে ঘন কালো। গবেষণায় দেখা গেছে, চুল মজবুত করার জন্য কফি বেশ সহায়ক। এটি মাথার ত্বকের রক্ত সঞ্চালন বাড়ায় এবং খুশকি দূর করে।





ত্বকের যত্নে কফি : কফি ত্বকের জন্য কতটা জরুরি হয়তো আমরা অনেকেই খেয়াল করে দেখিনি যে, যেসব প্রসাধনী দ্রব্য ডার্ক সার্কেল বিমুক্ত করতে ব্যবহার করা হয়, সেসব দ্রব্যে কফি থাকে। কফি শুধু আমাদের চোখের নিচের কালি দূর করতেই সাহায্য করে না, চোখের নিচে রক্ত জমাট বাঁধতেও দেয় না। এ তো গেল চোখের কথা। ত্বককে সুস্থ, সুন্দর, টানটান রাখতেও কফি সাহায্য করে। কফি ত্বকে বয়সের ছাপ পড়তে দেয় না। ত্বকের আর্দ্রতা ধরে রেখে রোদের ক্ষতিকর রশ্মি থেকে সুরক্ষা দেয়। স্ক্রাব হিসেবেও কফি গুঁড়া দারুণ কার্যকর।

ব্রণের দাগ দূর করতে গ্রিন-টি : ব্রণের জেদি দাগ দূর করতে বেশ উপকারী গ্রিন-টি। গরম পানিতে গ্রিন-টি ব্যাগ ভিজিয়ে রাখতে হবে। পানি আলাদা করে নিয়ে ঠান্ডা করে মুখ ধোয়ার সময় এই পানি ব্যবহার করুন। তবে ধোয়ার পর মুছে ফেলবেন না। পানি মুখে শুকাতে দিন, এতে ত্বক গ্রিন টি-এর নির্যাস শুষে নেবে। নিয়মিত ব্যবহারে ত্বকের দাগ হালকা হয়ে আসবে।

চোখের যত্নে গ্রিন-টি ও কফি : ব্যবহৃত গ্রিন-টির ব্যাগ ফেলে না দিয়ে তা ঠান্ডা করে চোখের ওপর দিয়ে ২০ মিনিট চোখ বুজে বিশ্রাম করুন। এটি চোখ পরিষ্কার করবে। পাশাপাশি চোখের শিরায় আরাম দেবে। এ ছাড়া সকালবেলা ১ কাপ কফি কেবল মস্তিষ্ক নয়, চোখ দুটিকেও জাগাতে সাহায্য করে। পান করার পর কফির দানাগুলো ফেলে না দিয়ে ঠান্ডা করে চোখের চারপাশে লাগিয়ে রাখুন। ২০ মিনিট পর ঠান্ডা পানি দিয়ে ধুয়ে নিন।

ঝলমলে চুলের জন্য চা ও কফি : এক কাপ গরম পানিতে দুটি টি-ব্যাগ দিয়ে সঙ্গে ২ টেবিল চামচ নারিকেল তেল ও ১ টেবিল চামচ মধু ভালোভাবে মিশিয়ে নিতে হবে। মিশ্রণটি চুলে লাগিয়ে ৩০ মিনিট অপেক্ষা করুন। কুসুম গরম পানি দিয়ে ধুয়ে ফেলুন। চুল হবে ঝলমলে। এ ছাড়া চুলের উজ্জ্বল্য বাড়াতে কফির পেস্ট লাগাতে পারেন। শ্যাম্পু করার পর পানি ও কফি দিয়ে পেস্ট বানিয়ে চুলে লাগাতে হবে। ১৫ মিনিট পর ধুয়ে ফেলুন। এটি চুলকে উজ্জ্বল করার পাশাপাশি চুলের রঙে গভীরতা নিয়ে আসবে। কন্ডিশনারের সঙ্গে ১ চামচ কফি গুঁড়া মিশিয়ে ব্যবহার করতে পারেন।

# চার রকমের খিচুড়ি

মহিলা অঙ্গন ডেস্ক

নানারকমের খিচুড়ি শুধু রসনাবিলাসীদের তৃপ্তিই মেটায় না, মনে করিয়ে দেয় খাবারে বাঙালিয়ানার ঐতিহ্য। এমনই ৪ রকমের খিচুড়ি নিয়ে এবারের রেসিপি



**ইলিশ খিচুড়ি**

উপকরণ :পোলাও চাল ১ কেজি, ইলিশ মাছ ৮ পিস, মুগ ডাল ২০০ গ্রাম, আদা-রসুন বাটা ২ টেবিল চামচ, পেঁয়াজ কুচি ১ কাপ, কাঁচা মরিচ ৮-৯টি, দারুচিনি ও এলাচ ৮-৯টি, তেল আধা কাপ, ঘি ২ টেবিল চামচ, তেজপাতা ২-৩টি, হলুদ ১ টেবিল চামচ।

প্রণালি :প্রথমে চাল ও ডাল ধুয়ে পানি ঝরিয়ে রাখুন। এবার ইলিশ মাছটাকে হালকা ভেজে নিন। এরপর একটি পাত্রে তেলে দারুচিনি, এলাচ ও পেঁয়াজ ভেজে নিন। তাতে আদা-রসুন ও হলুদ দিয়ে ভালো করে কষান। কষানো হয়ে গেলে এবার চাল, ডাল দিয়ে হালকা কষিয়ে নিন। এবার তেজপাতা, কাঁচামরিচ ও পানি মেপে দিয়ে দমে বসিয়ে দিন। একটি পাত্রে অর্ধেক খিচুড়ি বের করে রাখুন। এবার ইলিশ মাছ সাজিয়ে দিন। বাকি খিচুড়ি ইলিশ মাছের উপরে দিয়ে দিন এবং ঘি ছিটিয়ে দিন, কিছুক্ষণ পর গরম গরম পরিবেশন করুন।



**নবাবি খিচুড়ি**

উপকরণ :মুগ ডাল ১/২ কাপ, শাহ জিরা ১/৪ চা চামচ, পেঁয়াজ বাটা ১/৪ কাপ, আদা বাটা ১ টেবিল চামচ, গরম পানি আড়াই কাপ, কাঁচা বাদাম ২ টেবিল চামচ, রসুন বাটা ১ চা চামচ, হিং ১/২ চা চামচ, কিসমিস ১/৪ কাপ, কাঁচামরিচ বাটা ৪/৫টা, চাল ৫০০ গ্রাম, লবণ পরিমাণমতো, গরম মসলা ৮/৯টি, শুকনা মরিচ গুঁড়া ১ চা চামচ, তেল বা ঘি কোয়ার্টার কাপ।

প্রণালি :মুগ ডাল ও চাল একসাথে পরিষ্কার করে ধুয়ে ১/২ ঘণ্টা পানিতে ভিজিয়ে রাখুন। পানি ঝরিয়ে নিন। চুলায় পাত্রে তেল দিয়ে গরম মসলা ও আদা, রসুন বাটা, পেঁয়াজ, মরিচ গুঁড়া, কাঁচামরিচ ও জিরা গুঁড়া দিয়ে ভালো করে কষিয়ে নিন। এবার চাল ও ডাল মিশিয়ে দিন। চাল, মসলাসহ ৪-৫ মিনিট ভেজে নিয়ে গরম পানি মেশান। সিদ্ধ না হওয়া পর্যন্ত রান্না করুন। পানি শুকিয়ে এলে দমে বসিয়ে রাখুন। তারপর গরম গরম পরিবেশন করুন।



**ভুনা খিচুড়ি**

উপকরণ : পোলাওয়ের চাল ১ কেজি, মসুর ডাল ২০০ গ্রাম, পেঁয়াজ কুচি ১ কাপ, দারুচিনি/এলাচ ৮-৯টি, তেজপাতা ২-৩টি, আদা ও রসুন বাটা ২ টেবিল চামচ, কাঁচামরিচ ৮-৯টি, ঘি আধা কাপ, লবণ পরিমাণমতো, হলুদ গুঁড়া ১ টেবিল চামচ।

প্রণালি :প্রথমে পোলাওয়ের চাল ও মসুর ডাল একসঙ্গে ধুয়ে ঝরিয়ে রাখুন। এবার একটি পাত্রে ঘি দিয়ে তাতে পেঁয়াজ কুচি দিয়ে কিছুক্ষণ ভাজুন। ভাজা হয়ে গেলে তাতে আদা-রসুন বাটা ও হলুদ দিয়ে কিছুক্ষণ কষান। কষানো হয়ে গেলে চাল ও ডাল দিয়ে কিছুক্ষণ ভাজুন। ভাজা হয়ে গেলে মেপে পানি দিন এবং কাঁচামরিচ ও দারুচিনি, এলাচ, তেজপাতা ও লবণ দিয়ে দমে বসিয়ে দিন। এবার ২ টেবিল চামচ ঘি উপরে দিয়ে দমে রেখে দিন। তারপর গরম গরম পরিবেশন করুন।



**সবজি মাসালা খিচুড়ি**

উপকরণ :গাজর, পটল, ফুলকপি, পেঁপে, ঝিঙা বা আপনার পছন্দমতো সবজি ১ কেজি, পোলাওয়ের চাল ৫০০ গ্রাম, আদা-রসুন বাটা ২ টেবিল চামচ, পেঁয়াজ ১ কাপ, তেল আধা কাপ, ঘি ১ টেবিল চামচ, কাঁচামরিচ ৮-৯টি, তেজপাতা ২-৩টি, পোস্তের দানা ও জয়ত্রি জয়ফল বাটা ১ চা চামচ, টক দই আধা কাপ।

প্রণালি :প্রথমে একটি পাত্রে তেল দিন। এবার পেঁয়াজ, আদা, রসুন দিয়ে কিছুক্ষণ ভাজুন, পোস্তের দানা জয়ত্রি জয়ফল বাটা দিয়ে আবার কিছুক্ষণ কষান। কষা হয়ে গেলে সবজিগুলো দিয়ে দিন। তারপর ভাজা ভাজা হয়ে গেলে নামিয়ে রাখুন। এবার একটি পাত্রে ঘি দিন। তেজপাতা, চাল দিয়ে কিছুক্ষণ ভাজুন। এবার পানি মেপে দিয়ে কিছুক্ষণ রান্না করুন। যখন পানি শুকিয়ে আসবে তখন সব সবজি দিয়ে দমে বসিয়ে রাখুন। তারপর উপরে ১ টেবিল চামচ ঘি দিয়ে কিছুক্ষণ দমে রেখে পরিবেশন করুন।

## হ্যান্ডস অন ফিজিক্যাল থেরাপি রিহাবিলেইশন

**এ. ভূঁইয়া**

এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



## হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



**ডাঃ এফ হক**
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

### হোমিও ভিটামিন সেলিং সেন্টার
### Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

## আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

## সংশয় কেন কিছুতেই পিছু ছাড়ছে না!

১২ পৃষ্ঠার পর

নির্বাচন অনুষ্ঠানের চ্যালেঞ্জ আরও কিছু আছে। জামায়াতসহ সমমনা কয়েকটি দলের পাঁচ দফা দাবিভিত্তিক আন্দোলনের দ্বিতীয় পর্যায় শুরু হয়েছে। জুলাই সনদের আইনি ভিত্তি; ওই সনদের ভিত্তিতে আগামী নির্বাচন অনুষ্ঠান; সংসদের উভয় কক্ষে সংখ্যানুপাতিক (পিআর) পদ্ধতির নির্বাচন এবং জাতীয় পার্টি ও ১৪ দলীয় জোটের রাজনীতি নিষিদ্ধ করানর এই পাঁচ দফা দাবিতে তারা শেষ পর্যন্ত আন্দোলন অব্যাহত রাখবে বলে ঘোষণা করেছে। জামায়াতের হিসাব অনুযায়ী দেশের ৭১ শতাংশ মানুষ পিআর পদ্ধতিতে নির্বাচনের পক্ষে। হয়তো তারা এ বিষয়ে কোনো জরিপ করেছে। যার ভিত্তিতে শতাংশ উল্লেখ করে বলতে পারছে। ১৫ অক্টোবর চূড়ান্ত জুলাই সনদ পাওয়া যাবে বলে জাতীয় ঐকমত্য কমিশন ঘোষণা করেছে। সেই সনদ যে যথেষ্ট কাটাছেঁড়া করে আপসরফার একটি সনদ হতে যাচ্ছে, তা এখন স্পষ্ট। কাজেই সেই সনদ কীভাবে সবাই গ্রহণ করেন, সেটাও এখন পর্যন্ত দেখার বিষয় হয়েই আছে। নির্বাচন প্রসঙ্গে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) প্রধান দাবি নতুন সংবিধান প্রণয়নের জন্য গণপরিষদ নির্বাচন। শুরুতে জাতীয় সংসদ নির্বাচনের আগে প্রথমে গণপরিষদ নির্বাচনের দাবিই দলটি তুলেছিল। পরে সেখান থেকে কিছুটা অবস্থান পরিবর্তন করে জাতীয় সংসদ নির্বাচন ও গণপরিষদ নির্বাচন একসঙ্গে করা হলেও মেনে নেবে বলে ঘোষণা করেছে। তবে এনসিপি কোনোভাবেই গণপরিষদ নির্বাচন এবং নতুন সংবিধান প্রণয়নের দাবি থেকে সরে যায়নি। এ ছাড়া এখন তাদের একটি বড় বিষয় হয়ে দাঁড়িয়েছে নির্বাচনী প্রতীক। নির্বাচন কমিশন তাদের কাঙ্ক্ষিত শাপলা যে বরাদ্দ করবে না, তা স্পষ্ট করেই জানিয়ে দিয়েছে এবং অন্য কোনো প্রতীক বাছাই করে দেওয়ার অনুরোধ জানিয়ে চিঠি দিয়েছে। কিন্তু এনসিপি এখনো শাপলা প্রতীক পাওয়ার বিষয়ে অনড় অবস্থানে আছে। এ জন্য নির্বাচন কমিশন ঘেরাও করার কথাও দলটির পক্ষ থেকে বলা হয়েছে। উল্লিখিত যেকোনো একটি বা একাধিক উপাদান নির্বাচন হতে না দেওয়া কিংবা নির্বাচন পিছিয়ে দিতে বাধ্য করা অথবা নির্বাচন আয়োজনে বিঘ্ন সৃষ্টি করার জন্য যথেষ্ট নয় কি। তারপরও আমরা বিশ্বাস করি নির্বাচন আগামী ফেব্রুয়ারির প্রথমার্ধেই হবে, যার মাধ্যমে দেশে অবাধ গণতন্ত্রের পথযাত্রা শুরু হবে।

লেখক: জ্যেষ্ঠ সাংবাদিক।

## সোসাইটির সাবেক নেতৃবৃন্দের বিশেষ সভা অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

আয়োজন করা হয়েছিল। সভায় জানানো হয়, মিলনমেলার রেজিস্ট্রেশন ও বিজ্ঞাপন বাবদ আয় হয়েছে ৪৮, ৮০০ ডলার। সবমিলিয়ে মোট ব্যয় হয় ৩৬, ২৪০ ডলার। সঞ্চয় হয়েছে ১২, ৫৬০ ডলার, যা বর্তমানে ফান্ডে (ব্যাংক একাউন্ট) জমা আছে। এছাড়া অনুষ্ঠানে সফলতা ও কিছু ত্রুটি বিচ্যুতি ও আগামীদিনে করনীয় কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়।

সভায় সর্বসম্মতিক্রমে আগামী বছর অক্টোবর মিলন মেলা ২০২৬ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে পরবর্তী সভায় প্রস্তুতি কমিটি গঠন করা হবে। সভায় যারা রেজিস্ট্রেশন করেছেন তাদের ও যারা বিজ্ঞাপন ও ডোনেশন দিয়েছেন তাদেরকে ধন্যবাদ জানানো হয়।

আলোচনায় অন্যান্যের মধ্যে অংশ নেন সাবেক সহ-সভাপতি নজরুল ইসলাম, সহ-সভাপতি মনিরুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক রুহুল আমিন ছিদ্দিকি, সাবেক সহ সাধারণ সম্পাদক সিরাজ উদ্দিন সোহাগ, সাবেক সহ সাধারণ সম্পাদক ওসমান চৌধুরী, সাবেক সাংস্কৃতিক সম্পাদক মোশাররফ হোসেন, সাবেক সাংস্কৃতিক সম্পাদক ডা. শাহনাজ আলম লিপি, সাবেক নাট্য সম্পাদক শেখ সিরাজ, সাবেক কার্যকরী কমিটির সদস্য সাইফুল্লাহ ভূঁইয়া, সাবেক কার্যকরী কমিটির সদস্য জে মোল্লা সানি সাবেক কার্যকরী কমিটির সদস্য সরোয়ার খান বাবু প্রমুখ।

## ফিলিস্তিন নিয়ে ভারতকে চুপ থাকলে চলবে না

১২ পৃষ্ঠার পর

ফেলেছে। ভারতের আন্তর্জাতিক অবস্থান কোনো ব্যক্তির ব্যক্তিগত গৌরব অর্জনের প্রচেষ্টায় গুটিয়ে যেতে পারে না, কিংবা শুধু অতীত ইতিহাসের সাফল্যের ওপর নির্ভর করে থাকতে পারে না।

এর জন্য দরকার ধারাবাহিক সাহস আর ইতিহাসের প্রতি দায়বদ্ধতা। অবাক করার মতো বিষয় হলো মাত্র দুই সপ্তাহ আগে ভারত ইসরায়েলের সঙ্গে একটি দ্বিপক্ষীয় বিনিয়োগ চুক্তি করেছে। শুধু তা-ই নয়, বরং ইসরায়েলের বিতর্কিত সেই কট্টর ডানপন্থী অর্থমন্ত্রীকেও ভারত আতিথ্য দিয়েছে, যিনি পশ্চিম তীরের ফিলিস্তিনিদের বিরুদ্ধে সহিংসতার উসকানির কারণে আন্তর্জাতিকভাবে নিন্দিত। ফিলিস্তিন ইস্যুকে ভারত শুধু বৈদেশিক নীতি হিসেবে দেখলে চলবে না। এটি ভারতের নৈতিক ও সভ্যতাগত ঐতিহ্যেরও পরীক্ষা। ফিলিস্তিনের মানুষ বহু দশক ধরে বাস্তুচ্যুতি, দখল, বসতি সম্প্রসারণ, চলাফেরার বাধা, আর বারবার নাগরিক, রাজনৈতিক ও মানবাধিকারের ওপর আক্রমণ সহ্য করছে। তাদের এই দুর্দশা অনেকটা ভারতের ঔপনিবেশিক যুগের লড়াইয়ের মতো।

যখন আমাদের জনগণ সার্বভৌমত্ব হারিয়েছিল, দেশহীন ছিল, সম্পদ লুট হয়েছিল, আর সব অধিকার ও নিরাপত্তা কেড়ে নেওয়া হয়েছিল; তখন আমরা যেভাবে লড়াই করেছিলাম, ফিলিস্তিনিরা একইভাবে লড়াই চালিয়ে যাচ্ছে। তাই ভারতের উচিত ফিলিস্তিনের প্রতি ইতিহাসের সহমর্মিতা দেখানো এবং সেই সহমর্মিতাকে নীতিগত পদক্ষেপে রূপ দেওয়া।

ভারতের অতীত অভিজ্ঞতা, নৈতিক কর্তৃত্ব আর মানবাধিকারের প্রতি অঙ্গীকার তাকে সাহসিকতাবে ন্যায়বিচারের পক্ষে কথা বলতে, অবস্থান নিতে এবং কাজ করতে শক্তি জোগায়। প্রত্যাশা হলো, ভারত যেন পক্ষপাতিত্ব না করে। এখানে ইসরায়েল আর ফিলিস্তিনের মধ্যে কাউকে বেছে নেওয়ার প্রশ্ন নেই। প্রত্যাশা হলো ভারত যেন নীতিনিষ্ঠ নেতৃত্ব দেখায়। যে মূল্যবোধের ওপর ভারত দাঁড়িয়ে আছে এবং স্বাধীনতা আন্দোলনের সময় দেশটির যে আদর্শ ছিল, তার সঙ্গে সামঞ্জস্য রেখে ফিলিস্তিন ইস্যুতে ভারতকে ভূমিকা রাখতে হবে।

সোনিয়া গান্ধী ভারতের কংগ্রেস পার্লামেন্টারি পার্টির চেয়ারপারসন, দ্য হিন্দু থেকে নেওয়া, অনুবাদ: সারফুদ্দিন আহমেদ।

## 'কাফিস'র ডোনার অ্যাপ্রিসিয়েশন ডিনার পার্টি অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

সেক্রেটারী আরমান চৌধুরী, জ্যামাইকা মুসলিম সেন্টার পরিচালনা কমিটির সভাপতি ডা. মাহমুদুর রহমান তুহিন, ইকনা মার্কাস মসজিদ পরিচালনা কমিটির সভাপতি আব্দুল জব্বার, মুনা'র সাবেক ন্যাশনাল প্রেসিডেন্ট ও কাফিসের চেয়ারম্যান মোহাম্মদ কুরুজ্জামান, ইকনা মসজিদের, ইমাম মওলানা সাইদুর রহমান, পার্কচেস্টার ইসলামিক সেন্টারের ট্রাস্টিবোর্ড মেম্বার মাহবুবুল হাসান, মুনা নিউইয়র্ক নর্থ জোনের সভাপতি রাশেদুজ্জামান, মুনা নিউইয়র্ক সাউথ জোনের সভাপতি মোহাম্মদ এমদাদ উল্লাহ, মুনা লং আইল্যান্ড চ্যাপ্টারের সভাপতি আকন্দজাদুর নূর মুন, মুনা জ্যামাইকা ইস্ট চ্যাপ্টারের সভাপতি মামুন খান, মুনা জ্যামাইকা ওয়েস্ট চ্যাপ্টারের সেক্রেটারী শহিদুল ইসলাম প্রমুখ। অনুষ্ঠানে জানানো হয়, ইতিমধ্যেই কাফিস-এর জন্য নিউইয়র্ক সিটির কুইন্সের জ্যামাইকায় (১৬৬-১৫ ৮৯ এভিনিউ) বিশালাকারের একটি ভবন সহ জায়গা ক্রয় করা হয়েছে। আগামীতে পুরাতন ভবনটি ভেঙে সুবিশাল ভবন তৈরীর মাধ্যমে একটি আধুনিক একাডেমী ভবন গড়ে তোলার উদ্যোগ নেয়া হয়েছে। ব্যতিক্রমী এই উদ্যোগে অনেকেই আর্থিক অনুদান দিয়ে বা কর্জে হাসানা দিয়ে সহযোগিতা করেছেন। মুনা নর্থ জোনের সেক্রেটারী মমিনুল ইসলাম মজুমদারের অনুষ্ঠানটি পরিচালনা করেন। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন মওলানা তোহা আমীন খান এবং ইসলামী সঙ্গীত পরিবেশন করেন আতাফাত রহমান। বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে উপস্থিত একজন নারী কাফিস প্রতিষ্ঠায় দেয়া তার ২০ হাজার ডলারের কর্জে হাসানা পুরোপুরি অনুদান হিসেবে ঘোষণা দেন। অপর একজন নারী তার সোনার গহনা দান করেন। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত অনেকে আর্থিক সহযোগিতা প্রদান করেন এবং সহযোগিতার আশ্বাস দেন।

## বাংলাদেশ সোসাইটিকে নোয়াখালী সোসাইটির ২ লক্ষাধিক ডলার হস্তান্তর

৩ পৃষ্ঠার পর

কয়েকটি বৈঠক অনুষ্ঠিত হয়।

গঠিত কমিটির পক্ষ থেকে বৃহত্তর নোয়াখালী সোসাইটির কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করা হয়। প্রথম বৈঠকের পর জানানো হয়, বৃহত্তর নোয়াখালী সোসাইটির কার্যকরি কমিটির সভায় এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হবে। শেষ পর্যন্ত নোয়াখালী সোসাইটির কার্যকরি কমিটি, ট্রাস্টি বোর্ড এবং উপদেষ্টা পরিষদের যৌথ সভা অনুষ্ঠিত হয়। সভার সে সিদ্ধান্ত অনুযায়ী, অর্থ ফেরত দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। কী প্রক্রিয়ায় অর্থ দেওয়া হবে তা-ও জানানো হয়। সেই সিদ্ধান্ত অনুযায়ী গত ৩ অক্টোবর সন্ধ্যায় বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, ট্রাস্টি বোর্ডের সদস্য আতোয়ারুল আলম ব্রুকলিনস্থ নোয়াখালী সোসাইটির কার্যালয়ে যান। সেখানেই বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম এবং ট্রাস্টি বোর্ড সদস্য আতোয়ারুল আলমের হাতে ২ লাখ ৪০ হাজার ডলারের চেক তুলে দেন বৃহত্তর নোয়াখালী সোসাইটির সভাপতি নাজমুল হাসান মানিক, সাবেক সাধারণ সম্পাদক জাহিদ মিন্টু, নবনির্বাচিত সাধারণ সম্পাদক মাইন উদ্দিন পিন্টু, ট্রাস্টি বোর্ডের সদস্য খোকন মোশাররফ, সহ-সভাপতি তাজু মিয়াসহ অন্য কর্মকর্তারা।

## আটলান্টিক সিটি স্কুল বোর্ড নির্বাচনে লড়ছেন সুব্রত চৌধুরী

৩ পৃষ্ঠার পর

সদস্য পদে জয়ী হওয়ার লক্ষ্যে মোট সাতজন প্রার্থী এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন, তাদের মধ্যে তিনজন নির্বাচিত হবেন।

সুব্রত চৌধুরীর জন্ম বাংলাদেশের চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলার কচুয়াই গ্রামে। ২০১২ সালে তিনি অভিবাসীর মর্যাদা নিয়ে সপরিবারে যুক্তরাষ্ট্রে আসেন। যুক্তরাষ্ট্রে আসার পর থেকেই তিনি সংবাদ মাধ্যমের সাথে যুক্ত হয়ে নিরলসভাবে কমিউনিটি সাংবাদিকতায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছেন এবং বস্তুনিষ্ঠ সাংবাদিকতার জন্য কমিউনিটির সর্বমহলে তিনি বেশ প্রশংসিতও হয়েছেন। কমিউনিটি সাংবাদিকতাসহ সামাজিক কর্মকাণ্ডে গুরুত্বপূর্ণ ভূমিকার জন্য ইতোমধ্যে তিনি পুরস্কৃতও হয়েছেন।

সুব্রত চৌধুরী সাংবাদিকতার পাশাপাশি ছড়া, গল্প লিখে থাকেন, অনুবাদক হিসেবেও তাঁর খ্যাতি আছে। ইতোমধ্যে ছড়া গ্রন্থ 'শিশু মেঘমালা' ও 'আতু মুতু কাতু কুতু' শিরোনামে তাঁর রূপকথার বই প্রকাশিত হয়েছে। আবৃত্তি শিল্পী হিসেবে প্রবাসের সাংস্কৃতিক কর্মকাণ্ডে তাঁর সদর্প বিচরণ রয়েছে। আটলান্টিক সিটির পরিচিত ও প্রিয় মুখ সুব্রত চৌধুরী সামাজিক কর্মকাণ্ডেও নিজেকে সক্রিয় রেখেছেন। বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সি, সাউথ জার্সি পয়েটস কালেকটিভ, এনএএসিপি, হিসপানিক এসোসিয়েশন অব আটলান্টিক কাউন্টি এর সাথে ওতপ্রোতভাবে জড়িত থেকে সামাজিক কর্মকাণ্ডে নিজেকে ব্যাপৃত রেখেছেন। তিনি যুক্তরাষ্ট্রের মূলধারার সামাজিক ও রাজনৈতিক কর্মকাণ্ডেও নিজেকে সক্রিয় রেখেছেন। তিনি আটলান্টিক কাউন্টি ডেমোক্রেটিক পার্টির নির্বাচিত কমিটি পারসন।এছাড়া তিনি আটলান্টিক সিটি ফ্রি পাবলিক লাইব্রেরির ট্রাস্টি বোর্ডেও সদস্য ও আটলান্টিক কাউন্টির সংস্কৃতি ও ঐতিহ্য বিষয়ক পরামর্শক পর্ষদের সদস্য হিসেবেও দায়িত্ব পালন করছেন। এবারের আটলান্টিক সিটির স্কুল বোর্ড নির্বাচনে ডেমোক্র্যাটিক দলের সমর্থনে টিম স্লেট থেকে সুব্রত চৌধুরী একমাত্র দক্ষিণ এশীয় আমেরিকান হিসেবে প্রতিদ্বন্দ্বীতা করছেন।

জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# নবীজির ধর্মীয় উদারতা

মাওলানা সেলিম হোসাইন আজাদী



নবম হিজরির কথা। শুধু মক্কা বিজয় হয়েছে। হুজুর (সা.) স্বস্তির নিশ্বাস ফেললেন। আশপাশের গোত্রগুলো থেকে আক্রমণের ভয় নেই। নিরাপত্তার প্রথম সুযোগেই আন্তর্জাতিক সম্পর্ক বৃদ্ধিতে জোর দিলেন রাসুল (সা.)। তৎকালীন সুপার পাওয়ার রোম ও পারস্যের রাজা থেকে শুরু করে মিশর ইয়েমেন ইথিওপিয়া প্রভৃতি রাজাদের কাছে একে একে চিঠি পাঠাতে লাগলেন। সব চিঠিতে একই দাওয়াত। আপনারা বহু ঈশ্বরের পূজা ছেড়ে এক আল্লাহর বন্দেগিতে শামিল হোন। কেউ দাওয়াত কবুল করল কেউ করল না। তবে দিকে দিকে ইসলামের জয়গান ছড়িয়ে পড়ল। তৎকালীন ইয়েমেনের একটি বড় শহরের নাম ছিল নাজরান। এ অঞ্চলের সবাই গোঁড়া খ্রিষ্টান। আসমানি কিতাবের এলেমে পারদর্শী। আখেরি নবীর আবির্ভাব নিয়ে তাদের মাঝেও আগ্রহের সীমা ছিল না। রাসুল (সা.) মুগিরা ইবনে শোবা (রা.)কে দাওয়াতি চিঠিসহ নাজরানে পাঠালেন। তিনি স্থানীয় নেতাদের সঙ্গে দেখা করে চিঠিটিসহ ইসলামের দাওয়াত দিলেন। খ্রিষ্টান আলেমরা মুগিরা (রা.)কে কয়েকটি জটিল প্রশ্ন করলেন। তিনি সেগুলোর সদুত্তর দিতে না পেরে মদিনায় ফিরে গেলেন। মুগিরা (রা.)-এর সঙ্গে আলাপ আলোচনার ফলে নাজরানের খ্রিষ্টান আলেমদের টনক নড়ল। যদিও তারা সব উত্তর পায়নি, যতটুকু পেয়েছে এতেই তারা বুঝতে পেরেছেন নবী দাবি করা মক্কার মুহাম্মদ (সা.) যেনতেন লোক নন। তাকে বাজিয়ে দেখা দরকার। যদি সত্যিই নবী হয়, তাহলে ভেবে দেখা যাবে কী করা যায়। যেই ভাবা সেই কাজ। ৬০ জন খ্রিষ্টান আলেম ধর্ম সম্পর্কে বাহাসের জন্য মদিনায় এসে হাজির। তখন আসরের ওয়াক্ত। সাহাবিরা নামাজের প্রস্তুতি নিচ্ছিলেন। রাসুল (সা.)ও ইমামতির অপেক্ষায়। এমন সময় নাজরানের মেহমানদের দেখে রাসুল (সা.) হাসি মুখে অভ্যর্থনা

এরপর ৪১ পৃষ্ঠায়

# সুখময় দাম্পত্য লাভে করণীয়

ঈশান মুহাম্মদ হাসান

সম্প্রতি পাল্লা দিয়ে বাড়ছে বিয়েবহির্ভূত সম্পর্ক। আমাদের এখনই ভাবতে হবে, আমরা কী আমাদের সংসারগুলো ভাঙব? নাকি দাম্পত্য জীবনে সুখী হওয়ার পথে হাঁটব! দাম্পত্য জীবনকে আরও উপভোগ করতে চেষ্টা করুন। কোরআনে আল্লাহতায়ালা বলেন, 'আর তাঁর নিদর্শনাবলির মধ্যে একটি নিদর্শন হচ্ছে, তিনি তোমাদের জন্য স্ত্রীদের সৃষ্টি করেছেন তোমাদের থেকেই; যাতে করে তোমরা প্রশান্তি লাভ করতে পারো। আর তোমাদের পরস্পরের মধ্যে দিয়েছেন ভালোবাসা, দয়া ও রহমত।' এই মানসিক প্রশান্তি ও ভালোবাসা একজন মানুষ কীভাবে পাবে? যখন সে পুরুষ বা নারী হিসেবে একাকিত্ব বোধ করবেন। একে অপর থেকে দূরত্বে অবস্থান করবেন। বোঝা গেল ইসলাম নারী তথা স্ত্রী জাতি সৃষ্টির একটি কারণ উল্লেখ করেছে, তার স্বামীর মানসিক প্রশান্তির জন্য। যার মধ্যে নিহিত রয়েছে সুখ শান্তি ভালোবাসা ইত্যাদি। অবশ্যই দাম্পত্য জীবনে সুখী হতে হলে, নিচে উল্লিখিত বিষয়গুলোর প্রতি যত্নবান হতে হবে। পরিত্যাগযোগ্য বিষয়গুলো বাদ দিতে হবে। করণীয়গুলো পালন করতে হবে। তবেই যদি সংসার হয় সুখময়। স্ত্রী-স্বামীকে বা স্বামী-স্ত্রীকে সময় দেওয়া : দেখা যায়, একই ছাদের নিচে অবস্থান করা সত্ত্বেও দুজন একত্রিত হন না। কেউকারো কথা বলেন না। ঘরেও অফিসের কাজ নিয়ে ব্যস্ত সময় পার হয়। কিংবা

এরপর ২৮ পৃষ্ঠায়



# সৎ বন্ধু নির্বাচনের উপকারিতা

ড. হাফেজ মাওলানা মাহফুজুর রহমান



মানবজীবনে চলার পথে বন্ধুত্ব অপরিহার্য। প্রকৃত বন্ধু সেই যে সুখে-দুখে পাশে থাকে, আন্তরিকতায় একে অপরকে সমর্থন করে এবং সঠিক পথে পরিচালিত করে। বন্ধুত্বের সম্পর্ক হবে দৃঢ় ও মজবুত। একজন ভালো বন্ধু মানুষকে উন্নতির শিখরে পৌঁছে দিতে পারে, আর খারাপ বন্ধু তার জীবন ধ্বংসের জন্য যথেষ্ট। সমাজে বন্ধুর হাতে বন্ধুকে হত্যার মতো ভয়াবহ ঘটনাও ঘটে থাকে। তাই একজন মুসলমানের জীবনে সঠিক বন্ধু নির্বাচনের গুরুত্ব ও প্রয়োজনীয়তা অনস্বীকার্য।

সৎ বন্ধু নির্বাচনের গুরুত্ব : বন্ধুর প্রভাব মানুষের জীবনে গভীরভাবে প্রতিফলিত হয়। বিশেষ করে বয়ঃসন্ধিকালে ছেলেমেয়েরা বন্ধু ও সমবয়সিদের দ্বারা সবচেয়ে বেশি প্রভাবিত হয়। এ সময়েই তাদের জীবনে গুরুত্বপূর্ণ পরিবর্তন ঘটে, যা ভবিষ্যৎ গঠন বা ধ্বংসের কারণ হয়ে দাঁড়ায়। অধিকাংশ অপরাধ, গোনাহ বা অন্যায় কাজ মানুষ করে থাকে পরিবেশ, প্রতিবেশী বা বন্ধুদের প্রভাবে; তবে বন্ধুদের প্রভাবই সবচেয়ে প্রবল। অসৎ সঙ্গ মানুষের অধঃপতনের প্রধান কারণ। বিপরীতে সৎ বন্ধুর সংস্পর্শ জীবনকে আলোকিত করে, সঠিক পথে পরিচালিত করে। আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'মানুষ তার বন্ধুর দীন অনুসারে চলে। তাই প্রত্যেকেরই খেয়াল রাখা উচিত, সে কাকে বন্ধু হিসেবে গ্রহণ করছে।' (আবু দাউদ : ৪৮৩৩; তিরমিজি : ২৩৭৮)।

অসৎ বন্ধু নির্বাচনের জন্য আফসোস : কেয়ামতের দিন মানুষ অসৎ বন্ধুর কারণে অনুতপ্ত হবে। আল্লাহতায়ালা বলেন, 'সেদিন জালিম ব্যক্তি নিজের হাত কামড়ে বলবে, হায়! যদি আমি রাসুল (সা.)-এর সঙ্গে সঠিক পথ অবলম্বন করতাম! হায় দুর্ভোগ! যদি অমুককে বন্ধু না বানাতাম! নিশ্চয়ই সে আমাকে বিভ্রান্ত করেছে, যদিও আমার কাছে উপদেশ পৌঁছেছিল। শয়তান তো মানুষের মহাপ্রতারক।' (সুরা ফুরকান : ২৭-২৮)।

ইসলামে বন্ধু নির্বাচনের মূলনীতি : ইসলামে বন্ধুত্ব গড়ার জন্য কিছু মৌলিক শর্ত উল্লেখ করা হয়েছে। যেমন-

১. মুমিন হওয়া। আল্লাহ বলেন, 'তোমাদের প্রকৃত বন্ধু তো আল্লাহ, তাঁর রাসুল ও মুমিনগণ, যারা সালাত কায়েম করে, জাকাত দেয় এবং আল্লাহর কাছে বিনম্র হয়। যারা আল্লাহ, রাসুল ও মুমিনদের বন্ধু, তারা আল্লাহর

এরপর ২৮ পৃষ্ঠায়



# হারামে সুখ নেই

মিসবাহুল হক সেরাজী

আল্লাহতায়ালার নিষেধ ও তাঁর রাসুল (সা.)-এর নির্দেশনা অনুযায়ী শরিয়তে যা নিষিদ্ধ, তা হারাম। আর হারাম কাজে আল্লাহতায়ালা খুব অসন্তুষ্ট হন। কাজটি শরিয়তবিরোধী হওয়ায় তার কর্তার জন্য রয়েছে শাস্তির আদেশ। এ হারামসমূহই আল্লাহর সীমারেখা। আল্লাহতায়ালা বলেন, 'এসব আল্লাহর সীমারেখা। সুতরাং তোমরা এগুলোর ধারে-কাছেও যেও না।' (সুরা বাকারা : ১৮৭)।

আল্লাহর নির্ধারিত সীমালঙ্ঘনকারী ও হারাম অবলম্বনকারীদের আল্লাহতায়ালা ভীতিপ্রদর্শন করেছেন। তিনি বলেন, 'যে আল্লাহ ও তাঁর রাসুলের আদেশের অবাধ্যতা করে এবং তাঁর সীমারেখাসমূহ লঙ্ঘন করে, আল্লাহ তাকে জাহান্নামের আগুনে প্রবেশ করাবেন। সেখানে সে চিরস্থায়ী হবে। তার জন্য রয়েছে লাঞ্ছনাদায়ক শাস্তি।' (সুরা নিসা : ১৪)।

হালাল গ্রহণে তাকওয়া বাড়ে : হারাম কাজে শয়তান খুশি হয়। কারণ, এতে বান্দা আল্লাহর কাছ থেকে ধীরে ধীরে দূরে সরতে থাকে। একপর্যায়ে হারাম কাজে লিপ্ত অবস্থায় তার মৃত্যু হয়।

এরপর ২৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City অক্টোবর ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| 11 | 5:48 | 7:03 | 12:43 | 3:51 | 6:21 | 7:36 |
| 12 | 5:49 | 7:04 | 12:42 | 3:50 | 6:20 | 7:35 |
| 13 | 5:50 | 7:05 | 12:42 | 3:49 | 6:18 | 7:33 |
| 14 | 5:51 | 7:06 | 12:42 | 3:48 | 6:17 | 7:32 |
| 15 | 5:52 | 7:07 | 12:42 | 3:47 | 6:15 | 7:30 |
| 16 | 5:53 | 7:09 | 12:41 | 3:45 | 6:14 | 7:29 |
| 17 | 5:54 | 7:10 | 12:41 | 3:44 | 6:12 | 7:27 |

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



## বিশ্বের প্রথম বিলিয়নিয়ার ফুটবলার রোনালদো

৫২ পৃষ্ঠার পর

এবং টেনিস কিংবদন্তি রজার ফেদেরার। মঙ্গলবার পর্তুগালের ফুটবল গোল্ডেন গালা অনুষ্ঠানে রোনালদো নিজের ভবিষ্যৎ নিয়ে জানান, "আমি এখনও ফুটবলের প্রতি আগ্রহ হারাইনি। পরিবার মাঝে মাঝে বলেছে 'এখন থামো, তুমি তো ৯০০-র বেশি গোল করেছো, ১০০০ গোলের দরকার কী?' কিন্তু আমি ভেতর থেকে এমনটা ভাবি না। আমি এখনও ভালো খেলছি, আমার ক্লাব ও জাতীয় দলকে সাহায্য করছি। তাহলে কেন থামবো? জানি খেলোয়াড়ি জীবনে আর অনেক বছর নেই, কিন্তু যতটুকু সময় আছে, সেটাকে উপভোগ করতেই হবে।'

## ম্যানসিটির রদ্রিকে নিতে রিয়ালের চোখ ধাঁধানো প্রস্তাব!

৫২ পৃষ্ঠার পর

হলো সেই মিডফিল্ডার, যাকে না দেখলে বোঝা যায় না সে কতটা গুরুত্বপূর্ণ। আমাদের সিস্টেমে সে অপরিহার্য।'
ক্লাব প্রেসিডেন্ট খালদুন আল-মুবারক নাকি ইতিমধ্যে রদ্রির নতুন চুক্তি নিয়ে কাজ করছেন যেখানে তার বেতন বাড়ানো হবে এবং ভবিষ্যৎ নিয়ে সব জল্পনা থামানো হবে।
ইনজুরি ও ফিটনেস আপডেট
বর্তমানে রদ্রি ইনজুরি থেকে সেরে ওঠার পথে আছেন। ব্রেন্টফোর্ডের বিপক্ষে প্রিমিয়ার লিগ ম্যাচে তিনি ২০ মিনিট খেলে মাঠ ছাড়েন মাংসপেশির চোটে।
তবে এটি তার আগের এসিএল ইনজুরির পুনরাবৃত্তি নয় বলে জানা গেছে। রদ্রি জানিয়েছেন, তিনি ১৮ অক্টোবর এভারটনের বিপক্ষে ম্যাচেই ফিরতে পারেন।

## প্রবাসী বাংলাদেশিরা উদ্বিগ্ন

১ পৃষ্ঠার পর

শনিবার নিউইয়র্ক পোস্ট জানিয়েছে, ডিসেম্বরে পশ্চিম কানাডা থেকে কিছু ঝড় যুক্তরাষ্ট্রের মধ্যাঞ্চল পেরিয়ে মিড-আটলান্টিক উপকূলে আঘাত হানতে পারে। এমনকি নিউইয়র্কের বাফেলোতে ৯০ থেকে ১০০ ইঞ্চি তুষারপাত হতে পারে। আবহাওয়াবিদ পল পাস্তেলোক সতর্ক করে বলেন, এ বছরের শরতের আবহাওয়া গত বছরের মতো হলেও দেশের পশ্চিম ও মধ্যাঞ্চল থেকে কিছু 'গোপন ঝড়' পূর্ব উপকূলে এসে প্রচুর তুষার বয়ে আনতে পারে। এছাড়া নিউইয়র্ক সিটির জন্য আবহাওয়া অফিসের পূর্বাভাস এখনো স্থিতিশীল। তবে আমরা উচ্চ-প্রভাবের মৌসুমের আশঙ্কা লক্ষ করছি। তবে মোট তুষারপাত শহরের গড় ২৯ দশমিক ৮ ইঞ্চির নিচে থাকবে বলে মনে করছে অ্যাকুওয়েদার। তাপমাত্রা সাধারণত গড় মানের কাছাকাছি থাকবে। এ পূর্বাভাসে বাফেলোতে বসবাসরত প্রায় ৫০ হাজার বাংলাদেশি উদ্বিগ্ন। তারা এখন থেকেই নিরাপদ স্থানে চলে যাবার কথা ভাবছেন।
পাস্তেলোকের মতে, ফেব্রুয়ারির শুরুর দিকে দেশের মধ্যাঞ্চল থেকে পূর্ব উপকূলে 'তীব্র শীতল বায়ুর ঢল' নামতে পারে। তিনি বলেন, 'ফেব্রুয়ারিতে বেশি ঠান্ডা পড়তে পারে এবং দক্ষিণ-পশ্চিম দিক থেকে আরও কিছু ঝড় আসার আশঙ্কা রয়েছে। বৃষ্টি ও তুষারের মিশ্রণ হতে পারে, যা ভ্রমণে সমস্যা তৈরি করতে পারে।' এদিকে গত ৬ অক্টোবর ফক্স-৫ নিউইয়র্কের আবহাওয়াবিদ অড্রি পুয়েরুর্তো জানিয়েছেন, এ বছরের শীত নিউইয়র্ক সিটিতে স্বাভাবিকের চেয়ে বেশি ঠান্ডা হতে পারে। আর এর কারণ হতে পারে সাইবেরিয়ার তুষার। তিনি জানান, প্রতিবছর শরতে আবহাওয়াবিদরা সাইবেরিয়ায় তুষার জমার দিকে নজর রাখেন। এই বছর সেখানে তুষার অনেক আগে ও দ্রুত জমেছে, যা নিউইয়র্ক ট্রাইস্টেট এলাকার জন্য গুরুত্বপূর্ণ সংকেত হতে পারে। উত্তর মেরুর নিকটে এই তুষারের স্তর সূর্যালোক প্রতিফলিত করে মাটি ঠান্ডা করে ফেলে। ফলে ইউরেশিয়ার উপর ঘন শীতল বায়ুর চাপ তৈরি হয়। যত বেশি তুষার, তত বেশি ঠান্ডা, আর এই প্রভাব পৃথিবীর অর্ধেক দূর পর্যন্ত আবহাওয়ায় পরিবর্তন আনতে পারে।







## হতাশায় ডুবছেন বাঁধন

৪৬ পৃষ্ঠার পর

সঙ্গে শান্তিতে আছি। এখন আমি বাঁচি আমার মতো করে স্বাধীনভাবে, সংগুভাবে, বিনা ক্ষমা প্রার্থনায়। কেউ এতে কষ্ট পেলে, উপেক্ষা করুক, ক্ষুব্ধ করুক, ঘৃণা করুক আমার কিছু আসে যায় না।' এদিকে বাঁধন জানান, নতুন কোনো কাজে যুক্ত না হলেও, ভালো গল্প ও চরিত্রে নিজেকে যুক্ত করার অপেক্ষায় আছেন তিনি।

## নবাব সিরাজউদ্দৌলা: বাংলা সিনেমার গৌরবময় ইতিহাস

৪৬ পৃষ্ঠার পর

অবলম্বনে সিনেমা করার সময় প্রয়োগকর্তার শক্তির কথাও বিবেচ্য। এ বিবেচনা করেই বিশেষজ্ঞরা বলছেন, সিরাজউদ্দৌলার চিত্রভাষ্য রচনার মতো স্পর্ধা বা শক্তি খান আতার যে রয়েছে, তা প্রমাণিত। 'নবাব সিরাজউদ্দৌলা' মুক্তি পায় ১৯৬৭ সালের ১২ জানুয়ারি। এ সিনেমার আবেদন নানাস্তরে ধরা পড়ে। এটি এমন অভিনয় অভিজ্ঞতায় আপ্লুত করে যা এখনো মানুষের হৃদয়ে স্থায়ী আসন করে নিয়েছে। সিরাজউদ্দৌলার চরিত্রে অভিনয় করা আনোয়ার হোসেন এক কীর্তির স্বাক্ষর রেখেছেন। প্রাচীন ও নবরচিত সংলাপের সংযোজন এ সিনেমায় এমনভাবে নিষ্পন্ন যার ফলে একাধিক নয়, একটিমাত্র সংলাপেই সব চরিত্রের প্রকৃতির রহস্যের উন্মোচন করেছে। পরিচালনা করার পাশাপাশি সিনেমাটির চিত্রনাট্য ও সংগীত পরিচালনার দায়িত্বও পালন করেছেন খান আতাউর রহমান।

## সৎ বন্ধু নির্বাচনের উপকারিতা

২৫ পৃষ্ঠার পর

সম্প্রদায়, আর আল্লাহর দলই বিজয়ী' (সুরা মায়েদা: ৫৫-৫৬)। ২. সত্যবাদী হওয়া। কোরআনে এসেছে, 'হে ঈমানদারগণ! তোমরা আল্লাহকে ভয় করো এবং সত্যবাদীদের সঙ্গী হও' (সুরা তওবা : ১১৯)। ৩. তাকওয়াবান ও সৎকর্মশীল হওয়া : আল্লাহ বলেন, নিশ্চয়ই আল্লাহ তাদের সঙ্গে আছেন, যারা তাকওয়া অবলম্বন করে এবং সৎকর্ম করে' (সুরা নাহল : ১২৮)। ৪. জালিম না হওয়া : কোরআনে এসেছে, 'জালিমরা একে অপরের বন্ধু। আর আল্লাহ মুত্তাকিদের বন্ধু।' (সুরা জাসিয়া : ১৯)। হজরত আলি (রা.)-এর উপদেশ : হজরত আলি (রা.) তার পুত্রকে বন্ধু নির্বাচনের ক্ষেত্রে সতর্ক করে বলেছিলেন-

১. নির্বোধ ব্যক্তির সঙ্গ থেকে দূরে থাকো; কারণ সে মঙ্গল চাইলেও অজ্ঞতার কারণে ক্ষতি করে। ২. কৃপণ ব্যক্তির সঙ্গ এড়িয়ে চলো; কেননা প্রয়োজনে সে পাশে দাঁড়াবে না। ৩. পাপাচারীর সঙ্গ ত্যাগ করো; সে তোমাকে সামান্য স্বার্থে বিক্রি করে দেবে। ৪. মিথ্যাবাদীর সঙ্গ থেকেও দূরে থাকো; কারণ তার থেকে উপকারের আশা করা যায় না।

সন্তানদের বন্ধু নির্বাচনে অভিভাবকের দায়িত্ব : শিশু ও কিশোরদের বন্ধু নির্বাচনে অভিভাবকদের সতর্ক থাকা জরুরি। পিতা-মাতা সন্তানকে সঠিক দিকনির্দেশনা দিতে পারেন- সন্তানের মনে যেন নেতিবাচক ধারণা জন্ম না নেয়, সেদিকে খেয়াল রাখতে হবে। সন্তানের কাউকে খারাপ বলা যাবে না, তবে উত্তম চরিত্রের বন্ধুদের দিকে উৎসাহিত করতে হবে। বলা যেতে পারে, 'অমুক ছেলেমেয়ের চরিত্র ভালো, পড়াশোনাতেও মনোযোগী। তুমি ওদের সঙ্গে থাকলে উপকৃত হবে।' বন্ধু সন্তানের জীবনে প্রত্যক্ষ প্রভাব বিস্তার করে। তাই শিশুদের শেখাতে হবে, কেমন গুণাবলির ওপর ভিত্তি করে বন্ধুত্ব গড়তে হয়।






## সুখময় দাম্পত্য লাভে করণীয়

২৫ পৃষ্ঠার পর

নেট ইউজ করেই টাইম শেষ করে দিচ্ছেন। অথচ কেউ কারও সঙ্গে কথা বলছেন না। সময় দিচ্ছেন না। আবার এমনও হতে পারে, সংসারের কাজ করতে গিয়েও সময় হচ্ছে না।

কারও অনেক বেশি দায়িত্ব পালন করতে হয়। যেমন সকালের নাশতা তৈরি করা, সন্তানকে সময় দেওয়া, ঘর গোছানো, কাপড় ধোয়া, দুপুরের রান্না ইত্যাদি। এভাবেই দিন শেষে রাত। রাতের শেষে দিন। এমন সংসারে কখনো সুখ-শান্তি আসতে পারে না। বরং পারস্পরিক বোঝাপড়ার ঘাটতি থেকে এমন সংসার ভেঙে যাওয়ার সম্ভাবনাই অনেক বেশি। কাজেই দূরত্ব কমিয়ে একে অপরকে সময় দিতে হবে!

সাজসজ্জায় কৃপণতা না করা : আজকাল অনেক নারীই স্বামীর অনুগত হতে, ঘরে সাজগোজ করতে অনীহা পোষণ করেন। এটা কোনোভাবেই কাম্য নয়। দেখা যায় ঘরে একেবারে সাদামাটা জীবনযাপন করছেন। কিন্তু বাইরে বের হতে হলে, সাজসজ্জায় কোনো কার্পণ্য করছেন না মোটেও। এভাবে সংসারে অশান্তি তৈরি হতে পারে। এ জন্য স্বামীর পছন্দের প্রতি গুরুত্বারোপ করা জরুরি। সাজগোজ ও পরিপাটি থাকা জরুরি। অবশ্য আমাদের কর্মব্যস্ত সংসারী জীবনে নারীরা বাড়তি সাজসজ্জার সময়ই পান না। আবার ঘরের পরিবেশও অনুকূল হয় না, সব সময় সবার জন্য। তাই এ বিষয়ের প্রতি যত্নবান হওয়ার কোনো বিকল্প নেই।

দায়িত্ব পালন, সম্মান ও শ্রদ্ধাবোধ লালন করা : বিবাহিত জীবনে স্বামী-স্ত্রী একে অপরের প্রতি দায়িত্ব ও করণীয় কী? এটাই অনেকে বোঝেন না। একজন আদর্শ স্ত্রীর দায়িত্ব স্বামীর অনুগত হওয়া। সর্বোচ্চ স্বামীর সেবাযত্নের প্রতি গুরুত্ব দেওয়া। তাকে সম্মান ও শ্রদ্ধা করা ইত্যাদি। অতীতে এ বিষয়গুলো আমাদের সমাজে বহুল প্রচলিত এবং চর্চা হলেও, বর্তমান চিত্র সম্পূর্ণ বিপরীত। বরং স্বামীর সেবাযত্নকে এখন দাসত্বের লেবেল লাগিয়ে ছুড়ে ফেলার চেষ্টা চলছে। অথচ এই নারীই বিমানবালা হয়ে পরপুরুষদের জন্য শ্রম দিচ্ছেন। চাকরিসূত্রে সব নির্দেশই মেনে চলছেন। অথচ স্বামীর প্রতি অনুগত হচ্ছেন না। স্বামীকে সম্মান ও শ্রদ্ধা করছেন না। আর একজন আদর্শ স্বামীর দায়িত্ব হলো, স্ত্রীর ভরণপোষণসহ যাবতীয় প্রয়োজন পূরণ করতে সর্বোচ্চ সচেষ্ট হওয়া। সাধ্যের মধ্যে স্ত্রীর দাবিগুলো পূর্ণ করা। বৈধ ও সাধ্যের আবদার পূরণে গুরুত্ব দেওয়া। এভাবেই পরস্পরের মধ্যে দায়িত্ব, সম্মান ও শ্রদ্ধাবোধ তৈরি হবে। বাড়বে পারস্পরিক দায়িত্ববোধ, সম্মান ও শ্রদ্ধা।

শুধু অর্থসম্পদ দেখে বিয়ে না করা : আজকাল শুধু অর্থ সম্পদ ও প্রাচুর্য দেখেই অনেক নারীকে বিয়ে করা হয়। কিন্তু এর পর দেখা যায় যে, অর্থবিত্তের অধিকারী ধনাঢ্য পরিবারের মেয়ে সংসারজীবন সম্পর্কে অনীহা পোষণ বা উচ্চাকাঙ্ক্ষা লালন করেন। বিচ্ছিন্ন শর্ত যোগ করেন। আর এভাবে একজন অল্প অর্থসম্পদের অধিকারী কখনও এমন নারীকে বিয়ে করে সুখী হতে পারে না! কাজেই সংসারে অশান্তি ও ভাঙন হওয়াই স্বাভাবিক হয়ে ওঠে।

অথচ হাদিসে নারীদের চারটি গুণ দেখে বিয়ের কথা বলা হয়েছে। তবে ধার্মিকতাকেই আগে প্রাধান্য দিতে বলা হয়েছে। বিখ্যাত সাহাবি হজরত আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত-নবীজি (সা.) বলেন, নারীদের চার কারণে বিবাহ করা হয়। তার মাল সম্পদ। তার বংশ গৌরব। তার সৌন্দর্য এবং তার ধার্মিকতা দেখে। তুমি ধার্মিক নারীকে বিবাহ করে ধন্য হও। 'তোমার দু'হাত মাটিমাখা হোক।' (অর্থাৎ বোকামি করো না, বুদ্ধির পরিচয় দাও।) (নাসায়ি)

স্বামীর অবাধ্য না হওয়া : স্বামীর অনুগত হওয়া একজন নারীর জন্য এতটাই আবশ্যক যে, হাদিসে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আমি যদি কাউকে সেজদা দিতে আদেশ করতাম, তবে স্ত্রীকে বলতাম, সে যেন তার স্বামীকে সেজদা করে। (তিরমিজি)।

একইভাবে সুনানে তিরমিজির অপর এক বর্ণনায় এসেছে- রাসুল (সা.) বলেন, কোনো স্বামী যদি তার স্ত্রীকে ডাকে, আর স্ত্রী চুলায় রান্নার কাজে ব্যস্ত থাকে, তবুও সে যেন তার স্বামীর ডাকে সাড়া দেয়।

অন্য কোনো নারী বা পুরুষে আসক্ত না হওয়া : মানুষের ব্যস্ততা ও কর্মতৎপরতা এতই বৃদ্ধি পাচ্ছে যে, স্বামী-স্ত্রী একে অপরকে সময় দিতে অক্ষম হচ্ছেন। দুজন দু-প্রান্তে বসবাস করতে হচ্ছে। যথাসময়ে দেখা-সাক্ষাৎ হচ্ছে না। কথা হচ্ছে না। কিংবা কর্মজীবী হিসেবে একত্র হওয়ার সুযোগ কম।

আবার কর্মস্থলে পর নারী বা পুরুষের সঙ্গে উঠবস করা ও অবাধ মেলামেশার অভ্যাস গড়ে তোলা। ফলে পরকীয়ায় আসক্ত হয়ে অবৈধ সম্পর্ককে উপভোগ করা। আর এভাবেই বৈধ দাম্পত্য জীবন বিষাদময় হয়ে ওঠে। সুখের সংসারে নেমে আসে অশান্তির দাবানল। এ জন্য স্বামী-স্ত্রী একত্রে থাকার ব্যবস্থা করা জরুরি। যাতে একে অপরের সঙ্গে সারাক্ষণ যোগাযোগ বা দিনের বেশি সময় পার করা যায়।

## মেয়র প্রার্থী এন্ড্রু কোমোকে জ্যাকসন হাইটসবাসীর সমর্থন

৩ পৃষ্ঠার পর

প্রাণঢালা উষ্ণ অভ্যর্থনায় স্বাগত জানান। জ্যাকসন হাইটসে এ সময় তাকে স্বাগত জানান মোহাম্মদী কমিউনিটি ও ইন্টারফেইথ সেন্টারের পরিচালক ইমাম কাজী কাইয়ুম, ব্যবসায়ী মোহাম্মদ আজিজ, ব্যবসায়ী ও এন্টিভিস্ট কায়সার সোলাইমান, স্টেট সিনেট ডিস্ট্রিক্ট ১১-এর পদপ্রার্থী আদম মোহাম্মদ আজম প্রমুখ।

এ সময় কমিউনিটি এক্টিভিস্ট কায়সার সোলাইমান বলেন, একজন বিবেকবান মুসলমান হয়ে ঐ প্রার্থী দেশ্যাবৃত্তিকে আইনে বৈধ করতে চায়, আমি আমার ধর্মীয় ও সামাজিক দৃষ্টিকোণ থেকে তাকে সমর্থন জানাতে পারিনা। তাই তো এন্ড্রু কুমোকে সমর্থন করছি। এ সময় কুমো স্থানীয় দারুল কিরায়া মসজিদে গিয়ে জুম্মায় উপস্থিত মুসল্লীদেরও সাথে কুশল বিনিময় করেন ও মুসল্লীদের উদ্দেশ্য প্রাণবন্ত বক্তৃতা করেন।

## হারামে সুখ নেই

২৫ পৃষ্ঠার পর

ঘুষখুষ, অন্যায়ভাবে আত্মসাৎ করা, সম্পদে আত্মীয়-স্বজনের অংশ না দেওয়া, প্রতিবেশীর হক নষ্ট করা এবং অপ্রীতিকর পরিবেশ তৈরি করে অন্যের সম্পদ দখল করার প্রবণতা অতিমাত্রায় চলছে। এগুলো থেকে বেঁচে থাকা জরুরি। হারাম থেকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করা কর্তব্য। যেদিকে হারামের সম্ভাবনা আছে, সেখানে উঁকিও না দেওয়ার চেষ্টা করতে হবে। নিজেকে কঠোর সংযমে আবদ্ধ রাখা চাই। তাহলেই প্রকৃত মোমিন হতে পারব। যখন হালাল গ্রহণ করব, হৃদয়ে আল্লাহর ভয় বৃদ্ধি পাবে, ইবাদতে স্বাদ আসবে, গোনাহের প্রতি বিরক্তি আসবে। ইমাম আহমদ ইবনে হাম্বল (রহ.)-কে জিজ্ঞেস করা হলো, 'অন্তরগুলো নরম হয় কীসে?' তিনি বললেন, 'হালাল গ্রহণের মাধ্যমে।' (তাবাকাতু হানাবিলা : ১/২১৯)।

হারামের আশংকায় হালাল ত্যাগ : যদি কোথাও হালাল গ্রহণ করতে গিয়ে হারামে লিপ্ত হওয়ার আশংকা থাকে, সে ক্ষেত্রে হালালকেও ছেড়ে দেওয়া জরুরি। হারাম থেকে বাঁচতে গিয়ে এমন সতর্কতা পূর্ববর্তী বুজুর্গানে দীন করতেন। তাদের ঐকমত্যে সর্বোচ্চ তাকওয়া হলো, 'হারামের ভয়ে হালালও ছেড়ে দেওয়া।' (ইরশাদুস সারি লি শারহি সহিহিল বোখারি : ১/১৯১)। প্রখ্যাত তাবেঈ ইমাম মুহাম্মদ ইবনে সিরিন (রহ.)-এর রীতি ছিল- কাউকে বিদায় জানানোর সময় বলতেন, 'আল্লাহকে ভয় করবে। তোমার জন্য যে পরিমাণ হালাল রিজিক বরাদ্দ রয়েছে, শুধু সেই হালাল রিজিকই সন্ধান করবে। তুমি যদি হারাম রিজিক গ্রহণ করো, তাহলে এতেও তোমার জন্য যে পরিমাণ রিজিক বরাদ্দ রয়েছে, এর চেয়ে অধিক গ্রহণ করতে পারবে না।' (তাবাকাতে কোবরা : ৭/২০১)।

হালালের পুরস্কার নগদ : হারাম বর্জনের মূলে রয়েছে তাকওয়া তথা আল্লাহর ভয়। আল্লাহর ভয় যার যত বেশি, সে তত বেশি হারাম থেকে বেঁচে থাকতে পারবে। সে যখনই কোনো হারাম কাজের দিকে যেতে চাইবে, তখনই তার মন বলবে, 'আল্লাহতায়ালা আমাকে সর্বক্ষণ সব ক্ষেত্রে দেখছেন। সুতরাং এ কাজের জন্যও আমাকে জবাবদিহি করতে হবে। আমার জন্য শাস্তির যন্ত্রণা হবে।' এভাবে সে তাকওয়াবান লোক হারাম কাজ থেকে বিরত থাকতে সক্ষম হয়। তার জন্য আল্লাহর রহমত নাজিল হতে থাকে। পক্ষান্তরে যার ভেতর আল্লাহর ভয় কম, সে পরকালের কথা চিন্তা না করেই হারাম কাজে লিপ্ত হয়ে পড়ে। ফলে ধীরে ধীরে আল্লাহর রহমত থেকে দূরে সরে যেতে থাকে। তাই হারাম থেকে বেঁচে থাকা আমাদের কর্তব্য হওয়া সত্ত্বেও তাতে রয়েছে আল্লাহর পক্ষ থেকে আলাদা পুরস্কার। যা আল্লাহতায়ালা বান্দাকে নগদ দিয়ে থাকেন।

ইবনে আতাউল্লাহ এস্কান্দারি (রহ.) বলেন, 'বান্দা নগদ হারাম পরিত্যাগ করবে, আর আল্লাহ তাকে বাকিতে প্রতিদান দেবেন; এমনটা হবে না।' (আল হালসু আলাত তিজারা : ৪২)। শায়খ আবদুল ফাত্তাহ আবু গুদ্দাহ (রহ.) লিখেছেন, 'শরিয়তের বিধান পালন করতে গিয়ে যে হারাম থেকে বেঁচে থাকবে, আল্লাহতায়ালা তাকে এর পরিবর্তে হালালের ব্যবস্থা করে দেবেন।' (রিসালাতুল মুসতারশিদিন : ৭৬)।

হারাম বর্জনে সতর্কতার গল্প : একবার বিখ্যাত বুজুর্গ বিশর হাফি (রহ.)-এর বোন ইমাম আহমদ ইবনে হাম্বল (রহ.)-এর কাছে প্রশ্ন করলেন, 'রাতে আমরা আমাদের বাড়ির ছাদে বসে চরকায় সুতা কাটি। তখন আমাদের বাড়ির পাশ দিয়ে সরকারি প্রহরীদের বিশাল কাফেলা হাতে মশাল নিয়ে অতিক্রম করে। তাদের সেই মশালের আলো আমাদের পর্যন্ত চলে আসে। এ অবস্থায় সেই মশালের আলোয় আমাদের জন্য চরকায় সুতা কাটা কি বৈধ হবে?' ইমাম আহমদ ইবনে হাম্বল (রহ.) জিজ্ঞেস করলেন, 'তুমি কে?' প্রশ্নকারী জবাবে বললেন, 'আমি বিশর হাফির বোন।' এ কথা শুনে ইমাম আহমদ ইবনে হাম্বল (রহ.) কান্না করলেন। এরপর বললেন, 'তোমাদের মতো উচ্চ পর্যায়ের লোকদের ঘর থেকে এমন প্রকৃত ও সত্য তাকওয়াই প্রত্যাশিত। সুতরাং তুমি তাদের আলোতে সুতা কাটবে না।' (রিসালাতুল মুসতারশিদিন : ৭৫)। আল্লাহর প্রতি তাদের ভয় কত গাঢ় ছিল, তারা হারাম থেকে কত সতর্ক থাকতেন। ইমাম আবু ইউসুফ আল গাসুলি (রহ.) বলেন, 'আমি ৬০ বছর আমার উপার্জনের হালাল-হারাম নিয়ে গভীর চিন্তা-ভাবনা ও গবেষণা করেছি।' (আল হালসু আলাত তিজারা : ৪৩)।


LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372


মহিলাদের জন্য
মহিলা গাইডের
সুব্যবস্থা আছে
KARNAFULLY
TRAVEL INC.
EXCLUSIVE UMRAH
PACKAGE FOR NOVEMBER 2025
JFK-JEDDAH
19TH NOV
MADINA-JFK
29TH NOV.
TOTAL DAYS
9 DAYS
(2 Jummah Makka & Madina)
PACKAGE INCLUDES
1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *
KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com

# PPL-এর আমরা অথরাইজড এজেন্ট

## CDPAP নিয়ে কোন চিন্তা করবেন না।



# COMMITTED HOME CARE



## সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

**PPL & NYS DEPARTMENT OF HEALTH এর অনুমোদিত FACILATOR হিসেবে CDPAP সার্ভিস TRANSFER এ সহযোগিতা করে থাকি।**

## আজই যোগাযোগ করুন - (718) 457-0813

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইন্স্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে CDPAP থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুন্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

আপনি ইচ্ছে করলে ডিরেক্ট 833-247-5346 নাম্বারে কল দিয়ে ট্রান্সফার করতে পারেন। তবে অবশ্যই আপনার হোমকেয়ার সার্ভিসের জন্য **COMMITTED HOME CARE** নাম উল্লেখ্য করতে হবে।



Giash Ahmed
Vice President
Committed Home Care
Phone : 718-457-0813, Fax : 718-457-0814
Cell : 917-744-7308
giashahmed123@gmail.com

## CORPORATE OFFICE:

37-05 74 St, 2nd Fl,
Jackson Heights, NY 11372
Tel : 718-457-0813
Fax: 718-457-0814


GOLDEN AGE
HOME CARE
PRESENTS
ASIF AKBAR, ATIYA ANISHA, RANO NAWAZ & ANIK RAJ
GOLDEN AGE NIGHT
POWERED BY:
NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
SUNDAY, OCT 19, 2025, 7.30-11.00 PM
AMAZURA CONCERT HALL
91-12 144th Pl, Jamaica, NY-11435
SILVER: $35 GOLD: $55 PREMIUM: $75 VIP: $150
SCAN FOR TICKET
For More Information: 929-538-7903
Media Partner:
আজকাল
ইনকিলাব
ORGANIZE BY:
Galaxy media
AYAR ENTERTAINMENT

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরন

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনি

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillsid
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c


AGE
RE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
় স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903

# ANNUAL Family Night 25

**Sunday, October 12, 2025, 5:00PM-10:00PM**

**Nabanno Restaurant Hall Room, 37-22 73rd Street, NY 11372**



## Program Highlights

- Qur'an Recitation with Meaning
- Gita Recitation with Meaning
- Opening Speech
- Light Refreshments
- National Anthem – USA
- National Anthem – Bangladesh
- Certificate Distribution
- Raffle Draw & Prize Distribution
- Dinner
- Cultural Performances

## Contribution

Individual: $30.00
Couple: $50.00
Family of Five: $100.00
Individual Guest: $30.00

**Register Today**
**Cash or Zelle**

- Zelle: (718) 427-4240, (917) 480-7170
- Zelle: (347) 651-6276

Visit: www.bdlawsusa.org

**Exciting Prizes!**

6571143 RAFFLE TICKET 6571143

র‍্যাফেল ড্র টিকেট



**We look forward to welcoming you to the program!**

**Advocate Mahbub Alam,** Treasurer
Convener, Family Night-2025
(515) 227-4005

**Advocate Redwana Razzaque (Shetu)**
Joint Convener, Family Night-2025
(347) 968-8499

**Advocate Mohammed Motiur Rahman**
President
(917) 519 1156

**Advocate Sonia Sultana**
Acting Secretary
(718) 427-4240

Distributed by
**Advocate Sree Joyjith Acherjee**
Publicity Secretary
(917) 480-7170

**Cultural Extravaganza**
সাংস্কৃতিক সন্ধ্যা

**Bangladesh Law Society USA, Inc.**
বাংলাদেশ ল' সোসাইটি ইউএসএ, ইনক

## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

### আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা



ইন্ডিয়া
মাল্টিপল / মেডিকেল ভিসা



১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা




USA 5 YEARS MULTIPLE TOURIST VISA

### দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন








## SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

# BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

**NEW YORK OFFICE**
7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

**DHAKA OFFICE**
NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

## রোহিত-কোহলির বিশ্বকাপ ভবিষ্যত নিয়ে মুখ খুললেন নতুন অধিনায়ক

৫২ পৃষ্ঠার পর

ওয়ানডে বিশ্বকাপে থাকবেন তো রোহিত শর্মা? টেস্টের পর ওয়ানডের অধিনায়কত্ব পাওয়া শুভমান গিল এবার মুখ খুললেন রোহিত কোহলির ভবিষ্যত নিয়ে। ৫০ ওভারের বিশ্বকাপে এই দুই কিংবদন্তি থাকবেন কিনা তা নিয়ে এবার ইতিবাচক উত্তর মিললো গিলের কাছ থেকে। নির্বাচকের কথার উল্টো সুর এবার শুভমানের কণ্ঠে। ওয়ানডে বিশ্বকাপের পরিকল্পনায় আছেন দুই সিনিয়র ক্যাম্পেইনার। রোহিত, কোহলিকে নিয়েই সাজানো হচ্ছে বিশ্বকাপ জয়ের ছক। শুধু তাই নয়, এই দুইজনের দলে থাকা নির্ভার করবে গিলকে বলেও মন্তব্য করেন তিনি।

শুভমান গিল বলেন, 'রোহিত, বিরাটের যে অভিজ্ঞতা এবং দক্ষতা রয়েছে তা খুব কম ক্রিকেটারেরই থাকে। খুব কম ক্রিকেটারই তাদের মতো এত ম্যাচ জেতাতে পেরেছে ভারতকে। এই দক্ষতা, মান এবং অভিজ্ঞতা বিশ্বের খুব বেশি খেলোয়াড়ের নেই। তাই বিশ্বকাপের পরিকল্পনায় তারা খুব ভাল ভাবেই আছেন। রোহিত ভাইয়ের থেকে অনেক কিছু শিখতে পেরেছি। তার সবচেয়ে বড় গুন হলো যেকোনো পরিস্থিতিতে মাথা ঠান্ডা রাখা। যে ভাবে গোটা দলের মধ্যে একটা বন্ধুত্ব তৈরি করে সেটা আমারও ইচ্ছা। এই গুণগুলোও আমি তার থেকে নিতে চাই।' এদিকে, ওয়েস্ট ইন্ডিজ সিরিজের দ্বিতীয় টেস্টের মাঝ পথে হঠাতই অধিনায়কত্ব পান শুভমান গিল। টেস্টের পর ওয়ানডের দায়িত্ব পাওয়া গিল নিজেও জানতেন না ক্যাপ্টেন্সি পাওয়ার বিষয়টি। দায়িত্ব পেয়ে এবার সব ট্রফি জয়ের প্রত্যাশা তার। তিনি বলেন, 'আমি ভবিষ্যতের দিকে তাকিয়ে আছি। তবে যতটা সম্ভব বর্তমানে বাঁচতে চাই। আগে আমি কী করেছি বা দল কী সাফল্য পেয়েছে সে সব মাথায় রাখতে চাই না। আগামী কয়েক মাসে সব ট্রফি জিততে চাই। টেস্ট ম্যাচের মাঝে ঘোষণা করা হল আমি অধিনায়ক হয়েছি। এর আগে খুব বেশি কিছু জানতাম না। নিঃসন্দেহে এটা সম্মানের। একই সঙ্গে অনেক দায়িত্বের কাজ। নতুন ফরম্যাটে দলকে নেতৃত্ব দেওয়ার জন্য মুখিয়ে আছি। গেল কয়েকটা মাস খুব ভালো কাটিয়েছি।'

বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
ওমরা ভিসা
এয়ার টিকেট
১ দিন মক্কায় ট্যুর
১ দিন মদিনা ট্যুর
মক্কা থেকে মদিনা গাড়িতে
এয়ারপোর্ট থেকে হোটেল
(4 Star Hotel with Breakfast.)
মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ
(একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)
* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।
NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com

NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)


Personal Injuries & Death Claims
Car Accidents and Medical Mal Practice
Divorce, Family Matters and Domestic Violence
Real Estate and Business Closing
Foreclosure proceedings
Bankruptcy
All Civil Matters
Wills, Trust and Estate Planning
All Criminal Matters
All Immigration Matters
MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.
Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435
Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com

## বাংলাদেশের বিপক্ষে ওয়ানডে ও টি-টোয়েন্টি দল ঘোষণা ক্যারিবিয়ানদের

৫২ পৃষ্ঠার পর

সেরে ওঠার প্রক্রিয়ায় থাকায় বাংলাদেশ সফরে থাকছেন না। আগামী বছরে আইসিসি টিটোয়েন্টি বিশ্বকাপ এবং ২০২৭ সালের ওয়ানডে বিশ্বকাপকে সামনে রেখে এই সিরিজগুলিকে গুরুত্বপূর্ণ প্রস্তুতি হিসেবে দেখছে ওয়েস্ট ইন্ডিজ দল। দলটির প্রধান কোচ ড্যারেন স্যামি বলেছেন, 'এই স্কোয়াডটি দীর্ঘমেয়াদি সাফল্যের জন্য জয়ের মানসিকতা ও দলীয় সংহতি বজায় রাখতে দৃঢ়প্রতিজ্ঞ। আগামী (২০২৭) বিশ্বকাপের আগে এটি অত্যন্ত জরুরি।' ওয়েস্ট ইন্ডিজ ওয়ানডে স্কোয়াড: শাই হোপ (অধিনায়ক), আলিক আথানেজ, আকিম অগাস্ট, জেদিয়া ব্লেডস, কেসি কার্টি, রোস্টন চেজ, জাস্টিন গ্রিভস, আমির জাঙ্গু, শামার জোসেফ, ব্র্যান্ডন কিং, গুডাকেশ মোটি, খ্যারি পিয়েরে, শেরফানে রাদারফোর্ড, জেইডেন সিলস, রোমারিও শেফার্ড। ওয়েস্ট ইন্ডিজ টিটোয়েন্টি স্কোয়াড: শাই হোপ (অধিনায়ক), আলিক আথানেজ, আকিম অগাস্ট, রোস্টন চেজ, জেসন হোল্ডার, আকিল হোসেন, আমির জাঙ্গু, শামার জোসেফ, ব্র্যান্ডন কিং, গুডাকেশ মোটি, রোভম্যান পাওয়েল, শেরফানে রাদারফোর্ড, জেইডেন সিলস, রোমারিও শেফার্ড, র‍্যামন সিমন্ডস।

সিরিজ সূচি:
প্রথম ওয়ানডে: ১৮ অক্টোবর, মিরপুর, ঢাকা
দ্বিতীয় ওয়ানডে: ২১ অক্টোবর, মিরপুর, ঢাকা
তৃতীয় ওয়ানডে: ২৩ অক্টোবর, মিরপুর, ঢাকা
প্রথম টিটোয়েন্টি: ২৭ অক্টোবর, চট্টগ্রাম
দ্বিতীয় টিটোয়েন্টি: ২৯ অক্টোবর, চট্টগ্রাম
তৃতীয় টিটোয়েন্টি: ৩১ অক্টোবর, চট্টগ্রাম

## হংকংয়ের কাছে হার বাংলাদেশের

৫২ পৃষ্ঠার পর

দূরের পোস্ট দিয়ে গেছে।

শেষ পর্যন্ত যোগ করা সময়ে সমতায় ফেরে হংকং। কর্নার থেকে বল ঘুরে আসে এস্তারটনের সামনে, বক্সের একদম সামনে থেকে ফাঁকায় এই ফরোয়ার্ড আলতো টোকায় মিতুল মারমাকে পরাস্ত করেন।

দ্বিতীয়ার্ধের শুরুতে হংকং লিড নেয়। ৫৩ মিনিটে মোহাম্মদ সোহেল রানার ভুল পাস থেকে পিছিয়ে পড়ে বাংলাদেশ। বক্সের বাইরে থেকে সোহেলের ব্যাক পাস মিতুলের উদ্দেশ্যে, কিন্তু বলে গতি না থাকায় রাফায়েল মার্কিয়েজ দ্রুত এসে বলের নিয়ন্ত্রণ নিয়ে সহজেই স্কোরলাইন ২-১ করেন।

দ্বিতীয়ার্ধের শুরুতে আরেক অভাবনীয় ভুলে পিছিয়ে পড়ে বাংলাদেশ। তেমন কোনও চাপ ছিল না, তাড়াহুড়োর দরকারও ছিল না। কিন্তু সোহেল রানা জুনিয়র বক্সের বাইরে থেকে ব্যাক পাস দেন মিতুলের উদ্দেশ্যে। সে পাসেও ছিল না গতি। ছুটে এসে বলের নিয়ন্ত্রণ নিয়ে মিতুলকে আবারও পরাস্ত করেন বদলি ফরোয়ার্ড রাফায়েল মার্কেস।

এরপরই একসাথে তিনটি পরিবর্তন আনেন কাবরেরা। সোহেল রানা সিনিয়র, সোহেল রানা জুনিয়র ও ফয়সাল আহমেদ ফাহিমকে তুলে জামাল, শোমিত ও কাজামিলুলকে নামান কোচ। ৬৮তম মিনিটে শেখ মোরসালিন ডান দিক দিয়ে আক্রমণে উঠলেও লক্ষ্যভ্রষ্ট শটে হতাশা বাড়ান।

৭৪ মিনিটের গোলে বাংলাদেশের হার প্রায় নিশ্চিত হয়ে গিয়েছিল অনেকটা। মধ্যমাঠে লং পাস নিয়ন্ত্রণে নেন এস্তারটন। দেখে-শুনে সাদ উদ্দিনের পায়ের ফাঁক দিয়ে গোলমুখে বল বাড়ান তিনি। নিখুঁত প্লেসিংয়ে বাকি কাজটুকু সারেন রাফায়েল। শেষ দিকে এসে তাজের জায়গায় অভিষেক হয় যুক্তরাষ্ট্র প্রবাসী জায়ান আহমেদের। একটি ভয় ধরানো ক্রসও করেছিলেন ২১ বছর বয়সী ডিফেন্ডার। কিন্তু তাতে কোনও কাজ হয়নি।

তবে ৮৪ মিনিটে গোল করে বাংলাদেশকে ম্যাচে ফেরার মঞ্চ গড়ে দেন শেখ মোরসালিন। জামালের ফ্রি-কিকে এক ডিফেন্ডার হেড করার পর তা চলে যায় কাজামিলুলের পায়ে, ইতালি প্রবাসীর ভলি গোলকিপার ঠিকমতো আগলাতে পারেননি, সামনে থাকা মোরসালিন ডান পায়ে ঠিকই ঠিকানা খুঁজে নেন।

যোগ করা সময়ে এসে বাংলাদেশ জয়ের সম্ভাবনা তৈরি করে। মোরসালিনের কর্নার থেকে এক ডিফেন্ডারের মাথা ছুঁয়ে চলতি বলে পোস্টের সামনে থেকে হেড করে স্কোর ৩-৩ করেন শমিত। কিন্তু নাটকীয়তা জমে ছিল আরও! ম্যাচের অন্তিম মুহূর্তে অবিশ্বাস্যভাবে জয়সূচক গোল পায় হংকং। বাংলাদেশের ভুলে রাফায়েল গোল করে হংকংয়ের জয় নিশ্চিত করেন।

## এভাবেও ম্যাচ হারা যায়!

৫২ পৃষ্ঠার পর

রচনা হয়ে গেল রীতিমতো। প্রতিপক্ষ শক্তিসামর্থ্যের সবটুকু ঢেলে দিয়ে হারিয়ে দিয়ে গেলে না হয় কিছুটা হলেও মনকে সান্ত্বনা দেওয়া যেত। কিন্তু বাংলাদেশ যে হেরে বসেছে নিজেদের ভুলেই। তাও একটা নয়, তিন তিনটে ভুল, যার শেষটা এসেছে একেবারে শেষ মুহূর্তে। তখন শূন্য দৃষ্টি নিয়ে হামজা চৌধুরীর অভিব্যক্তিটাই বলে দিচ্ছিল সব। এমন এক ম্যাচে হারের পর এমন কিংকর্তব্যবিমূঢ় হয়ে বসে থাকা ছাড়া আর কীইবা করার থাকে কারো?

অথচ ম্যাচের শুরুটা রীতিমতো স্বপ্নের মতো হয়েছিল। ম্যাচের আগে যাকে নিয়ে হংকং চায়নার কোচ অ্যাশলে ওয়েস্টউড খানিকটা অভিযোগের সুরই বলেছিলেন, 'ও আমাদের মেকেই পড়ে থাকত', সেই হামজা চৌধুরীই এনে দিয়েছিলেন প্রথম গোলটা। সেটাও আবার সরাসরি ফ্রি কিক থেকে, যেমন গোলের দেখা বাংলাদেশ সচরাচর পায় না।

সে গোল যদি একপাশেও রাখা হয়, ওই অর্থে বাংলাদেশের কাছে পাত্তাই পায়নি সফরকারীরা। হামজা চৌধুরীকে পাহারায় রাখতে যাকে রাখা হয়েছিল, তাকে ফাঁকি দিয়ে সেন্টার সিটির এই মিডফিল্ডার দৌড়েছেন সারা মাঠে। বাংলাদেশও দাপিয়ে বেড়িয়েছে এই অর্থে।

সেই মোমেন্টামটা হাতছাড়া হয়ে গেল এক ভুলে। প্রথমার্ধের সম্ভাব্য শেষ অ্যাকশন ছিল সেটা, কর্নার থেকে বল পুরোপুরি বিপদমুক্ত করতে পারেনি বাংলাদেশ। বিপদসীমায় হাওয়ায় ভাসছিল বল, তেমনই এক সময় ফয়সাল আহমেদ ফাহিম করে বসলেন ভুল, বল চলে যায় সুযোগসন্ধানী এস্তেরসন কামারগোর কাছে, একটু দূরেই হামজা ছিলেন, তবে তিনি কাছে যাওয়ার আগেই বল চলে যায় জালে। লিড হারানোর বিষাদে পোড়ে বাংলাদেশ। কে জানতো সেটা 'হ্যাটট্রিক' ভুলের বউনি হলো সবে! সেই এক গোল হংকংকে মোমেন্টাম এনে দিয়েছিল। দ্বিতীয়ার্ধের শুরুতে তার ছাপও দেখা যাচ্ছিল, প্রতিপক্ষ নিজেদের পায়ের তলায় মাটি খুঁজে পেয়েছিল যেন। গোলটাও 'পেয়ে গেল' একটু পরই। পেয়ে গেল বলতে হচ্ছে, কারণ গোলটা যে রীতিমতো উপহারই পেয়েছে তারা! বক্সের একটু সামনে সোহেল রানা জুনিয়র বল ক্লিয়ার করতে গিয়ে তুলে দেন বদলি হিসেবে মাঠে আসা রাফায়েল মেরকেজের পায়ে। ওয়ান অন ওয়ান পরিস্থিতি থেকে গোল না করার বান্দা তিনি নন, তিনি ভুল করেনওনি। বাংলাদেশ ম্যাচে পিছিয়ে পড়ে ৫৩তম মিনিটে।

র‍্যাঙ্কিংয়ে ৩৮ ধাপ এগিয়ে থাকা হংকং পুরো ম্যাচে বাংলাদেশের উপহার নিয়েই গোল করে যাবে, তা কী করে হয়? নিজেদের নৈপুণ্যেও একটা গোল এল। সেটা আরেকটু হলে ম্যাচ থেকেই বাংলাদেশকে ছিটকে দিচ্ছিল। বাংলাদেশের অফসাইড ফাঁদ এড়াতে প্রথমার্ধে হংকংকে বেশ ভুগতে হয়েছে। দ্বিতীয়ার্ধে অবশেষে আলোর মুখ দেখে তাদের সে চেষ্টা। মাঝমাঠ থেকে একটা থ্রু যায় ডান পাশে থাকা এস্তেরসনের কাছে, তিনি সাদ উদ্দিনকে নাটমেগ করে বল দিলেন মেরকেজকে। জোড়া গোল করে জাতীয় স্টেডিয়ামের যা প্রাণ ছিল, কেড়ে নেন বদলি হিসেবে নামা এই স্ট্রাইকার।

তবে নাটকের তখনো অনেক বাকি। দুটো গোল উপহার দিয়ে বসা বাংলাদেশ একটা পাল্টা উপহার পায় ৮৪ মিনিটে। ৬ নম্বর আগের সন্ধিক্ষণকে মনে করিয়ে দেওয়ার মতো একটা জায়গা থেকে নেওয়া জামাল ভূঁইয়ার ফ্রি কিক গিয়ে বক্সে পড়ে। বক্সের ডান পাশ থেকে ক্রস মতো কিছু একটা করতে চেয়েছিলেন কাজামেলুল, গিয়ে পড়ল গোলরক্ষকের হাতে; তবে পিচ্ছিলের কারণে বলটা তিনি কব্জায় রাখতে পারেননি। তার হাত ফসকে বেরিয়ে যেই না গেল বলটা, সঙ্গে সঙ্গে শিকারী বাজের মতো তা ছোঁ মেরে জড়ালেন শেখ মোরসালিন। জাতীয় স্টেডিয়ামে মধ্যমহুর্তের গর্জনটা ফিরে এল সঙ্গে সঙ্গে।

এরপর আক্ষরিক অর্থেই নানা 'নাটক' দেখা গেছে পিচে। একটা গোলের লিড ধরে রাখতে কী অভিনয়ই না করেছেন সফরকারী ফুটবলাররা। সবকিছু বৃথা গেল বলে মনে হচ্ছিল যোগ করা সময়ের অষ্টম মিনিটে। অভিষিক্ত জায়ান আহমেদ বদলি হিসেবে মাঠে এসেছিলেন তৃতীয় গোলের পর। এরপরই বাম পাশ থেকে প্রথম ক্রসের দেখা পেয়েছিল বাংলাদেশ। সেই জায়ানই একটা কর্নার আদায় করে দিয়েছিলেন দলকে।

শেষ মুহূর্তে পাওয়া সে কর্নার মোরসালিন ফেললেন বক্সে। হংকংয়ের ডিফেন্ডারের গায়ে লেগে তা দিক বদলাল, তবে তাতে সুবিধাই হয়েছিল, ফাঁকায় থাকা শমিতের মাথায় গিয়ে পড়েছিল বলটা; বলটা যখন আছড়ে পড়ল তখন জাতীয় স্টেডিয়ামে কান পাতা দায়! কোচ হাভিয়ের কাবরেরা দিগ্বিদিক ছুটছেন, বাংলাদেশের তখন মনে হচ্ছিল, অবিশ্বাস্য একটা প্রত্যাবর্তনের গল্প বুঝি লেখা হয়েই গেল!

সেখান থেকে পরিস্থিতিটা থ্রিলারের ক্লাইমেক্সের মতো হয়ে গেল সেকেন্ডেও শেষ মুহূর্তে। শেষ অ্যান্টিক্লাইম্যাক্সটা হলো তখন। রেফারি যখন খেলা নতুন করে শুরু করার নির্দেশ দিলেন, তখন মনে হচ্ছিল কয়েক সেকেন্ডেরই তো ব্যাপার! এই কটা সেকেন্ড জাল বাঁচিয়ে রাখা তো যাবেই!

ভুলটা ভাঙালেন সাদ উদ্দিন। ম্যাচের শেষ মুহূর্তে বাংলাদেশের 'ভুলের হ্যাটট্রিক'টা সারলেন তিনি, বল তুলে দিলেন মেরকেজের পায়ে। মেরকেজও হ্যাটট্রিকটা পূরণ করলেন। বাংলাদেশের গোলের হাপিত্যেশ ঘুচলেনের। প্রতিযোগিতামূলক এক ম্যাচে তিন গোলের দেখা দলটা সচরাচর পায় না। সেখানে র‍্যাঙ্কিংয়ে ৩৮ ধাপ এগিয়ে থাকা এক দলের জালে এক ম্যাচেই ৩ গোল জড়ানো গিয়েছিল। সে ম্যাচ থেকে নিজেদের পক্ষে ড্রটাও এল না, সেটা বিস্ময়েরই বৈকি! আরও বিস্ময় জাগায় এই তিন ভুল, যে তিন ভুলে সর্বনাশ হলো বাংলাদেশের।


আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি
ZAM ZAM
TRAVEL US
আমাদের সার্ভিস সমূহ
এয়ার টিকেটিং
হজ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
HOTEL
হোটেল বুকিং
ভিসা প্রোসেসিং
ওমরাহ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
কেন আমাদের সার্ভিস নিবেন ?
বিশেষজ্ঞ দল
যাচাইকৃত ভিসা চেকলিস্ট
প্রিমিয়াম সহায়তা
নিখুঁত ভিসা আবেদন পরিষেবা
ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR
এয়ার লাইন সমূহ
السعودية
SAUDIA
QATAR
AIRWAYS القطرية
Emirates
TURKISH AIRLINES
ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh
নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus
www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

بسم الله الرحمن الرحيم

# পার্কচেষ্টার জামে মসজিদ ইনক
# PARKCHESTER JAME MASJID INC.

1203 Virginia Avc. Bronx NY. 10472

## ELECTION COMMISSION 2025

***Election of Executive Committee 2026-2028***

## Election Schedule

**Date : November 9, 2025, Sunday • Time : 9 AM-7 PM**
**Place : Parkchester Jame Masjid Inc.**
1203 Virginia Ave. Bronx. NY. 10472

- October 3, 2025 Friday Declaration and publishing the voter lists on PJM notice board
- Collection of Nomination Package by the intending candidate or his representative. Non refundable package fee $100 (cash).
- Distribution of Election package from the Election Commission at PJM (2nd Floor) October 12, 2025, Sunday 12:00 PM-5 PM @ Parkchester Jame Masjid Inc. 2nd Floor
- Submission of nomination paper : October 15, 2025, Wednesday 5:00 PM-8:00 PM @ Parkchester Jame Masjid Inc. 2nd Floor
- Publication of valid candidates list: October 16, 2025, Thursday List will be published on Notice Board of Parkchester Jame Masjid Inc.
- Withdrawal of Nomination Paper : October 19, 2025, Sunday 12:00 PM-3:00 PM @ Parkchester Jame Masjid Inc. 2nd Floor
- Publication of final candidates list : October 20, 2025, Monday Published on Notice Board of Parkchester Jame Masjid Inc.

## The Non Refundable Nomination Fees Are As Follows

**(MONEY ORDER OR CASH ONLY)**

| | | | |
|---|---|---|---|
| 01. President | $1100.00 | 08. Education Secretary | $500.00 |
| 02. Vice President (First) | $600.00 | 09. Assistant Education Secretary | $500.00 |
| 03. Vice President (Second) | $600.00 | 10. Funeral Secretary | $500.00 |
| 04. General Secretary | $900.00 | 11. Assistant Funeral Secretary | $500.00 |
| 05. Assistant General Secretary | $500.00 | 12. Maintenance Secretary | $500.00 |
| 06. Treasurer | $600.00 | 13. Islamic Cultural Secretary | $500.00 |
| 07. Assistant Treasurer | $500.00 | 14. Executive members (2 post) | $400.00 each |

## Rules & Regulations

***The rules and regulations for the election of Parkchester Jame Masjid Inc. for the year 2025-2027:***

1. The candidates must follow the requirements and restrictions of the constitution of Parkchester Jame Masjid Inc. (Article VII, section I, and section II)
2. The voters must follow the constitution of the Parkchester Jame Masjid Inc. (Article VII, section III)
3. The voters must present their valid photo ID to the election commission at the time of casting their votes.
4. The candidates must submit two copies of passport size photo along with the nomination papers.
5. The candidates must submit their nomination papers (stamped and signed by the member of election commission) in person.
6. In the event of an emergency where the candidate is unable to submit the nomination papers in person, the candidate may designate a Valid Member to submit the documents on their behalf. The designated Valid Member must provide a notarized letter signed by both the candidate and the Valid Member authorizing the submission.
7. No poster or publicity is allowed within 100 yards of election center.
8. In case of disturbance during the election the election commission has the right to call law enforcement agency.
9. The candidates are allowed to assign their agents during the election by presenting the agent form supplied by the election commission.
10. Any complaint regarding the election must be addressed to the election commission in writing within 24 hours of the completion of the election. The commission will investigate the complaint and announce its decision within a reasonable time.
11. In all matters related to election commission, the decision of the election commission will be final.
12. To hold a free and fair election, the commission requests everyone to cooperate in this regard.

## Election Commission 2025

**Abdul Hashim Hasnu**
*Chief Election Commissioner*
646-541-8591

**Ahbab Chowdhury**
*Election Commissioner*
917-969-1991

**Monjur Hussain Choudhury**
*Election Commissioner*
347-219-5591

**Mohmmad Kaimul Ashraf**
*Election Commissioner*
347-339-3461

**Mohammed Rasheduzzaman**
*Election Commissioner*
718-772-5102

# TAX FILE

**Preparation Training Course.**
**No Book, No Hassle**
**Only Computer software.**



**Start Nov 6, 2025 & Nov 07, 2025**
**A group—Every Saturday (10am –12pm)— (Nov 06/25—Dec/25) ---only 10 Students.**
**B group---Every Sunday (12pm---2pm) -----(Nov 07/25—Dec/25) ---only 10 Students.**

**Hon'ble Teacher:**
**Abdul Khalek (M. Com)**
40 years Tax preparation and Tax Audits Exp.
IRS Enrolled Agent
IRS E-File Provider
Chartered Accountant (FCA)
SME CFO Service

**Management:**
**JOB HELP & APPLI PROC SVCS**
148-45, Hillside Ave, Suite 204, Hillside Ave,
Jamaica, NY 11435
**Cell: 917-500-3937**
Email: jobhelpbd786@gmail.com
By F train to Sutphin Blvd. Bus-Q43, Q44, Q40, Q1

**(TEACHER CONTACT : 929-318-1327)**

# TUITION FREE TAX SCHOOL*

## লিবার্টি ট্যাক্স স্কুল

## BECOME A TAX PROFESSIONAL

Complete our Income Tax Course
and Join America's Fastest Growing Tax Preparation Company for the Upcoming Tax Season.
* Tuition is Free but there is little fee for books

- Day and Evening Classes are available for your convenience.

**PLEASE CONTACT : (718) 297-3500**
**147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435**

Email: libertytaxschool101@gmail.com (আল-আকসা রেস্টুরেন্টের উল্টো দিকে)

(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave Train Station, Close by F & E Train)

## বিয়ানীবাজার সমিতির নির্বাচন নিয়ে মামলা

৬৪ পৃষ্ঠার পর

পেয়েছেন। সেখানে উল্লেখ করা হয়েছে নির্বাচন বন্ধ করার জন্য। সেই সাথে জাল ও জাল ভোট বাদ দেয়ার জন্য। অন্যদিকে নির্বাচন কমিশনকে নির্বাচন বন্ধ করার জন্য বলা হয়েছে। প্রধান নির্বাচন কমিশনার আজিজুর রহমান পাখি জানিয়েছেন, তারা মামলার কাগজ পেয়েছেন। নির্বাচন কমিশনের অন্যান্য সদস্য এবং উপদেষ্টা পরিষদের সাথে বৈঠক করে তারা মামলার ব্যাপারে সিদ্ধান্ত নিবেন। অন্যদিকে মামলার ব্যাপারে রেজাউল আলম অপুর সাথে যোগাযোগ করলে মতামত তুলে ধরে তিনি বলেন, জাল ভোট গতবারও ছিলো, এমনকি এর আগের বারও ছিল। বিগত নির্বাচনে ৫শর বেশি ভোট জাল ছিল। জাল ভোট প্রসঙ্গে তিনি বলেন, এবারের নির্বাচনে ভোটার লিষ্টের কাজ সভাপতি আব্দুল মান্নান ও দপ্তর সম্পাদক শামছুল আলম শিপলু সহযোগে সমাপ্ত করে সভাপতি ও সেক্রেটারির স্বাক্ষরে নির্বাচন কমিশনের নিকট হস্তান্তর করা হয়।

মামলার ব্যাপারে বাদী মঈনুজ্জামান চৌধুরী বলেছেন, আমার ভোটার তালিকায় কয়েক শত জাল ভোট দেখেছি, এক কোন নম্বরেও কয়েক শত ভোট দেখেছি। এ নিয়ে নির্বাচন কমিশনকে পর পর তিনটি চিঠি দিয়েছি কিন্তু তারা কোন ব্যবস্থা নেয়নি। সে কারণে আমরা আইনের আশ্রয় নিতে বাধ্য হয়েছি।

## টাঙ্গাইলের ব্রাহ্ম সমাজ রক্ষা জরুরী

৬ পৃষ্ঠার পর

ও বোর্ড অব ট্রাস্টির একটি কুচক্রী মহল টাঙ্গাইল ব্রাহ্মসমাজ মন্দির নিয়ে এক ষড়যন্ত্র শুরু করে। যেহেতু , টাঙ্গাইল ব্রাহ্মসমাজ মন্দিরের কোন কার্যকরী কমিটি অথবা বোর্ড অব ট্রাস্টি বোর্ডের কেউই জীবিত নেই, সেই সুযোগে ঢাকা ব্রাহ্মসমাজের কার্যকরী কমিটি ও বোর্ড অব ট্রাস্টির একটি কুচক্রী মহল প্রতারণার মাধ্যমে টাঙ্গাইল ব্রাহ্মসমাজের মন্দির ভেঙ্গে সেখানে একটি বহুতল বানিজ্যিক ভবন নির্মাণ করার জন্য ঠিকাদারের সঙ্গে চুক্তিবদ্ধ হয়; যাহা সম্পূর্ণরূপে বেআইনী; যেহেতু ব্রাহ্মসমাজের প্রত্যেকটা মন্দির পরিচালিত হয় নিজনিজ কার্যকরী কমিটি এবং বোর্ড অব ট্রাস্টির দ্বারা; সেহেতু ঢাকা ব্রাহ্মসমাজের কার্যকরী কমিটি ও বোর্ড অব ট্রাস্টি কোন অবস্থাতেই টাঙ্গাইল ব্রাহ্মসমাজ মন্দির নিয়ে কোনপ্রকার সিদ্ধান্ত নিতে পারে না। ব্রাহ্মসমাজের কোন মন্দিরে কার্যকরী কমিটি অথবা বোর্ড অব ট্রাস্টি না থাকলে, জেলা প্রশাসক কার্যকরী কমিটি অথবা বোর্ড অব ট্রাস্টি অথবা প্রশাসক নিয়োগ দেয়ার বিধান রয়েছে। কিন্তু জেলা প্রশাসনকে না জানিয়েই ঢাকা ব্রাহ্মসমাজের কার্যকরী কমিটি ও বোর্ড অব ট্রাস্টির একটি কুচক্রী মহল একটি বিল্ডার্স এর সাথে চুক্তির মাধ্যমে সাইনিং মানি হিসেবে এক কোটি টাকা নিয়ে তা আত্মসাৎ করে। তথাকথিত ঐ চুক্তির ভিত্তিতে ১৩০ বছরের ঐতিহ্যবাহী একটি ধর্মীয় উপাসনালয়টিকে ভেঙে ফেলে। পরবর্তীতে, ১৩ই আগস্ট ২০২৫ তারিখে অনুপ কুমার শীল দুর্নীতি দমন কমিশনে একটি অভিযোগ দায়ের করার পর দুদক ঘটনাটি তদন্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে। অভিযোগ ও তদন্তের এই খবরটি বিভিন্ন পত্রিকায় প্রকাশিত হয়।



ব্যাপারটি যখন টাঙ্গাইলবাসীর নজরে আসে তখন টাঙ্গাইল নাগরিক অধিকার সুরক্ষা কমিটি সভাপতি বীর মুক্তিযোদ্ধা হামিদুল হক মোহন ও সাধারণ সম্পাদক নুর মোহাম্মদ রাজ্জাক নেতৃত্বে গত ৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখে টাঙ্গাইলের সকল জনগণের অংশগ্রহণে মানববন্ধন অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসকের মাধ্যমে প্রধান উপদেষ্টা বরাবর ব্রাহ্ম মন্দির রক্ষার জন্য স্মারকলিপি প্রদান করা হয় এবং পৌর প্রশাসক বরাবর আবেদন করা হয়। তিনি যেন কোন নকশা অনুমোদন না দেন। অনুষ্ঠিত মানববন্ধনটি দেশব্যাপী সবার নজরে আসে এবং বাংলাদেশের বিভিন্ন দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারিত হওয়ার পর পৌর প্রশাসক গত ২০ ফেব্রুয়ারী ২০২৫ তারিখে অননুমোদিত বাণিজ্যিক ভবনের কাজ বন্ধ করার নির্দেশ দেন। তবে, পৌরসভার দুর্নীতিপরায়ণ কর্মকর্তা/ কর্মচারীদের যোগসাজশে কুচক্রীমহল ও তাদের বিল্ডার্স কোম্পানি অবৈধ নির্মাণ কাজ চলমান রাখে। কিন্তু, সচেতন টাঙ্গাইলবাসীর উদ্যোগে একটি মানববন্ধন কর্মসূচি শুরু হলে ৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখে পৌর-প্রশাসক অবৈধ ও অসমাপ্ত বহুতল বাণিজ্যিক ভবনটিকে ভেঙে ফেলার নির্দেশ দেন। তবে এই রিপোর্ট লেখা পর্যন্ত অবৈধ ও অসমাপ্ত ভবনটি ভেঙে ফেলা হয়নি এবং সরকারিভাবে আজ অবধি কোন কার্যকরী পদক্ষেপও নেয়া হয়নি। আমেরিকায় বসবাসরত ব্রাহ্ম পরিবার গুলো টাঙ্গাইলের ব্রাহ্ম মন্দির ভাঙার তীব্র প্রতিবাদ জানিয়ে অনতিবিলম্বে অনুমোদনবিহীন এবং অসমাপ্ত বানিজ্যিক ভবনটি ভেঙে পুরাতন উপাসনালয়ের আদলে ব্রাহ্ম সমাজ মন্দির পুনঃপ্রতিষ্ঠার দাবি জানায়। এ ব্যাপারে প্রধান উপদেষ্টা ও টাঙ্গাইল জেলা প্রশাসক ও টাঙ্গাইল পৌর প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করা হয়; পাশাপাশি, ১৩০ বৎসর ঐতিহ্যবাহী স্থাপনাটি সংরক্ষণের জন্য ধর্ম বর্ণ নির্বিশেষে সকল টাঙ্গাইল বাসীর হস্তক্ষেপ কামনা করে।

*(লেখকের নিজস্ব মতামত প্রতিফলিত)।*


বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY

লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।



বিশেষঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।

Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com

মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

REAL ESTATE, DIVORCE,
IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা,
ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয়
অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী
বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন

নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি
Hasan Malik, Esq.
718-433-9243

37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372

ATTORNEY ADVERTISING

জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে

TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES

রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry
Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600
Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস
Global Tax and Financial Services



Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer
IRS

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

# ডিজিএফআই'র ৫ প্রধানকে গ্রেপ্তারের নির্দেশ

আজকাল রিপোর্ট

আয়নাঘরের নায়কদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয়েছে। তারা বছরের পর বছর ধরে সাধারণ মানুষকে বন্দি রেখে বর্বর নির্যাতন চালাতো। গুম খুনের অভিযোগে বাংলাদেশের শীর্ষ সামরিক গোয়েন্দা সংস্থা ডিজিএফআই'র ৫ জন মহাপরিচালক (ডিজি)কে গ্রেপ্তার করা এখন সময়ের ব্যাপার মাত্র।

দেশের ইতিহাসে এই প্রথম শীর্ষ সামরিক কর্মকর্তাদের বিচার শুরু হবে। আগামী ২২ অক্টোবর তাদেরকে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে হাজির করার আদেশ দেওয়া হয়েছে। ট্রাইব্যুনালে তদন্ত প্রতিবেদন দাখিল করে অভিযুক্তদেরকে গ্রেপ্তার আদেশ চাইলে আসামিদের বিরুদ্ধে গত বুধবার পরোয়ানা জারি করেন আদালত। সেনা গোয়েন্দা সংস্থার (ডিজিএফআই) পাঁচ সাবেক প্রধান ও পুলিশের সাবেক আইজিসহ ২৮ কর্মকর্তা অভিযুক্ত।

ট্রাইব্যুনালের আইন অনুযায়ী অভিযুক্ত আসামিদের সরকারি কোনো পদে চাকরিরত থাকার সুযোগ নেই। দুটি মামলার মধ্যে জেআইসিসংক্রান্ত ১৩ আসামি হলেন– ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা, তার নিরাপত্তাবিষয়ক উপদেষ্টা মেজর জেনারেল (অব.) তারিক আহমেদ সিদ্দিক এবং ডিজিএফআইয়ের সাবেক মহাপরিচালক লেফটেন্যান্ট জেনারেল (অব.) আকবর হোসেন, মেজর জেনারেল (অব.) সাইফুল আবেদীন, লেফটেন্যান্ট জেনারেল (অব.) সাইফুল আলম, লেফটেন্যান্ট জেনারেল (অব.) আহমেদ তাবরেজ শামস চৌধুরী ও মেজর জেনারেল (অব.) হামিদুল হক, ডিজিএফআইয়ের সিটিআইবির সাবেক পরিচালক মেজর জেনারেল (অব.) মোহাম্মদ তৌহিদুল উল ইসলাম, মেজর জেনারেল শেখ মো. সরওয়ার হোসেন, মেজর জেনারেল কবীর আহাম্মদ, ব্রিগেডিয়ার জেনারেল মাহবুবুর রহমান সিদ্দিকী, ব্রিগেডিয়ার জেনারেল আহমেদ তানভির মাজাহার সিদ্দিকী এবং লেফটেন্যান্ট কর্নেল (অব.) মখছুরুল হক।

পরোয়ানা পাওয়া অভিযুক্তদের মধ্যে ডিজিএফআই, র‍্যাব, সিটিআইবিতে কাজ করা কর্মকর্তাদের মধ্যে আছেন তিনজন লেফটেন্যান্ট জেনারেল, পাঁচজন মেজর জেনারেল, ছয়জন ব্রিগেডিয়ার জেনারেল, তিনজন কর্নেল এবং পাঁচজন লেফটেন্যান্ট কর্নেল পদমর্যাদার সেনা কর্মকর্তা।

অভিযুক্তদের মধ্যে ২৩ জনই সামরিক কর্মকর্তা। তাদের মধ্যে ১১ জন এখনো সশস্ত্র বাহিনীতে বর্তমানে কর্মরত। এছাড়া আছেন সাবেক আইজিপি বেনজীর আহমেদ। এসব আসামিকে গ্রেপ্তার করে ট্রাইব্যুনালে হাজির ও শুনানির জন্য আগামী ২২ অক্টোবর দিন ধার্য করেছেন ট্রাইব্যুনাল।

অপরদিকে টিএফআইয়ের সঙ্গে যুক্ত ১৭ অভিযুক্তের মধ্যে সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল, সাবেক আইজিপি বেনজীর আহমেদ, র‍্যাবের সাবেক মহাপরিচালক এম খুরশিদ হোসেন, ব্যারিস্টার হারুন-অর-রশিদ, র‍্যাবের সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপস) কর্নেল আনোয়ার লতিফ খান, ব্রিগেডিয়ার জেনারেল জাহাঙ্গীর আলম, ব্রিগেডিয়ার জেনারেল তোফায়েল মোস্তফা সারোয়ার, কর্নেল কেএম আজাদ, ব্রিগেডিয়ার জেনারেল কামরুল হাসান, ব্রিগেডিয়ার জেনারেল মাহাবুব আলম ও কর্নেল আবদুল্লাহ আল মোমেন, র‍্যাবের সাবেক পরিচালক (ইন্টেলিজেন্স উইং) লেফটেন্যান্ট কর্নেল সারওয়ার বিন কাশেম, লেফটেন্যান্ট কর্নেল (অব.) মুহাম্মদ খায়রুল ইসলাম, লেফটেন্যান্ট কর্নেল মশিউর রহমান জুয়েল এবং লেফটেন্যান্ট কর্নেল সাইফুল ইসলাম সুমন।

ট্রাইব্যুনাল-১-এর চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের বিচারিক প্যানেল এ আদেশ দেন। প্যানেলের অন্য সদস্যরা হলেন– বিচারপতি মো. শফিউল আলম মাহমুদ এবং অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজ মো. মোহিতুল হক এনাম চৌধুরী।আদালতে রাষ্ট্রপক্ষে আবেদনের শুনানি করেন চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম। তাকে সহযোগিতা করেন প্রসিকিউটর গাজী মনোয়ার হুসাইন তামিম। এ সময় ট্রাইব্যুনালে উপস্থিত ছিলেন–জামায়াতে ইসলামীর সাবেক আমির মরহুম গোলাম আযমের ছেলে গুমের শিকার অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জেনারেল আবদুল্লাহিল আমান আযমী, লেফটেন্যান্ট কর্নেল হাসিনুর রহমান, মরহুম বিএনপি নেতা সালাউদ্দিন কাদের চৌধুরীর ছেলে হুম্মাম কাদের চৌধুরী, জামায়াত নেতা মীর কাসেম আলীর ছেলে ব্যারিস্টার মীর আহমেদ বিন কাসেম আরমান, মাইকেল চাকমা প্রমুখ। ট্রাইব্যুনালে আবেদনের পক্ষে চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম বলেন, গুম, গোপন বন্দিশালায় আটক, নির্যাতন, হত্যাকাণ্ডসহ বিভিন্ন অপরাধে জড়িত এই আসামিরা। তারা বাংলাদেশে এক ভয়াল পরিস্থিতি তৈরি করেছিলেন। তাদের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ দাখিল করা হলো। ট্রাইব্যুনালে দেওয়া বক্তব্যে চিফ প্রসিকিউটর বলেন, গুমের শিকার ব্যক্তির হাত কেটে ফেলা, নখ উপড়ে ফেলা, ঘূর্ণায়মান চেয়ারে বসিয়ে কিংবা ইলেকট্রনিক শক দিয়ে লোমহর্ষক নির্যাতন করা হতো।

এছাড়া গুমের শিকার বন্দিদের আলাদা 'কোড নেম' ছিল। বিশেষ বন্দিদের ডাকা হতো 'মোনালিসা' নামে আর গুম ঘরকে বলা হতো 'আর্ট গ্যালারি', যা পরে 'আয়নাঘর' হিসেবে পরিচিতি পায়। অন্যদিকে গোপন বন্দিশালাগুলোকে 'হাসপাতাল' বা 'ক্লিনিক' নামে ডাকা হতো আর গুমের শিকার ভুক্তভোগীদের বলা হতো 'সাবজেক্ট'।




## কমিউনিটির রেস্টুরেন্ট ব্যবসায় অস্থিরতা

১ পৃষ্ঠার পর

বিনাতিপাত করছেন বলে জানা যায়। গত তিন মাসে বহুলভাবে পরিচিত বেশ কয়েকটি রেস্টুরেন্ট মালিকানা হাতবদল হয়েছে। কোথাও সম্পূর্ণ মালিকানা আবার কোন কোনটি অর্ধেক মালিকানা ছেড়ে দিয়েছেন ব্যবসায়ীরা। এসব রেস্টুরেন্টের মধ্যে বহুল আলোচিত ব্রুকসের খলিল বিরিয়ানি অন্যতম। আগেই খলিলুর রহমান খলিল চাইনিজ বিক্রি করে দেন ৬ লাখ ডলারে। গত কিছুদিন আগে তার মূল ফুডকোর্ট ৯ লাখ ডলারে বিক্রি চূড়ান্ত করেন। এজন্য ২ লাখ ডলার অগ্রিম নেওয়া হয়েছে বলে জানা যায়। খলিল বিরিয়ানির শাখা ১৬৮ স্ট্রিট জ্যামাইকার রেস্টুরেন্টটি তার পার্টনারের সাথে মালিকানা স্বত্ব নিয়ে এখন মামলা চলছে। খলিলুর রহমানের আরেকটি শাখা জ্যাকসন হাইটস এর ব্রুকওয়েতে রয়েছে। এর মালিকানাও অর্ধেক খলিলুর রহমান ছেড়ে দিয়েছেন বলে জানা যায়। জ্যামাইকা হিলসাইডে কয়েক মাস আগে নতুন ২-১টি রেস্টুরেন্ট গড়ে উঠলেও ক্রেতাদের মন জোগাতে পারছে না বলে খাবারের মান নিয়ে অনেকে অভিযোগ করেছেন। এদিকে জ্যাকসন হাইটস ৭৩ স্ট্রিটে বাঙালি পাড়ার রেস্টুরেন্টগুলোর মধ্যে বহুলভাবে পরিচিত নবান্ন রেস্টুরেন্ট বিক্রি হয়ে গেছে। শিমুলের নেতৃত্বে এই রেস্টুরেন্টটি ক্রেতাদের মন ভুলিয়ে রসনা তৃপ্তি করে যাচ্ছিল। জানা যায়, নানা টানাপোড়নে তারা এটি বিক্রি করে দেন ৮ লাখ ডলারে। এর মালিকানা গ্রহণ করেন আব্দুল কাদের শিশির। তিনি নতুনভাবে নবান্ন পরিচালনার উদ্যোগ নিয়েছেন। অন্যদিকে একই স্ট্রিটে মামাস রেস্টুরেন্টটি বিক্রি হয়ে যায়। লিটু এনাম ব্যবসায়িক কারণে মামাস ছেড়ে দিলে এর নতুন মালিক হয়েছেন হারুন ভূঁইয়া ও নমি আলম। মামাস ৪ লাখ ডলারে বিক্রি হয়েছে বলে জানা গেছে।

## নবীজির ধর্মীয় উদারতা

২৫ পৃষ্ঠার পর

জানালেন। মসজিদের এক কোণায় তাদের থাকার ব্যবস্থা করে হুজুর নামাজের ইমামতির জন্য উঠলেন। একজন খ্রিষ্টান বলল, হে মুহাম্মাদ! তোমরা নামাজ পড়বে। আমাদেরও তো ইবাদতের সময় হয়েছে। আমরা এখানেই ইবাদত করতে চাই। খ্রিষ্টান পাদ্রির একথা শোনার সঙ্গে সঙ্গে কয়েকজন সাহাবি তীব্র বাধা দিলেন। এ কেমন কথা? আল্লাহর ঘরে খ্রিষ্টানদের ইবাদত? এ কোনো মতেই হতে পারে না। সাহাবিদের এসব বাদ-প্রতিবাদ শেষ হলে রাসুল (সা.) শান্ত স্বরে বললেন, হে নাজরানের খ্রিষ্টান বন্ধুরা! আপনারা আমার এই মসজিদেই ইবাদত করুন। এভাবে টানা কয়েকদিন মসজিদে নববীতে মুসলমান এবং খ্রিষ্টানরা ইবাদত করতে লাগল। খ্রিষ্টানদের কেবলা ছিল জেরুজালেম। আর মুসলমানদের কেবলা মক্কা। ফলে খ্রিষ্টানরা যখন ইবাদতের জন্য দাঁড়াত, তখন তারা কাবা শরিফকে পেছনে দিয়ে দাঁড়াত।

পাঠক! এখানে একটু থামুন। ওপরের বলা ঘটনাটির সত্যতা যাচাই করে নিই আসুন। বাংলা ভাষায় মাওলানা আকরম খাঁ রচিত অনবদ্য সিরাত গ্রন্থ মোস্তফা চরিতের ৮৭১ পৃষ্ঠায় লেখক ঘটনাটি উল্লেখ করেন। রেফারেন্স হিসাবে তিনি বিখ্যাত ইতিহাস গ্রন্থ মুজামুল বুলদান এবং বিখ্যাত সিরাত গ্রন্থ জাদুল মায়াদের রেফারেন্স দিয়েছেন। মাওলানা গোলাম মোস্তফার অমর সিরাত গ্রন্থ বিশ্বনবী (সা.)-এর ২৭৩ পৃষ্ঠায়, পাকিস্তানের বিখ্যাত নবী গবেষক মাওলানা নঈম সিদ্দিকি তার মুহসিনে ইনসানিয়াতের ৫০৯ পৃষ্ঠায়, মাওলানা ইদরিস কান্দলবী সিরাতে মুস্তফার ৬২৬ পৃষ্ঠায় মাওয়াহেবে লাদুন্নিয়ার রেফারেন্সে ঘটনাটি এনেছেন। সৈয়দ আমীর আলীর দ্যা স্পিরিট অব ইসলামেও ঘটনাটি পড়েছি তবে এখন খুঁজতে গিয়ে পেলাম না। মাওলানা গোলাম মোস্তফা আসর নামাজের জায়গায় মাগরিব নামাজের উল্লেখ করেছেন। নঈম সিদ্দিকি মসজিদে নববীতে খ্রিষ্টানদের ইবাদতের বিষয়টি উল্লেখ করেছেন। ইসলামে ধর্মীয় উদারতার দৃষ্টান্ত দিতে গিয়ে সৈয়দ আমীর আলী সংক্ষেপে ঘটনাটি বলেন। মাওলানা আকরম খাঁ ও ইদরিস কান্দলভীর সিরাতে এ ঘটনাটি বিস্তারিত পাওয়া যাবে। খ্রিষ্টান দলকে শুধু মসজিদে নববীতে থাকা বা ইবাদতের সুযোগ করে দিয়েই রাসুল (সা.) ধর্মীয় উদারতার পরিচয় দেননি, তারা যখন দীর্ঘ বাহাস শেষে ঈমান না এনেই নাজরানে ফিরে যাচ্ছিল তখন এক ঐতিহাসিক চুক্তি হয় তাদের সঙ্গে। সেখানে খ্রিষ্টানদের ধর্মীয় অধিকার রক্ষার ব্যাপারে রাসুল (সা.) ও সাহাবিরা প্রয়োজনে জীবনবাজি রেখে যুদ্ধ করার কথা রয়েছে। তবে এ জন্য খ্রিষ্টানদের সামান্য কিছু কর মদিনায় পাঠানোর শর্ত দিয়েছেন হুজুর (সা.)।

পাঠক! ভাবুন তো, যে নবী ধর্মীয় ব্যাপারে এত উদার, মসজিদে নববীতে একদিকে নামাজ, অন্যদিকে ভিন্ন ধর্মের পূজা-অর্চনায় মগ্ন ৬০ জন খ্রিষ্টান আলেম, সে নবীর উম্মত হয়ে আজ আমরা কী করছি? রাসুল (সা.)-এর শান্ত নম্র ভদ্র কোমল ব্যবহারে কাফেরদের পাথরের মতো মনও গলে যেত। আর আমাদের কর্কশ রুক্ষ উগ্র আচরণে মুসলমানরাও ইসলাম থেকে দূরে সরে যায়। হায়! রাসুলের জীবনী আমরা পড়ি না। কুরআন পড়ি না। তাই তো এমন উগ্রতার জাহেলিয়াত আমাদের ওপর জেঁকে বসেছে। হে আল্লাহ! আমাদের রক্ষা করুন।

লেখক : প্রিন্সিপাল, সেইফ এডুকেশন ইনস্টিটিউট, পীর সাহেব, আউলিয়ানগর।









## মামদানির জন্য বাংলাদেশী ব্যবসায়ীরা

১ পৃষ্ঠার পর

আয়োজন করে জ্যাকসন হাইটস বাংলাদেশি বিজনেস এসোসিয়েশন অফ নিউইয়র্ক (জেবিবিএ)।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জোহরান মামদানি, জেবিবিএ'র প্রধান উপদেষ্টা ব্যবসায়ী শাহ নেওয়াজ, জেবিবিএ প্রেসিডেন্ট গিয়াস আহমেদ ও সাধারণ সম্পাদক তারেক হাসান খান। অনুষ্ঠানের সঞ্চালনা করেন জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার।



অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, সহ-সভাপতি মহিউদ্দিন দেওয়ান ও কামরুল ইসলাম, কমিউনিটি লিডার অ্যাটর্নি মঈন চৌধুরী, রিয়েল্টর নূরুল আজিম, কমিউনিটি এক্টিভিস্ট ইঞ্জিনিয়ার আব্দুল সোবহান ও তরিকুল ইসলাম মিঠু প্রমুখ।
অনুষ্ঠানে বক্তারা বলেন, দক্ষিণ এশিয়ার লোকজন যুক্তরাষ্ট্রে বিশেষ করে নিউইয়র্কে সুযোগ-সুবিধার দিক থেকে অনেক পিছিয়ে আছে। তাই তাদেরকে মূলধারায় মিশে যেতে হলে তাদের মধ্যে থেকেই মেয়র নির্বাচন করতে হবে।

মামদানি বলেন, নির্বাচনের মাত্র আর এক মাস বাকি। এখন সময় ইতিহাস তৈরি করার। নিউইয়র্কের মতো শহরে আমাদের মেয়র নির্বাচন করার। অন্য প্রার্থীর লোকজন নানা অপপ্রচার চালাচ্ছে, মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছে। কিন্তু আমাদের শুধু নিজেদের কাজ করে যেতে হবে। ভোটের মাধ্যমে নিজেদের প্রার্থী জয়ী করতে হবে। নিউইয়র্কের প্রথম মুসলিম মেয়র নির্বাচন করতে হবে। নিউইয়র্ককে সাশ্রয়ী শহর হিসেবে গড়ে তুলতে হবে। নিউইয়র্ককে সবার জন্য গড়ে তুলত হবে।
শাহনেওয়াজ বলেন, নিউইয়র্কের মেয়র নির্বাচনে বাংলাদেশীরা বড় ভূমিকা রাখতে পারে। তারা যাকে ভোট দেয় সেই মেয়র হয়। এর আগে এরিক এডামসকে বাংলাদেশিরা ভোট দিয়ে নির্বাচিত করেছে। এখন সময় মামদানির জন্য কাজ করার। মুসলিম মেয়র নির্বাচিত করার, এশিয় মেয়র নির্বাচিত করার, জনগনের মেয়র নির্বাচিত করার। তাই সব বাংলাদেশীকে ভোট দিতে হবে, অন্যকে ভোটদানে উৎসাহিত করতে হবে।

## লীগ থেকে সরে গেল ভারত

১ পৃষ্ঠার পর

শেখ হাসিনার আওয়ামী লীগকে সমর্থন দিয়েছে। ভারতে কারণে টানা প্রায় ১৬ বছর ক্ষমতায় ছিলেন শেখ হাসিনা। এখনও বাংলাদেশে অনেকে মনে করেন, ভারত শেখ হাসিনাকে ক্ষমতায় বসাতে মরিয়া হয়ে উঠেছে। কিন্তু প্রতিবেশি দেশ হিসাবে ভারতের উচিত ছিলো সকল দলের সঙ্গেই সম্পর্ক সৃষ্টি করা। সবগুলো ডিম এক ঝুড়িতে না রাখা। সেই কারণে এখনও সম্পর্ক ভাল হচ্ছে না। তবে বিক্রম মিস্রি বিষয়টা খোলাসা করেছেন। দিল্লিতে সফররত 'ডিপ্লোমেটিক করেসপনডেন্টস এসোসিয়েশন, বাংলাদেশ' (ডিকাব) সদস্যদের সঙ্গে মতবিনিময়কালে ভারতীয় সচিব বলেন, অতীত পানে চেয়ে থেকে নয়। ভারত ভবিষ্যতের দিকে চাইবে।
সাংবাদিকদের সঙ্গে আনুষ্ঠানিক মতবিনিময়কালে তিনি বাংলাদেশ-ভারত সম্পর্কের নানা দিক নিয়ে আলোকপাত করেন। এতে সীমান্ত হত্যা, পুশইন, পানিবন্টন প্রভৃতি ক্ষেত্রে ভারত সরকারের অবস্থান তুলে ধরেন। বাংলাদেশ-ভারত সম্পর্কের একটা দিক হলো রাজনীতি। এই দুই দেশের সম্পর্কে উত্তাপ-উত্তেজনা যেমন আছে; তেমনি আছে বন্ধুত্বও। তবে রাজনৈতিক সম্পর্ক ভাল না হলে অর্থনীতি, সাংস্কৃতিক এবং অন্য ক্ষেত্রগুলো প্রভাবিত হয়। তাই ভারত এখন স্পষ্টত অনুধাবন করেছে যে, এক দলের সঙ্গে সম্পর্ক রাখাটা ভুল হয়েছে। সবার সঙ্গে ভারসাম্যপূর্ণ সম্পর্ক রাখা উচিত ছিলো। আফগানিস্তানেও ভারত এই কাজ করেছিলো। তারপর তালেবান ক্ষমতায় যাবার পর আফগানিস্তানের সঙ্গে সম্পর্কে বড় হোঁচট খায় ভারত। তাই এই বাস্তবতা এখন ভারত বুঝে গেছে।
ভারতে নিযুক্ত বাংলাদেশী কূটনীতিকরা মনে করেছেন, ভারতের সঙ্গে সম্পর্ক জোরদার করার প্রয়োজন রয়েছে। চার হাজার কিলোমিটারের বেশি অভিন্ন সীমান্ত রয়েছে। সমুদ্রসীমা আছে। বাংলাদেশের মানুষ ভারতে বেড়ানো, চিকিৎসা এবং ব্যবসা-বানিজ্যের জন্য যোগাযোগ করে। তবে ভারতের দুশ্চিন্তা শুধু যে, রাজনৈতিক সম্পর্কের কারণে এমন নয়। নিরাপত্তাজনিত কারণও রয়েছে। ভারতের বিভিন্ন পর্যায় থেকে সাংবাদিকদের কাছে এটা জানতে চাওয়া হয়েছে যে, বাংলাদেশে পাকিস্তানের এত মেলামেশা হচ্ছে কেন, চীনের সঙ্গে বাংলাদেশের অর্ন্তবর্তি সরকারের সম্পর্কের ধরন কী কিংবা সেন্টমার্টিন দ্বীপ ঘিরে যুক্তরাষ্ট্রের কী পরিকল্পনা। এসব বিষয়ে বাংলাদেশের সাংবাদিকদের কাছে যে খুব বেশি কিছু জানতে পেরেছে এমন নয়। কারণ এসব বিষয় নড়ি নাড়ি কিছু হচ্ছে নাকি 'পলিটিক্যাল রেটরিক' তা এখনই স্পষ্ট আলামত আকারে সামনে আসছে না। দিল্লি সফরের পর সাংবাদিক প্রতিনিধি দল মুম্বাই সফর করেছে। ভারতের পশ্চিমাঞ্চলীয় রাজ্য মহারাষ্ট্রের রাজধানী মুম্বাই মূলত একটি কসমোপলিটান সিটি। এটি ভারতের অর্থনীতির প্রাণ। ভারতের মাল্টি-ন্যাশনাল করপোরেট কোম্পানী যেমন টাটা, রিলায়েন্স, গোদরেজ প্রভৃতির সদর দফতর মুম্বাইয়ে অবস্থিত। ব্যাংকিংখাতের অনেক সদর দফতর মুম্বাইয়ে অবস্থিত। মুম্বাই সমুদ্র বন্দরের সঙ্গে বাংলাদেশের চট্টগ্রাম সমুদ্র বন্দরের যোগাযোগ আছে। মোঘল সম্রাট আওরঙ্গজেবের সময়ে ছত্রপতি শিবাজি মারাঠা সম্রাট হিসাবে মহারাষ্ট্র শাসন করেন। তার নামেই মুম্বাইয়ের বিমান বন্দরের নামকরণ হয়েছে। মুম্বাইয়ের ফিল্ম ইন্ডাস্ট্রি বিশ্বব্যাপি সুপরিচিত। যদিও ফিল্ম ইন্ডাস্ট্রিতে মুম্বাইয়ের অর্থনীতির হিসাবে বড় বিনিয়োগ নয়। তদুপরি মুম্বাই ফিল্ম ইন্ডাস্ট্রিকে বলা যায় গ্রেস্ট ইন্ডাস্ট্রি যা সফট পাওয়ার হিসাবে ভারতের ইমেজ বৃদ্ধি করে। মুম্বাই স্টক এক্সচেঞ্জও বিশ্বের অন্যতম প্রধান শেয়ারবাজার। মুম্বাইয়ের এই উন্নতির ধারায় বাংলাদেশও যোগ দিতে পারে। বিশেষ করে বাংলাদেশের টেক্সটাইল এবং গার্মেন্টস শিল্প অনেক বিকশিত হয়েছে। এই ক্ষেত্রে জয়েন্ট ভেঞ্চার হতে পারে। তবে বাংলাদেশ যদি মুম্বাইয়ের উন্নতির ধারায় যুক্ত হতে চায় তবে বাংলাদেশ ও ভারতের মধ্যে কূটনৈতিক সম্পর্কের উন্নতি ঘটাতে হবে।
বর্তমানে বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্পর্ক খুবই খারাপ। এই কারণে অর্থনৈতিক কর্মকান্ড ক্ষতিগ্রস্ত হচ্ছে। তবে আশার কথা হলো, ভারতের সরকারী পর্যায় থেকে ব্যবসায়ী সম্প্রদায় সবাই মনে করছেন বাংলাদেশ-ভারত সম্পর্কের বর্তমান টানাপোড়েন সাময়িক। নির্বাচনের পর তা ঠিক হয়ে যাবে। ফেব্রুয়ারিতে নির্বাচন ঘিরে যত কথা চাউর হয়েছে; তার অন্যতম হলো ভারতের সঙ্গে সম্পর্কের বিষয়। এখন ভারত যখন বলছে, নির্বাচনের পর যে সরকার ক্ষমতায় যাবে; তার সঙ্গেই কাজ করবে ভারত। এখন দেখা যাক, সকল সন্দেহ-সংশয় উপেক্ষা করে ফেব্রুয়ারিতে নির্বাচন হয় কিনা। নির্বাচন হলে নতুন সরকারের সঙ্গে ভারত কাজ করবে কিনা। এখন এসব নিয়েই যত আলোচনা।

## ফাহাদ জেবিবিএ'র কেউ নন

১ পৃষ্ঠার পর

আবেগ ও ভালোবাসাকে বুড়ো আঙুল দেখিয়ে অন্য একজন মেয়র প্রার্থীকে নিয়ে তার লম্ফঝম্ফ অনেকেই ভালো চোখে দেখছেন না। এতে কমিউনিটিতে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। নিজেকে ডেমোক্র্যাট দাবি করে দলীয় প্রার্থীর বিরুদ্ধে তার অবস্থান নৈতিকতারও স্খলন বলে অনেকে অভিমত ব্যক্ত করেছেন। জেবিবিএ'র সভাপতি হারুন ভূঁইয়া আজকালকে বলেন, নৈতিকভাবে সে আর আমাদের কমিটির সাধারণ সম্পাদক নেই। তার কর্মকান্ড বিতর্কিত। এদিকে অনেকে তার ব্যবসার অস্তিত্ব নিয়েও প্রশ্ন তুলেছেন। এমন একজন ব্যক্তি জেবিবিএ'র সাধারন সম্পাদক হন কিভাবে?






দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত



KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved

# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা - রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

## ভারত-পাকিস্তান যুদ্ধ বন্ধ করেছিলেন ট্রাম্প: কানাডা

৬২ পৃষ্ঠার পর

সফরসঙ্গীদের আতিথ্য দিয়েছিলেন। তখনই বলেছিলাম- আপনি একজন পরিবর্তনশীল প্রেসিডেন্ট। এরপর থেকে অর্থনীতিতে এক অভূতপূর্ব পরিবর্তন এসেছে, ন্যাটো জোট আরও দৃঢ় হয়েছে, ভারত-পাকিস্তানের শান্তি থেকে শুরু করে আজারবাইজান-আর্মেনিয়া পর্যন্ত সংঘাত প্রশমিত হয়েছে, ইরানের সন্ত্রাসী প্রভাব নিষ্ক্রিয় হয়েছে- এসবই গুরুত্বপূর্ণ অগ্রগতি। এ খবর দিয়েছে অনলাইন এনডিটিভি। ট্রাম্প দাবি করেছেন, তিনি গত মে মাসে ভারত-পাকিস্তান সামরিক উত্তেজনার সময় একটি সমঝোতা বা যুদ্ধবিরতি করিয়েছিলেন। তবে ভারত তা অস্বীকার করেছে। উল্লেখ্য, মার্চে ক্ষমতা গ্রহণের পর মার্ক কার্নির এটা দ্বিতীয় হোয়াইট হাউস সফর। সেখানে আগামী বছরের যুক্তরাষ্ট্র-মেক্সিকো-কানাডা বাণিজ্য চুক্তির (ইউএসএমসিএ) পর্যালোচনা নিয়ে আলোচনা হয়। তবে বৈঠক শেষে কোনও নির্দিষ্ট চুক্তি বা শুল্ক প্রত্যাহারের আশ্বাস পাওয়া যায়নি। বৈঠকের সময় ট্রাম্প রসিকতার ছলে আবার বলেন, কানাডাকে '৫১তম অঙ্গরাজ্য' হিসেবে যুক্ত করা যেতে পারে। এ প্রসঙ্গে হাসতে হাসতে কার্নি বলেন, আমি কিন্তু সে দিকে যাচ্ছিলাম না।

## বাংলা ফিল্ম ফেস্টিভালে জুরি নির্মাতা রানা মাসুদ

৬২ পৃষ্ঠার পর

রয়েছে- পারটেক্স, রুচি, আরসি কোলা, আড়ং মিল্ক, ইসলামি ব্যাংক, বাংলালিংক, প্রাণ-আরএফএল, এসএমসি, ইউনিলেভ, অ্যাকশন এইড প্রভৃতি। লন্ডন, সৃজনশীলতা এবং বাজার মনস্তত্ত্বের মিশেলে তৈরি তার প্রতিটি কাজই দর্শক ও পেশাজীবী মহলে ব্যাপক প্রশংসা কুড়িয়েছে। তিনি এন টিভির জন্য নির্মাণ করেছেন নারী উদ্যোক্তাদের অনুপ্রেরণামূলক ২৬ পর্বের জনপ্রিয় টকশো "জয়িতার জয়যাত্রা", যা দর্শকদের মধ্যে ব্যাপক আলোচনার জন্ম দেয়।

তার পরিচালনায় নির্মিত শর্টফিল্ম 'দ্য রেনিডেন্স (নিবাস)' ২০১৮ সালে সিলেট ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভালে শ্রেষ্ঠ চলচ্চিত্র হিসেবে পুরস্কৃত হয়। অন্যদিকে তার আরেক প্রশংসিত কাজ 'আতর' আন্তর্জাতিক চলচ্চিত্র অঙ্গনে সাড়া ফেলে পেয়েছে মরক্কোর "ওয়ালিদ মিরা ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল" এবং পিস ফিল্ম ফেস্টিভ্যাল ২০২৩-এ বেস্ট ডিরেক্টর ও বেস্ট স্ক্রিনপ্লে পুরস্কার। চলতি বছর তিনি অর্জন করেছেন টেলিভিশন রিপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ট্রাব) ২০২৫-এর শ্রেষ্ঠ চলচ্চিত্র পরিচালক পুরস্কার, যা তার দীর্ঘ শিল্পযাত্রার এক অনন্য স্বীকৃতি হিসেবে বিবেচিত হচ্ছে। মুক্তিযুদ্ধের ইতিহাস নিয়ে তার নির্মিত ডকুমেন্টারি 'সিলোনিয়ার যুদ্ধ 'দ্য ব্যাটেলস অব সিলোনিয়া' দেশ-বিদেশে প্রদর্শিত হয়ে প্রশংসিত হয়েছে। পাশাপাশি তিনি বাংলাদেশের অন্যতম প্রাচীন ও মর্যাদাপূর্ণ চলচ্চিত্র সংগঠন বাংলাদেশ শর্ট ফিল্ম ফোরাম-এর একজন গুরুত্বপূর্ণ সদস্য হিসেবে নিয়মিত কাজ করছেন। একই সঙ্গে বাংলাদেশ ফিল্ম ইনস্টিটিউটের শিক্ষক হিসেবে দীর্ঘদিন ধরে নতুন প্রজন্মের চলচ্চিত্র নির্মাতাদের হাতে-কলমে প্রশিক্ষণ দিয়ে যাচ্ছেন।

## বিয়ানীবাজার সমিতির নির্বাচনী প্যানেল পরিচিতি

৬২ পৃষ্ঠার পর

অনুষ্ঠিত হয় প্যানেল পরিচিতি। পরিচিতি অনুষ্ঠানে প্রার্থীরা নিজ নিজ পরিচয় তুলে ধরেন। শেষে সভাপতি পদ প্রার্থী মুমিনুর রহমান রুহেল ও সেক্রেটারি পদপ্রার্থী রেজাউল আলম অপু বক্তব্য রাখেন।

সভাপতি প্রার্থী মুমিনুর রহমান রুহেল বলেন, সভাপতি মাসুদুল হক হুজুর সাথে সেক্রেটারি থাকাকালীন নিউজানী মেমোরিয়াল কবর স্থানে ১১৩টি কবর ক্রয় করা হয়। মকবুল রহিম চুনই সভাপতির সাথে সেক্রেটারি থাকাকালীন বিয়ানীবাজার সমিতির ১০ঘর ঋণমুক্ত হয়েছে। অথচ ঋণমুক্ত হওয়ার দীর্ঘ দিন অতিবাহিত হলেও কেন বিয়ানীবাজার সমিতির ঘর ব্যক্তি মালিকানা থেকে সমিতির নামে করা হয়নি। রুহেল বলেন, তার প্যানেল নির্বাচিত হলে যে কোন উপায়ে সমিতির ঘর ব্যক্তি মালিকানা থেকে সমিতির নামে করা হবে। সেই সাথে বিয়ানীবাজার সেন্টার উপহার দেয়া হবে। ভোটারদের প্রতি আবেদন করে বলেন, ২৬ অক্টোবর একটা দিন আমাদেরকে সময় দিয়ে রুহেল-অপু প্যানেলকে ভোট প্রদান করে জয়যুক্ত করুন। আমরা আপনাদেরকে ২বছর সময় দিবো। রুহেল উপস্থিত সবাইকে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সমর্থন করার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। সেক্রেটারি পদপ্রার্থী রেজাউল আলম অপু বক্তব্যের শুরুতেই সমিতির জন্মলগ্ন থেকে অদ্যাবধি যারা কাজ করে সমিতিকে এপর্যায়ে নিয়ে এসেছেন তাদের মধ্যেই যারা লোকান্তরীত হয়েছেন তাদের রুহের মাগফেরাত কামনা করেন এবং যারা লোকালয়ে রয়েছেন তাদের দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করেন। অপু বলেন, বিগত দুই বছর আমরা অনেক প্রতিকূল অবস্থার মধ্যে সাধ্যমত কাজ করেছি। অনেক কাজ চেষ্টা করেছি করার জন্য। এবারের ভোটার নিবন্ধন প্রক্রিয়াকে বিয়ানীবাজার সমিতির ইতিহাসে স্বচ্ছ নিবন্ধন বলে উল্লেখ করেন।

## দুই গভর্নরকে জেলে পাঠাবার হুমকি ডোনাল্ড ট্রাম্পের

৬২ পৃষ্ঠার পর

গ্রেপ্তারের আহ্বান জানাচ্ছেন। পুর্ণাঙ্গ কর্তৃত্ববাদের পথে আর কী বাকি আছে?

হোয়াইট হাউসের মুখপাত্র অ্যাবিগেইল জ্যাকসনকে যখন জিজ্ঞাসা করা হয় যে রাষ্ট্রপতি বিশ্বাস করেন যে প্রিটজকার এবং জনসন কী অপরাধ করেছেন, তখন তিনি কাউকে সনাক্ত করতে ব্যর্থ হন, তবে তিনি বলেন যে তাদের "হাতে রক্ত লেগেছে" এবং শিকাগো পুলিশ বিভাগের প্রতিবেদনের দিকে ইঙ্গিত করেন যে সপ্তাহান্তে কমপক্ষে পাঁচজন নিহত এবং ২৫ জনকে গুলি করা হয়েছে।

জ্যাকসন বলেন, "অপরাধ বন্ধ করার জন্য পদক্ষেপ নেওয়ার পরিবর্তে, এই ট্রাম্প-বিপন্ন তাঁরা বরং সহিংসতা চালিয়ে যেতে দেবে এবং তাদের শহরকে আবার নিরাপদ করতে সাহায্য করতে চাওয়ার জন্য রাষ্ট্রপতিকে আক্রমণ করবে। টেক্সাস থেকে ন্যাশনাল গার্ড সৈন্যরা শিকাগোর বাইরে অবস্থান করছে, রাজ্য ও শহর কর্তৃক মোতায়েনের জন্য মামলা করা সত্ত্বেও।

## সিলেট এম সি কলেজ এলামনাই'র নির্বাচন কমিশন গঠিত

৬৪ পৃষ্ঠার পর

এসোসিয়েশন অব আমেরিকা ইনক এবং এলামনাই এসোসিয়েশন আজীবন সদস্য মহবুল হক চৌধুরীকে হেলালকে প্রধান নির্বাচন কমিশনার, আজীবন সদস্য জনাব তোফায়েল চৌধুরী এবং আজীবন সদস্য জনাব আসিফ এ চৌধুরীকে সদস্য করে ৩ সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করা হয়েছে। আগামী ৩ মাসের মধ্যে তারা পরবর্তী কার্যকরী পরিষদের নির্বাচনের আয়োজন করবেন।

## সিটি স্কুল বাস-ব্যবস্থাপনা কমিশনের চেয়ার বাংলাদেশি শামসুল হক

৬৪ পৃষ্ঠার পর

হককে। সিটির এডুকেশনাল পলিসি প্যানেলের চেয়ারম্যান গ্রেগ ফকনার ২ অক্টোবর এ নিয়োগ দিয়েছেন। শামসুল হক বাংলাদেশি আমেরিকান পুলিশ অ্যাসোসিয়েশন তথা বাপার প্রতিষ্ঠাতা ও সাবেক সভাপতি এবং নিউইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্টের অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট।

এ কমিশন স্কুল বাসের সেবা, স্কুল বোঝাবুঝি এবং শিক্ষার্থীদের আনা-নেওয়ার সমস্যা নিয়ে কাজ করবে এবং ডিপার্টমেন্ট অব এডুকেশন ও এডুকেশনাল পলিসি প্যানেলকে সুপারিশ প্রদান করবে।

নবনিযুক্ত কমিশনের চেয়ার শামসুল হক এ প্রসঙ্গে বলেন, "আমাদের লক্ষ্য হলো শিক্ষার্থীদের জন্য নিরাপদ, সময়মতো এবং নির্ভরযোগ্য পরিবহন নিশ্চিত করা"। উল্লেখ্য, নিউইয়র্ক সিটিতে পাবলিক স্কুলসমূহে ১০ হাজার বাস রয়েছে যারা বাড়ি থেকে শিক্ষার্থীকে বাসে উঠায় এবং ছুটির পর বাসায় নামিয়ে দিচ্ছে। শামসুল হক এর আগে নিউইয়র্ক সিটি ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজ কমিটির সদস্য ছিলেন, যিনি কলম্বিয়া বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স করেছেন।

## সোসাইটির ভবনের স্বপ্ন পূরণের পথে

৬৪ পৃষ্ঠার পর

ইসলাম ভুঁইয়া (রুমি), সাংগঠনিক সম্পাদক- মিটিক খান, সাংস্কৃতিক সম্পাদক- অলিক রাজ, জনসংযোগ ও প্রচার সম্পাদক- মিন্টু মোহাম্মদ, সাহিত্য সম্পাদক- মোহাম্মদ আখতার বাবুল, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক- আশ্রাব আলী খান লিটন, স্কুল ও শিক্ষা সম্পাদক- মোহাম্মদ হাসান (জিলানী), কার্যকরি সদস্য- হারুনুর রশিদ (চেয়ারম্যান), জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, মোহাম্মদ সিদ্দিক পাটোয়ারী, আবুল কাশেম চৌধুরী, মুনসুর আহমেদ ও হাছান খান।

বোর্ড অব ট্রাস্টি সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন কাজী আজহারুল হক মিলন, আজিজুর রহমান সোহেল, আনোয়ারুল আলম, আব্দুর রহিম হাওলাদার, ডাঃ মোঃ এনামুল হক, জুনেদ আহমেদ চৌধুরী, রুহুল ইসলাম সেলোয়ার, আহসান হাবিব এবং নাঈম টুটুল।

সভার শুরুতে সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোঃ আলী সংগঠনের আগামী দিনের পরিকল্পনা এবং বর্তমান বিভিন্ন বিষয় বোর্ড অব ট্রাস্টির সদস্যদের কাছে তুলে ধরেন। প্রথমে ৫০ বছর পূর্তি উদযাপনের প্রস্তুতি ও করণীয় নিয়ে আলোচনা হয়। এ সময় ৫০ বছর পূর্তি উদযাপনের আপডেট তুলে ধরেন সংগঠনের সিনিয়র সহ-সভাপতি এবং উদযাপন কমিটির আহবায়ক মোঃ মহিউদ্দিন দেওয়ান। এরপর একে একে বোর্ড অব ট্রাস্টির সদস্য ও কার্যকরী পরিষদের সদস্যরা এই বিষয়গুলোর উপরে তাদের মতামত ও পরামর্শ তুলে ধরেন।

এদিকে প্রথম যৌথ সভার সিদ্ধান্ত অনুযায়ী সোসাইটির জন্য একটি নতুন ভবন কেনার বিষয়ে যে সিদ্ধান্ত গৃহীত হয় তার অগ্রগতি বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান ও সভাপতি উপস্থিত সকলের কাছে তুলে ধরেন। এ সময় সাধারণ সম্পাদক বলেন জ্যামাইকার হিল সাইডের ১৮৯-১০ হিল সাইড এভিনিউ-এ ৪.৯ মিলিয়ন ডলারে ভবনটি ক্রয়ের প্রস্তাব দিলে মালিকপক্ষ তাতে সম্মতি প্রদান করে কন্ট্রাক্ট রেডি করেছে। এসময় তিনি কন্ট্রাক্ট সাইন করা না করার বিষয়ে উপস্থিত সকলের মতামত জানতে চান তখন সকলে কন্ট্রাক্ট সাইন করার পক্ষে তাদের মতামত দেন। সকলকে অবহিত করা হয় কন্ট্রাক্ট সাইন এর সাইনিং অ্যামাউন্ট প্রায় ২০০ হাজার ডলার সোসাইটির বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান শাহ নেওয়াজ প্রদান করবেন। এছাড়া ভবনের কন্ট্রাক্ট সাইন সম্পন্ন হলে বিশাল এই অর্থ জোগানের জন্য কমিউনিটির সকলের কাছে ফান্ড রাইজিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

## আসিফ আকবরকে সম্মাননা দিল 'ইমিগ্রান্টস ইন্টারন্যাশনাল'

৬২ পৃষ্ঠার পর

উপস্থিত ছিলেন সংগঠনের এক্সিকিউটিভ ডিরেক্টর তরিকুল ইসলাম মিঠু।

সম্মাননা প্রদানের সময় অ্যাটর্নি মঈন চৌধুরী বলেন, শিল্পী আসিফ আকবর হাজারো মানুষের হৃদয়ে স্থান করে নিয়েছেন। তাঁর গান শুধু বিনোদন নয়, এটি মানুষের মনে দেশপ্রেম, ভালোবাসা ও অনুপ্রেরণার সঞ্চার ঘটায়। আমরা বিশ্বাস করি, সংগীতের পাশাপাশি জাতির নেতৃত্বের ক্ষেত্রেও আসিফ ভবিষ্যতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন।

সম্মাননা পেয়ে কৃতজ্ঞতা প্রকাশ করে শিল্পী আসিফ আকবর বলেন, বিদেশের মাটিতে এমন ভালোবাসা ও স্বীকৃতি পাওয়া আমার জন্য এক বিরাট প্রাপ্তি। এই সম্মাননা আমার ভবিষ্যৎ কাজের অনুপ্রেরণা হয়ে থাকবে।

একই দিনে নিউ জার্সির ম্যানচেস্টার রিজিওনাল হাই স্কুলে অনুষ্ঠিত হয় আসিফ আকবরের বর্ণাঢ্য মেগা কনসার্ট। সেখানে উপস্থিত ছিলেন হাজারো প্রবাসী বাংলাদেশি। কনসার্টে জনপ্রিয় শিল্পী বাপ্পা মজুমদার, অদ্ভুত ব্যান্ড, আসিফ আকবর এবং আতিয়া আনিসা তাঁদের মনোমুগ্ধকর পরিবেশনায় দর্শকদের মাতিয়ে তোলেন।

আমেরিকা তথা নিউইয়র্ক এ একটি গর্বিত বাড়ির মালিক হতে চান?
আমরা স্বাচ্ছন্দ্য মুল্যে বাড়ি ক্রয় বিক্রয়ে নিশ্চয়তা দিয়ে থাকি।
REALTOR MLS
EQUAL HOUSING LENDER


KAZI N JALAL
Licensed Sale Agent
ARA REALTY SERVICES INC
A full Service Real Estate Brokerage of Professional Company
158-10 84th DriveJamaica, NY 11432
Email: realtornykazi@gmail.com
Office: 917-417-6766
Cell: 516-439-0156

ESTD 2017
Tribune Training Academy
Workplace Safety Training School
40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com

40-HR OSHA/SST: $400
Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:
- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

40-HR OSHA/SST: $400 [LIMITED TIME OFFER]
Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.

# পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক

## Bangladeshi Foot Specialist

## Dr. Sadi Alam



পায়ের কোন সমস্যায় ভুগছেন ?

নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন

ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।

**We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.**

Our Office Locations

01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Phone: 347-509-4470, Fax: (646) 845-1861

আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।

**Call for Appointment**

# CHAUDRI CPA P.C.

FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

Sarwar Chaudri, CPA, MBA



ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
সমস্যা সমাধানে অভিজ্ঞ

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

*Finance, Accounting, Tax Filing, Audit & Consulting*
*(Business & Not for Profit)*

**JACKSON HEIGHT OFFICE:**
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

**BRONX OFFICE:**
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

# রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

## আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন? আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।



আমরা Binghamton এ কাজ করে থাকি

**আমাদের কাজসমূহঃ**

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার পাম্বিলিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free ইস্টিমেট করা হয়ে থাকে

**যোগাযোগঃ**

**WOVENA CONSTRUCTION INC**
172-11, 93 Ave, Jamaica, NY 114333
**Phone: 347-822-9052, 716-828-6677**
wovenatexusa@gmail.com

# নবাব সিরাজউদ্দৌলা: বাংলা সিনেমার গৌরবময় ইতিহাস

আজকাল বিনোদন




'নবাব সিরাজউদ্দৌলা', ১৯৬৭ সালের মুক্তিপ্রাপ্ত একটি ঐতিহাসিক সিনেমা। বাংলা সিনেমার ইতিহাসেও একটি উল্লেখযোগ্য সংযোজন। অষ্টাদশ শতকের উত্তর মধ্যাহ্নকালে এ দেশের ললাটে পরাধীনতার চিহ্ন যখন উৎকীর্ণ, তখনকার ঘটনাবলির পটভূমিতেই সিরাজউদ্দৌলা প্রমূর্ত। এতে শুধু ব্যক্তি নয়, সামাজিক সমস্যাও বিধৃত। খান আতাউর রহমান পরিচালিত কালজয়ী এ সিনেমাটি আজও দর্শকহৃদয়ে অম্লান। বিস্তারিত রয়েছে এ প্রতিবেদনে।

গিরিশ ঘোষ কিংবা অক্ষয়কুমার মৈত্রেয় অথবা শচীন্দ্রনাথ সেনগুপ্ত-এই ত্রয়ী এমন এক সিরাজ চরিত্রের জন্ম দিয়েছেন, যিনি ইংরেজ ইতিহাসবেত্তা বর্ণিত লম্পট, দুরাচার আর অযোগ্য: নৃপতি নন, বরং অন্য কিছু। কিন্তু এ ত্রয়ীর লেখনীর পরও প্রয়োজন ছিল সিরাজ চরিত্রের মাত্রিকতা ফুটিয়ে তোলার। সিরাজউদ্দৌলা-চর্চাজনিত এমন শূন্যতার মাঝেই এলো খান আতাউর রহমানের 'নবাব সিরাজউদ্দৌলা'। যদিও এটি সিনেমারূপে এসেছে, তবে সিরাজউদ্দৌলা চর্চার অঙ্গ হিসাবেই। বাংলা, বিহার আর উড়িষ্যার শেষ স্বাধীন নবাব সিরাজউদ্দৌলার বিষাদময় জীবনটার মতো পরবর্তীকালের সিরাজউদ্দৌলা-চর্চার ইতিহাসটাও হতাশাপূর্ণ। ষড়যন্ত্র আর মিথ্যাচারের প্রেক্ষাপটে তরুণ সিরাজের জীবনটা যেমন শেষাবধি অবগাহন করেছিল ব্যর্থতার মধ্যে, ঠিক তেমনি পরবর্তীকালের সিরাজ-চর্চাও। জীবৎকালে তিনি যেমন কোনো স্বীকৃতি পাননি, তেমনি মরণের পরও।

খান আতাউর রহমানের 'নবাব সিরাজউদ্দৌলা' এ দেশের মানুষের কাছে অনেকদিনের চেনা। এটিকে উপনিবেশবাদবিরোধী, যা আজাদী আন্দোলনের স্মারক চিত্র-দলিলও বলে থাকেন সিনেমা বিশেষজ্ঞরা। এখানে সিরাজউদ্দৌলার উন্মেষ ও বিনাশ বিদেশি শক্তির বিরোধী এক অসহায় সেনানী রূপেই চিত্রিত। এতে এমন একটি চতুর্মাত্রিক চরিত্র উপস্থিত যিনি একইসঙ্গে নৃপতি, সংসারী, সেনানী এবং মানবিক। এ সিনেমায় খান আতাউর রহমান উপস্থিত হয়েছেন অনেক অদেখা এবং অচেনা প্রয়োগ কুশলতাজনিত পরিচয় নিয়ে।

প্রাচীন ইতিহাসগুলোতে নবাব সিরাজউদ্দৌলা যেভাবেই চিত্রিত হয়ে থাকুক না কেন, খান আতার সিরাজউদ্দৌলা এক শক্তিশালী ও বহুমুখী চরিত্র। কখনো তিনি বলশালী নৃপতি, কখনো ক্ষমাশীল, কখনোবা স্ববিরোধী, কখনো নিজস্ব মানুষের ওপর প্রত্যয়নিষ্ঠ। তথাপি শেষাবধি তিনি এমন এক মানুষ যিনি তার নিজের ভূমিকাকে ভালোবাসেন অন্তর দিয়ে: আর এতেই মৃত্যুকে সামনে দেখেও কোনো সমঝোতায় পৌঁছাতে পারেন না। সিরাজউদ্দৌলার মতো একটি শক্তিশালী চরিত্র

এরপর ২৮ পৃষ্ঠায়



## কন্নড় সিনেমায় নিষিদ্ধ রাশমিকা

আজকাল বিনোদন

সিনেমায় অভিনয় শুরু করেন কন্নড় ইন্ডাস্ট্রি থেকেই। অথচ সে কন্নড় সিনেমাতেই এবার নিষিদ্ধ হলেন ভারতীয় অভিনেত্রী রাশমিকা মন্দনা। সামাজিক যোগাযোগমাধ্যমে এমন গুঞ্জন ছড়িয়ে পড়লে নীরবতা ভেঙে এবার সে বিষয়ে সম্প্রতি সংবাদমাধ্যমে মুখ খুলেছেন অভিনেত্রী। ভারতীয় সংবাদমাধ্যম আনন্দবাজারের প্রতিবেদন থেকে জানা যায়, কন্নড় ছাড়াও

এরপর ৫৩ পৃষ্ঠায়





## শাহরুখের 'ডিডিএলজে' জাদুতে মুগ্ধ ব্রিটেনের প্রধানমন্ত্রী

আজকাল বিনোদন

বলিউড বাদশা শাহরুখ খানের ক্যারিয়ারে 'দিলওয়ালে দুলহানিয়া লে জায়েঙ্গে' একটি সেরা সিনেমা। এটিকে সবাই 'ডিডিএলজে'ও (ডিডিএলজে) বলে থাকেন। এ সিনেমার 'তুঝে দেখা তো ইয়ে জানা সনম' গানটি এখনও সবার মুখে মুখে। গানটির সুরে মুগ্ধ হয়েছেন ব্রিটেনের প্রধানমন্ত্রী কিয়ার স্টার্মারও। যশরাজ ফিল্মসের স্টুডিওর এ গান শুনে যে স্টার্মার রীতিমতো শাহরুখ জাদুতে আচ্ছন্ন হয়ে রয়েছেন, সেকথা তিনি নিজেই স্বীকার করেছেন। প্রথমবার ভারত সফরে এসেছেন ব্রিটেনের প্রধানমন্ত্রী কিয়ার স্টার্মার। বুধবার (৮ অক্টোবর) সকালের বিমানে মুম্বাইয়ে এসেছেন তিনি। আর বলিউডে পা রেখেই কড়া পুলিশি নিরাপত্তার মাঝে ছুটে গিয়েছেন যশরাজ ফিল্মসের স্টুডিওতে। তাকে স্বাগত জানাতে উপস্থিত ছিলেন সদ্য জাতীয় পুরস্কারপ্রাপ্ত অভিনেত্রী তথা যশরাজের বর্তমান কর্ণধার আদিত্য চোপড়াপত্নী রানি মুখোপাধ্যায়।

স্টারমারকে সারপ্রাইজ দেওয়ার জন্য বিশেষ আয়োজনও করা হয়েছিল রানি-আদিত্যর প্রযোজনা সংস্থার পক্ষ থেকে। জানা গেল, নব্বই দশকের ব্লকবাস্টার সিনেমা 'দিলওয়ালে দুলহানিয়া লে জায়েঙ্গে'র তিন দশক পূর্তি উপলক্ষে যশরাজ স্টুডিওর নিজস্ব থিয়েটারে সেই সিনেমাই দেখানো হয় ব্রিটেনের প্রধানমন্ত্রীকে। এমনকী তাকে স্বাগতও জানানো হয় এই সিনেমার গানের মাধ্যমেই। মন্ত্রমুগ্ধ হয়ে বলিউডের বিনোদন উপভোগ করার সুযোগ ছাড়েননি স্টার্মারও। প্রযোজনা সংস্থা ঘনিষ্ঠ সূত্র বলছে, স্টুডিওর 'ফিল্মি অন্দরসজ্জা'

এরপর ৫৩ পৃষ্ঠায়



## হতাশায় ডুবছেন বাঁধন

আজকাল বিনোদন

জনপ্রিয় অভিনেত্রী আজমেরী হক বাঁধন। সর্বশেষ তাকে দেখা গেছে 'এশা মার্ডার : কর্মফল' নামে একটি সিনেমায়। এতে তার অভিনয় বেশ প্রশংসিত হয়। প্রেক্ষাগৃহের পর এটি ওটিটিতেও মুক্তি পেয়েছে। এরপর আর কোনো কাজে তাকে দেখা যায়নি। সিনেমাটিতে কাজ করেছিলেন বছর তিনেক আগে। এরপর ক্যামেরার সামনে আর নেই। বলা যায়, কয়েকবছর ধরে অভিনয় থেকে দূরে রয়েছেন এ অভিনেত্রী। চব্বিশের আন্দোলনে সম্মুখযোদ্ধা হিসাবে রাজপথে থাকলেও, আন্দোলনপরবর্তী তিনিও ভুগছেন হতাশায়। কারণ, স্বৈরাচার হাসিনার বিদায়ের পর তিনি যেমন দেশ দেখতে চেয়েছিলেন সেটা অনেকাংশে পূরণ হয়নি। তাই সামাজিক যোগাযোগ মাধ্যমে সক্রিয় এ অভিনেত্রী হঠাৎ করেই উধাও হয়ে গেলেন। সবকিছু থেকেই নিজেকে গুটিয়ে নিয়েছেন। তবে মাঝে মাঝে সামাজিক মাধ্যমে দু-একটি পোস্ট তিনি করেন। যা নিয়ে চর্চাও হয়। নিজেকে নিয়ে কথা বলতেও দেখা যায়। সম্প্রতি 'সমাজ আর একজন অস্বস্তিকর নারী' শিরোনামে আরও একটি পোস্ট করেছেন বাঁধন। যেখানে লিখেছেন নিজের ব্যর্থতার গল্প। সেই ব্যর্থতায়ই তিনি খুঁজে পেয়েছেন নিজস্ব সাফল্যের সংজ্ঞা, এমনটাই বুঝাতে চেয়েছেন এ অভিনেত্রী। বাঁধন লিখেছেন, 'আমি এমন এক মেয়ে হতে চেয়েছিলাম, যে সবাইকে খুশি রাখে। যে অনুগত, বাধ্য, শান্তভাবে মানিয়ে নেয়। কিন্তু আমি ব্যর্থ হয়েছি। আমি সেই মানুষটা হতে পারিনি, যাকে সবাই দেখতে চেয়েছিল। কিন্তু ব্যর্থ হয়েছি।'

কেন নিজেকে ব্যর্থ দাবি করছেন? এ প্রসঙ্গে বাঁধন বলেন, 'আমার কথা অনেকের কাছে অস্বস্তিকর, আমার কাজ অনেকের সান্ত্বনার সীমা ভেঙে দেয়। আমি সহজ মানুষ নই, কিন্তু নির্মমও নই। আমি কাউকে আঘাত দিই না, অসম্মানও করি না, যদিও অনেকেই আমার প্রতি তা করে।' তিনি আরও বলেন, 'চল্লিশের পর (বয়স) এসে আমি নিজের

এরপর ২৮ পৃষ্ঠায়

## মা গুলতেকিন খানের পোস্টের পর মুখ খুললেন নুহাশ হুমায়ূন

আজকাল বিনোদন

প্রখ্যাত লেখক হুমায়ূন আহমেদকে বিয়ে করেছিলেন গুলতেকিন খান। কিন্তু কিশোরী বয়সে বিয়ের পর দাম্পত্য জীবনে সুখী হতে পারেননি। অতীত স্মৃতি মনে করে সে তিক্ত অভিজ্ঞতা ফেসবুকে শেয়ার করেছেন প্রাক্তন স্ত্রী গুলতেকিন।

শুক্রবার (৩ অক্টোবর) নিজের ফেসবুক পোস্টে হুমায়ূন আহমেদের সাথে বিবাহিত জীবনের অভিজ্ঞতা শেয়ার করে আফসোস করেন গুলতেকিন।

হুমায়ূন আহমেদকে নিয়ে গুলতেকিন খানের ফেসবুক পোস্ট ভাইরাল হওয়ার পর এবার মুখ খুললেন ছেলে নুহাশ হুমায়ূন। ফেসবুকে প্রতিক্রিয়ায় তিনি কার পক্ষ নিলেন তিনি, বাবা নাকি মায়ের?

শনিবার সন্ধ্যায় ফেসবুকে নুহাশ লেখেন, কোনো শিল্পী বা সৃষ্টিশীল মানুষকে তার কাজের জন্য ভালোবাসতে পারেন। একই সঙ্গে এটাও মানতে হবে যে, তার ব্যক্তিজীবনে ঝামেলা থাকতে পারে। বাস্তবতা হিসেবে দুটোই সত্য হতে পারে।

মানুষ জটিল এবং ভুলপ্রবণ (আপনার প্রিয় উপন্যাসের চরিত্রগুলোর মতো)। কেউ কেউ কোটি মানুষকে আনন্দ দেয়, অথচ খুব কাছের কাউকে কষ্ট দেয়। তার মানে এই নয় যে, যে কষ্ট পেলো সে চুপ থাকবে। এমনকি এও হতে পারে না যে, যে মরে গেছে তাকে অসম্মান করা হবে।

হুমায়ূন আহমেদের সঙ্গে সাংসারিক জীবনের একটি ঘটনা তুলে ধরে গত শুক্রবার ফেসবুকে একটি পোস্ট করেন গুলতেকিন খান। অল্প সময়ের মধ্যে ভাইরাল হয় তার সেই পোস্ট। অনেকেই তার পক্ষে অবস্থান নিয়ে হুমায়ূন আহমেদের প্রতি ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছেন। আবার কেউ কেউ মৃত ব্যক্তিকে নিয়ে এ ধরনের লেখা প্রকাশের জন্য ভর্ৎসনা করেছেন। দুই ধরনের প্রতিক্রিয়াই আহত করেছে তাদের ছেলে নুহাশকে।





NY INSURANCE
BROKEAGE INC.
NY I
NY INSURANCE BROKERAGE
TLC INSURANCE SPECIALIST
718 476-2025

NY CAR & LIMO
SERVICES INC
NY CAR & LIMO SERVICES INC. B02902
BLACK & GREEN CAR BASE
718 727 4444

BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730

DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR

First Time in NY

# COMMUNITY CONNECT

Scan to Register

Tuesday June 17th, 2025
5.00 PM - 7.30 PM

150 State Street 4 FL
Albany 12207 NY

Speakers



**The Next Bangladesh: Powered by its Global Citizens (NRBs)**
Quazi M. Ahmed
LLB, MBA (IBA), MA (Japan), IMP (NYU, USA), CISS (Norway)
Global Leadership Trainer & Coach
Founder & President, BOND
CEO, Global Center of Excellence, LLC

**Cybersecurity Awarness: Protecting Ourselves and Our Community**
Mahbub Rahman
IT Professional & Career Coach
Founder & CEO at Sustain Secure and The Triple Zero LLC



Refreshments will be served

Hosted by
MAJESTIC TOUCH

Organizing Partners
BOND · SUSTAIN SECURE · QUAZI consultants · GLOBAL · EAGLES BOOST · triplezero · CXO GLOBAL ALLIANCE · America TECH

## পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ

মানচিত্রে প্রকল্পের অবস্থান





যোগাযোগঃ ATM Salah Uddin, Cell: 929-462-2170, Md Mofizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372

PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005



EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu

Washington University of Science and Technology

Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection

Certified Training Institute by:

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.

Chandan Gupta
President
347-239-3408

Mostafezur Rahman
Vice President
646-361-0250

Authorized IRS e-file Provider

*One Stop Services*
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com

Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.

## আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন

Dream Cottage Realty Inc

আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যবস্থা করে থাকি।

শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়



Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com


Video & Photo
PRODUCTION
SERVICES
DFC
DREAM FRAME CREATIVE
• Brand Videos
• Event Coverage
• Product Demos
• Corporate Videos
• Video Editing
সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার? আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!
আমাদের সেবাসমূহ: ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন) কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট লাইভস্ট্রিমিং (Facebook, YouTube) ডকুমেন্টারি
ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও –সবকিছু এক ছাতার নিচে!
Phone
(646) 457-6732
(929) 498-0979
Website
www.dfcreative.org
Location
Jamaica, NY 11432


We Speak বাংলা, English, हिन्दी العربية
ALAM MEDICAL
লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।
Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician
আমাদের সেবাসমূহ :
• হেলথ চেকআপ।
• দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
• রোগ প্রতিষেধক টিকা প্রদান।
• শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
• নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।
আমাদের সাথে যোগাযোগ করুন
Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com


WIN ZONE Realty Inc.
WIN ZONE REALTY INC.
Licensed Real Estate Broker
Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
Hard Money Loan Available.
রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর
Somnath Ghosh ( SAM)
Licensed Real Estate Agent
Tel: ( Direct)
646-597-1760
Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com


মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem
MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.
Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি
★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
646-920-4799
আপনাদের সেবাই আমাদের লক্ষ্য
● ব্যক্তিগত পরামর্শ ● ইন্টারেষ্ট রেট কম ● ইনভেষ্টমেন্ট
● ফ্রি এপ্রোভাল ● ফাষ্ট ক্লোজিং ● দ্রুত এবং বিশ্বস্ত
139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain



# ডাইভারসিটি প্লাজায় ৪ দিনব্যাপী দুর্গা পূজা সম্পন্ন

৬২ পৃষ্ঠার পর

